



টেকসই উন্নয়ন অভ্যন্তরীণ (SDGs): উন্নয়ন অভিযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিভাগ

টেকসই উন্নয়ন অভ্যন্তরীণ (SDGs): উন্নয়ন অভিযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিভাগ

SUSTAINABLE DEVELOPMENT GOALS



LEAVE NO ONE BEHIND

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মে, ২০২১

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও
শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭
ফ্যাক্স: +৮৮-০২-৮১৮১৫৬৫, ই-মেইল: info@ictd.gov.bd

টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs): উন্নয়ন অভিযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিভাগ

SUSTAINABLE DEVELOPMENT GOALS



LEAVE NO ONE BEHIND

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মে, ২০২১

প্রধান পৃষ্ঠপোষক

জনাব জুনাইদ আহমেদ পলক এমপি

মাননীয় প্রতিমন্ত্রী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

সার্বিক তত্ত্বাবধান

জনাব এন এম জিয়াউল আলম পিএএ

সিনিয়র সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

প্রকাশক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ই-১৪ এন্ড, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা

www.ictd.gov.bd

কম্পোজ

ইসরাত অনামিকা (প্রশাসনিক কর্মকর্তা)

শারমিন খাতুন (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)

আন্তর্জাতিক বিষয় ও ঘটনাবলী সম্পর্কিত শাখা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

প্রকাশনা কমিটি

প্রকাশনা কমিটি	কমিটি	বিভাগ/দপ্তর/সংস্থা
বিকর্ণ কুমার ঘোষ, অতিরিক্ত সচিব	আহ্বায়ক	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
মোঃ আখতারুজ্জামান, যুগ্মসচিব	সদস্য	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ফারখান্দা জাবীন, ব্যবস্থাপনা পরিচালক	সদস্য	স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড
মোঃ মনির হোসেন, উপসচিব	সদস্য	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
রাজা মুহম্মদ আব্দুল হাই, উপসচিব	সদস্য	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সালমা সিদ্দিকা মাহতাব, উপসচিব	সদস্য	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
মোহাম্মদ লুৎফুর রহমান, উপসচিব, পরিচালক	সদস্য	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
মোঃ তবিরুর রহমান, উপসচিব	সদস্য	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কাজী আবেদা গুলশান, সহকারী নিয়ন্ত্রক	সদস্য	সিসিএ কার্যালয়
মোঃ গোলাম সারওয়ার, ম্যানেজার (অপারেশন)	সদস্য	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
ফারজানা ইয়াসমিন, সহকারী সচিব	সদস্য	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
মোঃ শফিক উদ্দীন ভুঁইয়া, রিসার্চ অফিসার	সদস্য	বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
মোছাঃ ফারজানা খান তমা, সহকারী পরিচালক	সদস্য	ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
মোঃ যাকী ফয়সাল, ন্যাশনাল কনসালটেন্ট	সদস্য	এটুআই
নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব	সদস্য সচিব	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

প্রচ্ছদ ও ডিজাইন: নাহিদ সুলতানা মল্লিক

মুদ্রণ:

adfair design & supply

Tell: 01713014933, 9553163, 7117897

www.adfairbd.com

প্রকাশকাল: মে, ২০২১



টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDG): উন্নয়ন অভিযাত্রা



স্বাধীনতার মহানায়ক

“ সরকারি কর্মচারীদের জনগণের সাথে মিশে যেতে হবে।
তঁারা জনগণের খাদেম, সেবক, ভাই।
তঁারা জনগণের বাপ, জনগণের ভাই, জনগণের সন্তান।
তঁাদের এই মনোভাব নিয়ে কাজ করতে হবে। ”

-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



“ আমাদের লক্ষ্য স্ব-নির্ভরতা। আন্তর্জাতিক সহযোগিতা, সম্পদ ও প্রযুক্তিবিদ্যার শরিকানা মানুষের দুঃখ-দুর্দশা হ্রাস করিবে এবং আমাদের কর্মকাণ্ডকেও সহজতর করিবে, ইহাতে কোনো সন্দেহ নাই। নতুন বিশ্বের অভ্যুদয় ঘটিতেছে। আমাদের নিজেদের শক্তির উপর আমাদের বিশ্বাস রাখিতে হইবে। ”

—বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



বাণী



প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৮ ভাদ্র ১৪২৭

০২ সেপ্টেম্বর ২০২০

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন বিষয়ে একটি প্রকাশনা বের করছে জেনে আমি আনন্দিত। দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে আওয়ামী লীগ সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পর একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে চেয়েছিলেন। ১৯৭৪ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে দেওয়া ভাষণে তিনি বিশ্ব দরবারে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত পৃথিবী গড়তে, বিশ্বশান্তি প্রতিষ্ঠায় এবং মানব কল্যাণে সকলকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা তাঁর সেই আহ্বানের একটি পরিপূর্ণরূপ।


বৈশ্বিক পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট প্রণয়নের ক্ষেত্রে বাংলাদেশ শুরু থেকেই অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ এমডিজি অর্জনের মতো, এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রেও সফল ও অগ্রগামী দেশ হবে; এ লক্ষ্য নিয়েই সরকার কাজ করে যাচ্ছে। এসডিজিকে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সংযুক্তিকরণ, এসডিজি অর্জনের লক্ষ্যে মন্ত্রণালয় ভিত্তিক কর্ম-দায়িত্ব বণ্টন তথা এমডিজি ম্যাপিং জাতীয় সমন্বয়ক নিয়োগ এবং এসডিজি ট্র্যাকিং সৃষ্টি-এরই অন্যতম প্রতিফলন।

বাংলাদেশ আওয়ামী লীগ ২০০৯ সালের সরকার গঠনের পর থেকে ডিজিটাল বাংলাদেশ গড়ে তুলতে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। এ লক্ষ্যে কানেক্টিভিটি ও আইসিটি অবকাঠামো গড়ে তোলা, মানব সম্পদ উন্নয়ন, ই-গভর্নেন্স এবং আইসিটি শিল্পের উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হচ্ছে। ইন্টারনেটের ব্যান্ডউইথের দাম কমানো হয়েছে। দ্বিতীয় সাবমেরিন কেবলের সংযোগ এবং বেসরকারি খাতে ৬টি টেরেস্ট্রিয়াল কেবলের সুবিধা দেয়া হয়েছে। ফলে ইন্টারনেটের বহুবিধ ব্যবহার সহজলভ্য হয়েছে এবং ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এতে ডিজিটাল ডিভাইড হ্রাস করার পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন সহজ হবে। তথ্যপ্রযুক্তি খাতে অর্জন ও সাফল্য আন্তর্জাতিক অঙ্গনে আমাদের জন্য সম্মান বয়ে এনেছে। তথ্যপ্রযুক্তি শিল্পের প্রসার এবং উদ্ভাবনী ধারণা কাজে লাগাতে আমরা বিশেষ উদ্যোগ গ্রহণ করেছি এবং বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রেখেছি।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নকে ত্বরান্বিত করতে সুনির্দিষ্ট কর্ম-পরিকল্পনা প্রস্তুত এবং তা বাস্তবায়নের রোডম্যাপ প্রণয়ন ও চ্যালেঞ্জসমূহ উত্তরণে কর্ম-পরিকল্পনা প্রকাশের এ প্রয়াস নিঃসন্দেহে প্রশংসনীয়। এতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে বলে আমার দৃঢ় বিশ্বাস। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সফল প্রয়োগের মাধ্যমে বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তুলতে আমরা সক্ষম হব ইনশাআল্লাহ।

আমি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন বিষয়ক প্রকাশনার সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক


(শেখ হাসিনা)



প্রতিমন্ত্রী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক Sustainable Development Goals (SDG) বাস্তবায়ন বিষয়ক একটি প্রকাশনা প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। ডিজিটাল বাংলাদেশে SDG অর্জনে তথ্যপ্রযুক্তির ভূমিকা অপরিসীম। তথ্যপ্রযুক্তির পদচারণা এখন পৃথিবীর সকল উন্নয়ন কার্যক্রমে ছড়িয়ে পড়েছে। বাংলাদেশ আওয়ামী লীগ সরকার তার নির্বাচনী ইশতেহারে এসডিজি বাস্তবায়নকে অগ্রাধিকার প্রদান করেছে। এ ইশতেহারের ৩টি বাতিঘর এসডিজি অর্জনকে সহজতর করবে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে এবং প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ এর পরামর্শে SDG অর্জনের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে চলেছে।


ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের একটি গুরুত্বপূর্ণ পরিপূরক হচ্ছে SDG অর্জন। তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ২০২১ সালের মধ্যে একটি প্রযুক্তি নির্ভর মধ্যম আয়ের দেশ গড়ে তোলাই হলো ডিজিটাল বাংলাদেশের মূল উপজীব্য বিষয়। এ লক্ষ্যে সারা দেশে দ্রুত গতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ Info Sarker Phase-3 ও দুর্গম এলাকায় তথ্য-প্রযুক্তি নেটওয়ার্ক স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) শীর্ষক প্রকল্পসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে। ইতোমধ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসসমূহকে একীভূত নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। ডিজিটাল ডিভাইড দূর করার জন্য ইউনিয়ন পর্যায়ে দ্রুত গতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।

আইটি জ্ঞান সম্পন্ন দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে সারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৪১৭৩টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে এবং আরও ৫০০০ শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। আইসিটি শিল্প বিস্তার, বিদেশি বিনিয়োগ, কর্মসংস্থান সৃষ্টি ও মেধানির্ভর জাতি গঠনের লক্ষ্যে সারাদেশে ২৮টি হাই-টেক পার্ক ও ৬৪টি জেলায় ৬৪টি শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার নির্মাণের কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে প্রয়োজনীয় আইন/বিধি/প্রবিধি প্রণয়ন করা হচ্ছে। আইটি খাতে দক্ষ মানব সম্পদ গড়ে তোলার জন্য এ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Learning and Earning Development Project, মোবাইল গেইম ও এপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রকল্প, লিভারজিং আইসিটি ফর এমপ্লয়মেন্ট এন্ড গ্রোথ অফ দ্য আইটি-আইটিইএস ইন্ডাস্ট্রি প্রকল্প, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার (১ম সংশোধিত) প্রকল্প ও জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২টি জেলায়) শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশ ও বিদেশে বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। উদ্ভাবনী প্রসার এবং প্রযুক্তিভিত্তিক উদ্যোক্তা বিকাশের লক্ষ্যে “উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ (iDEA) প্রকল্প” ও তার “স্টার্টআপ বাংলাদেশ” সরকারি খাতে এক্সিলারেটর ও ভেঞ্চার ক্যাপিটালের প্রবর্তন করা হয়েছে। SDG অর্জনের জন্য তথ্য উপাত্ত বিশ্লেষণ করে প্রাধিকারের ভিত্তিতে এ বিভাগ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে।

আমি বিশ্বাস করি Sustainable Development Goals (SDG) বাস্তবায়ন বিষয়ক এ প্রকাশনা থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আগামী দিনের কর্ম-পরিকল্পনা সম্পর্কে সকলে অবহিত হবেন। আমি এ উদ্যোগকে স্বাগত জানাই এবং প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাই।

“মুজিববর্ষে আমাদের অঙ্গীকার
প্রযুক্তি এগিয়ে যাওয়ার হাতিয়ার”

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক


(জুনাইদ আহমেদ পলাক, এমপি)
প্রতিমন্ত্রী



জুয়েনা আজিজ

মুখ্য সমন্বয়ক (এসডিজি)

প্রধানমন্ত্রীর কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর প্রাক্কালে মহান মুক্তিযুদ্ধের চেতনাকে সম্মুখ রেখে বাংলাদেশকে একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বৈষম্যহীন সোনার বাংলা রূপে প্রতিষ্ঠার প্রয়াসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দেশ এগিয়ে চলছে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে বর্তমান সরকারের নেওয়া অতীষ্ট লক্ষ্যগুলো হলো: ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অতীষ্ট (এসডিজি) অর্জন, ২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ ও ২০৪১ সালে বাংলাদেশকে একটি উন্নত সমৃদ্ধ রাষ্ট্র হিসেবে গড়ে তোলা।

সহস্রাব্দ উন্নয়ন অতীষ্ট (এমডিজি) ও রূপকল্প ২০২১ সফলভাবে অর্জিত হওয়ার মধ্য দিয়ে বাংলাদেশ ইতোমধ্যে অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে ব্যাপক সাফল্য অর্জন করেছে। তারই ধারাবাহিকতায় 'টেকসই উন্নয়ন অতীষ্ট ২০৩০' এবং 'রূপকল্প ২০৪১' বাস্তবায়নে আমরা বদ্ধপরিকর।

আমরা জানি এসডিজিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)-কে অত্যন্ত গুরুত্বপূর্ণ লক্ষ্যমাত্রা হিসেবে বিভিন্ন অতীষ্টে চিহ্নিত করা হয়েছে। বিশ্লেষণে দেখা যায় যে, এসডিজি'র সকল অতীষ্ট বাস্তবায়নেও আইসিটি খাত একটি অন্যতম নিয়ামক হিসেবে কাজ করতে পারে। বিষয়টি বিবেচনায় নিয়ে বাংলাদেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দেশব্যাপী গুরুত্বপূর্ণ প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করে চলছে। আমি জেনে অত্যন্ত আনন্দিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন কর্মকাণ্ডকে এসডিজি'র লক্ষ্যমাত্রার সাথে সমন্বয় করে ইতোমধ্যে যে সাফল্য পেয়েছে ও এসডিজি বাস্তবায়নে আগামী দিনের পথ নির্দেশনা প্রকাশ করেছে। আমি আশা করি ভবিষ্যতে যথাযথ প্রকল্প প্রণয়নে এটি সহায়ক হবে। এ প্রকাশনার সাথে জড়িত সংশ্লিষ্ট সবাইকে আমি আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

আমার দৃঢ় বিশ্বাস 'টেকসই উন্নয়ন অতীষ্ট ২০৩০' এবং 'রূপকল্প ২০৪১' বাস্তবায়নে তথা উন্নত, সমৃদ্ধ সোনার বাংলা বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আরও প্রত্যয়ী হবে এবং এ প্রকাশনা হবে তারই পথ নির্দেশক। আশা করি আইসিটি বিভাগের আলোচ্য পথ পরিক্রমা অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট হবেন।

সকলকে মুজিববর্ষের শুভেচ্ছা।


(জুয়েনা আজিজ)



এন এম জিয়াউল আলম পিএএ
সিনিয়র সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

বাণী

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলার স্বপ্ন দেখেছিলেন যার আধুনিক রূপ আজকের ডিজিটাল বাংলাদেশ। জাতির পিতার সূচিত পথ ধরে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দক্ষ ও দূরদর্শী নেতৃত্বে বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১-এর অবিচ্ছেদ্য অংশ ডিজিটাল বাংলাদেশ। তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞ ডিজিটাল বাংলাদেশের আর্কিটেক্ট মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদের সুযোগ্য পৃষ্ঠপোষকতা ও সমায়োপযোগী দিক-নির্দেশনায় এক সম্ভাবনাময় বাংলাদেশ বিনির্মাণে আমরা কাজ করে যাচ্ছি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি-এর সঠিক নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ৪টি মূল স্তম্ভ-অবকাঠামো প্রতিষ্ঠা, মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্নেন্স এবং তথ্য-প্রযুক্তি শিল্পের বিকাশকে কেন্দ্র করে আর্ভিত হচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম।

‘রূপকল্প ২০২১’ এর লক্ষ্য পূরণে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমান বিশ্বে উন্নয়ন ও সমৃদ্ধির ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার অপরিহার্য। তথ্য-প্রযুক্তির বহুবিধ ব্যবহারের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে Sustainable Development Goals (SDG) অর্জন এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত ও সমৃদ্ধিশালী বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে এ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং প্রেক্ষিত পরিকল্পনার লক্ষ্যমাত্রাগুলোকে সমন্বয় করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রকল্প/কর্মসূচি গ্রহণ করছে। প্রণয়ন করা হচ্ছে যুগোপযোগী আইন/নীতিমালা/বিধি/প্রবিধি ইত্যাদি। SDG-এর অধিকাংশ লক্ষ্য মাত্রা আমাদের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রতিফলিত হয়েছে। এছাড়া উক্ত পরিকল্পনার সাথে সমন্বয় করে প্রত্যেকটি বিভাগ/মন্ত্রণালয়ের কার্যক্রমের পথনকশা প্রণয়ন করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সে পথনকশা অনুযায়ী সম্ভাব্যতা যাচাই করে প্রয়োজন অনুসারে প্রকল্প/কর্মসূচি গ্রহণ করছে। এ বিভাগ SDG অর্জনের জন্য সরকারি ও বেসরকারি খাত এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় কাজ করে যাচ্ছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা, ডাটা গ্যাপ বিশ্লেষণ, অর্থায়ন কৌশল এবং SDG বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ ও মূল্যায়নের উপর গুরুত্ব প্রদান করা হয়েছে। এখন সময় নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের মাধ্যমে বৈষম্যহীন উন্নয়নের দিকে এগিয়ে যাওয়া। এভাবেই মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘোষিত রূপকল্প ২০২১ ও ২০৪১ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্নের সোনার বাংলার বাস্তবায়ন সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

এ প্রকাশনা থেকে SDG বাস্তবায়ন বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম সম্পর্কে সকলে একটি স্বচ্ছ ধারণা পাবেন বলে আশা করি। এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।



(এন এম জিয়াউল আলম)



মুখবন্ধ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে SDGs বাস্তবায়নের অগ্রযাত্রার উপর ভিত্তি করে “টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) উন্নয়ন অভিযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিভাগ” শীর্ষক প্রকাশনাটি হতে যাচ্ছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম, কর্ম-পরিকল্পনা এবং অ্যাকশন প্ল্যান সম্পর্কে সকলকে অবহিত করার জন্য একটি প্রকাশনা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এ প্রকাশনাটি ৯টি অধ্যায়ে বিভক্ত। **১ম অধ্যায়ে** রয়েছে ভূমিকা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পরিচিতি ও কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি। **২য় অধ্যায়ে** রয়েছে আন্তর্জাতিক স্বীকৃতি ও পুরস্কারসমূহ। **৩য় অধ্যায়ে** বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর ১০০+ কৌশল তুলে ধরা হয়েছে। **৪র্থ অধ্যায়ে** রয়েছে টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ ও ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের চার স্তম্ভ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা। **৫ম অধ্যায়ে** টেকসই উন্নয়ন অভীষ্টের ৫টি পিলার; ডিজিটাল বাংলাদেশের ৪টি পিলারের আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রমের অগ্রগতি ও ২০৩০ সাল নাগাদ গৃহীত কর্মপরিকল্পনা; লিড, কো-লিড ও এসোসিয়েট বিভাগ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম তুলে ধরা হয়েছে। **৬ষ্ঠ অধ্যায়ে** বিভিন্ন দেশের সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্বাক্ষরিত Memorandum of Understanding (MoU) এবং হালনাগাদ তথ্যাদিসহ অগ্রগতি প্রতিবেদন সন্নিবেশ করা হয়েছে। **৭ম অধ্যায়ে** GED Mapping (২০১৬) অনুযায়ী আইসিটি অ্যাকশন প্ল্যান সংযুক্ত করা হয়েছে। **৮ম অধ্যায়ে** করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রেক্ষাপটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ তুলে ধরা হয়েছে এবং সর্বশেষ **৯ম অধ্যায়ের** উপসংহারে এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিবন্ধকতাসমূহ (Challenges) ও এ থেকে উত্তরণের উপায়সমূহ (Way Forward) খুঁজে বের করার চেষ্টা করা হয়েছে।

এ প্রকাশনাটি সফলতার মুখ দেখার পিছনে মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর সানুগ্রহ অনুমোদন ও উৎসাহ আমাদেরকে অনুপ্রাণিত করেছে। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। সর্বশেষ, বিভাগের সিনিয়র সচিব মহোদয় সার্বক্ষণিক তাঁর পর্যবেক্ষণ, পরামর্শ ও উপদেশ দিয়ে আমাদেরকে সহযোগিতা এবং এ প্রকাশনাটিকে সমৃদ্ধ করেছেন। সিনিয়র সচিব মহোদয়ের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি।

এ প্রকাশনাটির উদ্যোগ এ বিভাগের উপসচিব সালমা সিদ্দিকা মাহতাব ও উপসচিব মোঃ সাবেত আলী কর্তৃক গৃহীত হয়। এজন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। পরবর্তীতে অনিবার্য কারণবশত: প্রকাশনাটির কার্যক্রম কিছুটা বিলম্বিত হলেও নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব (আন্তর্জাতিক বিষয় ও ঘটনাবলি সম্পর্কিত শাখা) এ উদ্যোগটির হাল ধরেন। তিনি তার মেধা, নিরলস শ্রম ও অতিরিক্ত সময় দিয়ে প্রকাশনার কাজটি দ্রুততার সাথে এগিয়ে নিয়ে গেছেন। সেজন্য আমি তাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এছাড়াও এ প্রকাশনাটির জন্য গঠিত কমিটির সকল সদস্য তাদের অক্লান্ত শ্রম, পরামর্শ, তথ্য ও উপাত্ত দিয়ে সহযোগিতা করেছেন। সকলকে আমি আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

সর্বোপরি, এ প্রকাশনাটি সাফল্যের মুখ দেখার পেছনে সংশ্লিষ্ট সকলকে আবারও অভিনন্দন এবং এ ধরনের উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে সেই আশাবাদ ব্যক্ত করছি।

বিকর্ণ কুমার ঘোষ
অতিরিক্ত সচিব ও
আহ্বায়ক,

এসডিজি প্রকাশনা কমিটি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

সূচিপত্র

বাণী, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	৭
বাণী, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	৯
বাণী, মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়	১১
বাণী, সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	১৩
মুখবন্ধ	১৫

১. প্রথম অধ্যায়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কার্যাবলি ১৯-৩৩

১.১ ভূমিকা	২০
১.২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	২১
১.৩ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর	২২
১.৪ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ	২৩
১.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	২৪
১.৬ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি	২৬
১.৭ কন্ট্রোলার অফ সার্টিফাইং অথরিটি	২৭
১.৮ এসপায়ার টু ইনোভেট (a2i)	২৮
১.৯ বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড	২৯
১.১০ স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড	৩০

২. দ্বিতীয় অধ্যায়: আন্তর্জাতিক স্বীকৃতি ও পুরস্কারসমূহ ৩৫-৪১

২.১ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ কার্যক্রমের আন্তর্জাতিক স্বীকৃতি ও পুরস্কারসমূহ	৩৬
--	----

৩. তৃতীয় অধ্যায়: বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন আইসিটি বিভাগের ১০০+ কৌশল ৪৩-৫০


৩.১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ 'মুজিববর্ষ' উপলক্ষে আইসিটি বিভাগের কার্যক্রম (১০০+ কৌশল)	৪৮
--	----

৪. চতুর্থ অধ্যায়: টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ ও ডিজিটাল বাংলাদেশ ৫১-৯৪

৪.১ Historical Background of SDGs	৫২
৪.২ Paradigm shift from MDGs to SDGs	৫৪
৪.৩ SDG Results Tracking Through SDG Tracker	৫৫
৪.৪ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) এসডিজির লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্তকরণ	৫৭
৪.৫ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) অর্জনের চার বছর	৫৮
৪.৬ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ- ৯ ও ১৭	৫৯
৪.৭ মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ও ডিজিটাল বাংলাদেশ	৬২
৪.৮ ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের চার স্তর অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম	৬৪
৪.৮.১ কানেস্টিভিটি ও অবকাঠামো উন্নয়ন	৬৫

৪.৮.২ মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ	৬৮
৪.৮.৩ ই-গভর্নেন্স	৮৩
৪.৮.৪ আইসিটি শিল্পের বিকাশ বা ইভাস্টি প্রমোশন	৮৬
৫. পঞ্চম অধ্যায়: টেকসই উন্নয়ন অভীষ্ট-এর আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অর্জন ও লক্ষ্যমাত্রা	৯৫-১৮৩
৫.১ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) ও পথনকশা	৯৬
৫.২ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs)-এর পাঁচটি Theme/Pillar	৯৭
৫.৩ টেকসই উন্নয়ন অভীষ্ট এবং বাংলাদেশ	৯৭
৫.৪ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের লক্ষ্যমাত্রা	৯৮
৫.৫ SDG-এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিভাগ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা (২০৩০ সাল পর্যন্ত)	১০১
৫.৫.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর	১০১
৫.৫.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	১১১
৫.৫.৩ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ	১৩০
৫.৫.৪ কন্ট্রোলার অফ সার্টিফায়িং অথরিটি	১৩২
৫.৫.৫ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি	১৩৬
৫.৫.৬ এসপায়ার টু ইনোভেট (a2i)	১৪০
৫.৫.৭ স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড	১৪৫
৫.৫.৮ বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড	১৪৭
৫.৬ SDG Implementation Review (Upto September 2020) according to GED Guideline	১৪৯
৫.৭ Lead Targets for ICT Division	১৫০
৫.৮ Co-Lead Target for ICT Division	১৫৭
৫.৯ এসোসিয়েটে বিভাগ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম	১৬৭
৫.১০ Best Practices/Innovative Cases of Information and Communication Technology Division	১৭১
৬. ষষ্ঠ অধ্যায়: টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ বাস্তবায়নে আন্তর্জাতিক সহযোগিতা	১৮৫-১৯৪
৬.১ MoUs with different countries	১৮৭
৬.২ Inputs for the 47th Session of the Council of Foreign Ministers held in the Republic of Niger, dated 27-28 November, 2020	১৯০
৭. সপ্তম অধ্যায়: GED Mapping and 8th FYP 2021-2025	১৯৫-২৪৮
৭.১ SDG Action Plan of ICTD (2016)	১৯৬
৭.২ 8th Five Year Plan 2021-2025: Acts, Guidelines, Rules and Policies by ICT Division	২১৩

৮. অষ্টম অধ্যায়: কোভিড-১৯ মোকাবেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা ও অর্জন	২৪৯-২৬০
৮.১ পোস্ট কোভিড-১৯ জাতীয় আইসিটি রোডম্যাপ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ	২৫২
৮.১.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বিজনেস কন্টিনিউটি প্ল্যান	২৫২
৮.১.২ পোস্ট কোভিড-১৯ জাতীয় আইসিটি রোডম্যাপ	২৫২
৯. নবম অধ্যায়: উপসংহার	২৬১-২৬৪
৯.১ প্রতিবন্ধকতাসমূহ/ Challenges	২৬২
৯.২ উত্তরণের উপায়সমূহ /Way Forward	২৬৩
পরিশিষ্টসমূহ:	২৬৫-২৮৭
পরিশিষ্ট-ক আদ্যাক্ষর শব্দাবলী	২৬৫
পরিশিষ্ট-খ চলমান প্রকল্পসমূহ ও ভবিষ্যৎ প্রকল্পসমূহ	২৬৭
পরিশিষ্ট-গ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে প্রণীত আইন, বিধিমালা ও নির্দেশিকার তালিকা	২৭১
পরিশিষ্ট-ঘ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)/ ১ম স্থান অর্জন (২০১৯-২০২০ অর্থবছরে)	২৭৩
পরিশিষ্ট-ঙ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ইভেন্ট বিষয়ক ক্যালেন্ডার জুলাই ২০১৯- ডিসেম্বর ২০২১	২৮৪
পরিশিষ্ট-চ তথ্যপঞ্জি/ Bibliography	২৮৬



অধ্যায়-১

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও
অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কার্যাবলি



অধ্যায়-১

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কার্যাবলি

১.১ ভূমিকা

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দীর্ঘ সংগ্রাম ও ত্যাগের ফসল আজকের বাংলাদেশ। একটি স্বাধীন-সার্বভৌম দেশ প্রতিষ্ঠা করেই বঙ্গবন্ধুর কাজ শেষ হয়ে যায়নি। স্বনির্ভরতা অর্জনের মাধ্যমে সকল শ্রেণি-পেশার মানুষের দুঃখ-দুর্দশা দূর করে তিনি তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়তে চেয়েছিলেন। স্বাধীনতা পরবর্তী সময়ে বঙ্গবন্ধু সরকারের গৃহীত নানামুখী দূরদর্শী উদ্যোগ ও প্রয়াস লক্ষ্য করলে বিষয়টি খুব সহজে অনুধাবন করা যায়।

বঙ্গবন্ধুর হাত ধরেই রচিত হয় একটি আধুনিক, বিজ্ঞানমনস্ক, প্রযুক্তি-নির্ভর বাংলাদেশের ভিত্তি। তিনি অনুধাবন করেছিলেন দেশের সামগ্রিক উন্নয়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হতে পারে সবচেয়ে বড় অনুঘটক। বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলাদেশ ১৯৭৩ সালের ৫ সেপ্টেম্বর ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) সদস্যপদ লাভ করে। বঙ্গবন্ধু ১৯৭৫ সালের ১৪ জুন বেতবুনিয়া উপগ্রহ ভূ-কেন্দ্র উদ্বোধন করেন। পারস্পরিক সহযোগিতা ও প্রযুক্তিনির্ভর উন্নয়ন বিষয়ে বঙ্গবন্ধুর দূরদর্শিতা বোঝা যায় ১৯৭৪ সালে ২৫ সেপ্টেম্বর জাতিসংঘে দেয়া তাঁর সেই ঐতিহাসিক বাংলা ভাষণ থেকে। তিনি বলেছিলেন, “আমাদের লক্ষ্য স্ব-নির্ভরতা। আন্তর্জাতিক সহযোগিতা, সম্পদ ও প্রযুক্তিবিদ্যার শরিকানা মানুষের দুঃখ-দুর্দশা হ্রাস করিবে এবং আমাদের কর্মকাণ্ডকেও সহজতর করিবে, ইহাতে কোনো সন্দেহ নাই। নতুন বিশ্বের অভ্যুদয় ঘটিতেছে। আমাদের নিজেদের শক্তির উপর আমাদের বিশ্বাস রাখিতে হইবে।”

এরই ধারাবাহিকতায় ২০০৮ সালের ১২ ডিসেম্বর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে একটি সুখী, সমৃদ্ধ ও জ্ঞানভিত্তিক ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে ঘোষণা করেন রূপকল্প-২০২১। তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে সকল শ্রেণিপেশার মানুষের জীবনমান উন্নয়নের জন্য এটি ছিল একটি পরিপূর্ণ সনদ। ডিজিটাল বাংলাদেশ আসলে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলার আধুনিক রূপ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প “ডিজিটাল বাংলাদেশ” বাস্তবায়নে সামনে থেকে নেতৃত্ব দিচ্ছেন তাঁর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ। বর্তমানে দৈনন্দিন জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রে দেশের মানুষ ডিজিটাল বাংলাদেশ এর সুফল ভোগ করছে। কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, শিল্প, ব্যবসা-বাণিজ্য, দক্ষতা, কর্মসংস্থান, উদ্ভাবন ইত্যাদি প্রতিটি সেক্টরেই আজ ব্যবহৃত হচ্ছে তথ্যপ্রযুক্তি-নির্ভর সমাধান।

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালের মধ্যে টেকসই লক্ষ্যমাত্রা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এ বিভাগ বিভিন্ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করছে এবং প্রয়োজনীয় আইন, নীতিমালা, কৌশলপত্র ইত্যাদি প্রণয়ন করছে। এ বিভাগের কার্যক্রম আবির্ভূত হচ্ছে ৪টি স্তরকে ঘিরে- কানেক্টিভিটি, ই-গভর্নেন্স, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) শিল্পের উন্নয়ন। মাননীয় প্রধানমন্ত্রীর পরামর্শে, মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিষয়ক মাননীয় উপদেষ্টার নির্দেশনায় এবং মাননীয় প্রতিমন্ত্রী ও সিনিয়র সচিব মহোদয়-এর নেতৃত্বে এ বিভাগ নিজেদের প্রয়োজনীয়তার নিরিখে এবং প্রেক্ষাপট বিবেচনা করে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে। এছাড়া, একাদশ জাতীয় সংসদ নির্বাচনী ইশতেহারে উল্লেখিত তিনটি বাতিঘর- “আমার গ্রাম আমার শহর”, “তারুণ্যের শক্তি”, “সুশাসন” -এর আলায়ে সারাদেশকে আলোকিত করার কার্যক্রমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সক্রিয় অংশগ্রহণ রয়েছে। ইতোমধ্যে সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রণীত কাঠামো অনুযায়ী এ বিভাগের অ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হয়েছে। এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ তাদের নিজ নিজ অ্যাকশন প্ল্যান ও ম্যাপিং প্রস্তুত করেছে। নির্ধারিত পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো অনুযায়ী তথ্য সংগ্রহ করে সাধারণ অর্থনীতি বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও ২০৩০ সালে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজন মার্কিন অতিষ্ঠ নির্ধারণ করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বহুরাষ্ট্রিক কর্ম-পরিকল্পনা (এপিএ) প্রণয়ন করা হয়েছে।

বাংলাদেশ সরকার, এসডিজির লক্ষ্য অনুসারে ২০২১ সালের মধ্যে মধ্য আয়ের অর্থনীতির মর্যাদা অর্জনের লক্ষ্যে “ভিশন ২০২১” রূপকল্প ঘোষণা করে। ২০১৮ সালে ২০১৪.১৩ বিলিয়ন ডলারের বার্ষিক মোট দেশীয় পণ্য (জিডিপি), ৮.১% প্রবৃদ্ধির হার এবং বাংলাদেশকে একটি জ্ঞানভিত্তিক ডিজিটাল বাংলাদেশে রূপান্তর কার্যক্রম করতে সরকারের নানামুখী কার্যক্রম বাংলাদেশকে এশিয়ায় দ্রুত বর্ধনশীল দেশগুলির মধ্যে একটি হিসেবে ইতোমধ্যেই প্রতিষ্ঠিত করেছে। প্রতিযোগিতামূলক মজুরি কাঠামোতে প্রযুক্তিগতভাবে দক্ষ

মানবসম্পদের সহজলভ্যতা, দেশীয় বাজারের চাহিদা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) খাতে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে বিনিয়োগকারী দেশি-বিদেশি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য সরকার কর্তৃক অনুকূল নীতি কাঠামো ইত্যাদি, বাংলাদেশকে প্রযুক্তিনির্ভর শিল্পের বিনিয়োগের জন্য আকর্ষণীয় বাজারে পরিণত করে।

বর্তমান সরকার আগামী ২০২১ সালের মধ্যে দেশকে মধ্য আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উন্নীত করার ঘোষণা দিয়েছে। সরকারের এ রূপকল্প বাস্তবায়নের জন্য আইসিটি সেক্টরকে যুগোপযোগী করা, সেবাসমূহকে প্রান্তিক মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়া, তরুণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি করা, দক্ষ মানবসম্পদ তৈরি করা এবং দেশি-বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করার জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। বিশ্ববাজারে ট্রিলিয়ন ডলারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) খাতের অমিত সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে নির্বাচনী ইশতেহার-২০১৮-তে উক্ত খাত থেকে ০৭ বিলিয়ন ডলার রপ্তানি আয় ও ২০ লক্ষ মানুষের কর্মসংস্থান সৃষ্টির ঘোষণা দেয়া হয়েছে। ইতোমধ্যেই বাংলাদেশ আইসিটি খাতে ২০১৮ সালে ১ (এক) বিলিয়ন ডলার রপ্তানি এবং ৫ লক্ষ মানুষের কর্মসংস্থান নিশ্চিত করেছে।

এসডিজি বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় যথাযথ পদক্ষেপ নেয়া হচ্ছে। যেমন- বৈষম্য দূরীকরণে কর্মসংস্থান সৃষ্টি করা, সময়মতো তথ্য প্রাপ্তি, মানবসম্পদ উন্নয়ন, জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা, পরিবেশের ইকোসিস্টেম রক্ষা ও সরকারি প্রতিষ্ঠানের সঠিক সেবা নিশ্চিত করা এবং মানসম্মত অবকাঠামো নিশ্চিত করা।

এরই মধ্যে এসডিজি অর্জন প্রক্রিয়ার প্রায় এক-তৃতীয়াংশ সময় অতিবাহিত হয়েছে। সুতরাং এ সময়ে বাস্তবায়ন প্রক্রিয়ায় কোন উদ্যোগগুলো ফলদায়ক হয়েছে, কোনগুলো পরিমার্জন করা প্রয়োজন, কোনগুলো বাস্তবায়নে চ্যালেঞ্জ রয়েছে সেগুলো চিহ্নিত করে সে অনুযায়ী ভবিষ্যৎ বাস্তবায়ন রূপরেখা নির্ধারণে সর্বাঙ্গিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিগত সময়ে কাজের অভিজ্ঞতা ও নীতি সংশ্লেষের অভিজ্ঞতা আগামী বছরগুলোয় এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায় দক্ষতা উন্নয়নে সহায়ক হবে (GED, 2020)।



১.২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

২০০২ সালে “বিজ্ঞান ও প্রযুক্তি” মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে “বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়” নামকরণ করা হয়। পরবর্তীতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) সেক্টরের কার্যক্রমকে ত্বরান্বিত করতে ৩০ এপ্রিল ২০১১ তারিখে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (ICTD) গঠন করা হয়। ৪ ডিসেম্বর ২০১১ তারিখে পৃথকভাবে “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়” গঠন করা হয়। তথ্য প্রযুক্তি উন্নয়নের গতি আরও বেগবান ও সমন্বিত করার লক্ষ্যে সরকার ১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়কে একীভূত করে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সৃষ্টি করে। পরিবর্তনশীল আধুনিক বিশ্বের সাথে তাল মিলাতে আগ্রহী বাংলাদেশ সরকার এবং উচ্চ নীতি-নির্ধারণকারীগণ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্বকে অনুধাবন করেই দেশের এ পরিবর্তনে প্রধান ভূমিকা পালন করেন। এ পরিবর্তন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের কার্যক্রমে নতুন উদ্দীপনা যোগ করেছে।

রূপকল্প (Vision):

- সোনার বাংলা বিনির্মাণে জনবান্ধব তথ্যপ্রযুক্তি।

অভিলক্ষ্য (Mission):

- তৃণমূল পর্যায়ে নির্ভরযোগ্য ডিজিটাল অভিগমন, তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ মানবসম্পদ উন্নয়ন, আইসিটি শিল্পের রপ্তানিমুখী বিকাশ এবং জনবান্ধব তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সুখী সমৃদ্ধ সোনার বাংলা প্রতিষ্ঠা।

নিম্নে বর্ণিত ৫টি দপ্তর/সংস্থার মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম পরিচালিত হয়ে থাকে :

- (১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- (২) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
- (৩) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- (৪) ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
- (৫) ইলেকট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম কাজ করছে। এছাড়া এ বিভাগের আওতায় নিম্নোক্ত দু'টি কোম্পানি আছে:

- (১) বাংলাদেশ ডেটা সেন্টার কোম্পানি লিমিটেড
- (২) স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড



তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
DEPARTMENT OF ICT

১.৩ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়নের নিমিত্ত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সরকার এ খাতকে বিশেষ গুরুত্বারোপ করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বব্যাপী প্রয়োগ ও ব্যবহারে কারিগরি সহায়তা নিশ্চিতকরণ; তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুবিধাসমূহ প্রান্তিক পর্যায়ে পৌঁছানো, অবকাঠামো নিরাপত্তা বিধান; রক্ষণাবেক্ষণ; বাস্তবায়ন; সম্প্রসারণ মান নিয়ন্ত্রণ ও কম্পিউটার পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে ই-সার্ভিস প্রদান নিশ্চিত করার লক্ষ্যে ৩১ জুলাই, ২০১৩ তারিখে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর' গঠন করা হয়।

রূপকল্প (Vision):

- জ্ঞানভিত্তিক অর্থনীতি ও সুশাসন প্রতিষ্ঠায় তথ্যপ্রযুক্তির ব্যবহার।

অভিলক্ষ্য (Mission):

- তথ্যপ্রযুক্তি খাতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে অবকাঠামো উন্নয়ন, দক্ষ মানব সম্পদ গঠন, শোভন কাজ সৃজন এবং ই-সার্ভিস প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা।

কৌশলগত উদ্দেশ্য:

- ১) দেশের সর্বনিম্ন স্তর পর্যন্ত উচ্চ গতির ইলেক্ট্রনিক্স সংযোগ ব্যবস্থা সৃষ্টি করা।
- ২) সারা দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট সেবা প্রদানের উদ্দেশ্যে যথাযথ অবকাঠামো সৃষ্টি করা।
- ৩) সরকারি ও বেসরকারি পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট কর্মকাণ্ডের সমন্বয়সাধন।
- ৪) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট অবকাঠামো হতে নিরবচ্ছিন্ন সেবা প্রদানের উদ্দেশ্যে কার্যকর রক্ষণাবেক্ষণ।
- ৫) সরকারি পর্যায়ে দক্ষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রফেশনাল সৃষ্টির লক্ষ্যে আইসিটি সার্ভিস সৃষ্টি।
- ৬) দ্রুত পরিবর্তনশীল প্রযুক্তির জন্য প্রশিক্ষিত জনবলের সক্ষমতা বৃদ্ধি।
- ৭) সরকার ও জনগণের সকল স্তরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জ্ঞান সম্প্রসারণ।
- ৮) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট আইন, নীতিমালা, গাইডলাইন ও প্রমিতকরণ প্রস্তুতকরণ।
- ৯) আইসিটি সেবা ও পণ্যের ব্যবহারিক ক্ষেত্রে ইন্টার-অপারেবিলিটি সৃষ্টি ও রক্ষণাবেক্ষণ।
- ১০) গবেষণা, নিত্য-নতুন প্রযুক্তি উদ্ভাবন এবং প্রয়োগে সার্বিক সহযোগিতা প্রদান।

কার্যাবলি:

- ১। সরকারি দপ্তরে ই-গভর্নেন্স কার্যক্রম বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান;
- ২। সরকারের সকল পর্যায়ে আইসিটি'র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধন;
- ৩। মাঠ পর্যায়ে পর্যন্ত সকল দপ্তরে আইসিটি'র উপযুক্ত অবকাঠামো সৃষ্টিতে সহায়তা প্রদান, রক্ষণাবেক্ষণ এবং সাপোর্ট প্রদান;
- ৪। সকল পর্যায়ে তথ্যপ্রযুক্তির কারিগরি ও বিশেষায়িত জ্ঞান হস্তান্তর;
- ৫। তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট জনবলের সমতা উন্নয়নে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- ৬। তৃণমূল পর্যায়ে পর্যন্ত জনগণকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে সেবা প্রদানে উদ্যোগ গ্রহণ;
- ৭। আইসিটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার, কানেক্টিভিটি, স্ট্যান্ডার্ড ও ইন্টার-অপারেবিলিটি নিশ্চিতকরণ;
- ৮। সকল পর্যায়ে আধুনিক প্রযুক্তি আভীকরণে গবেষণা, উন্নয়ন ও সহায়তা প্রদান;
- ৯। আইসিটি শিক্ষা ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে উদ্বুদ্ধকরণে সহায়তাকরণ;

- ১০। তথ্যপ্রযুক্তি খাতে ব্যবসা উন্নয়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা ও চ্যালেঞ্জ শনাক্তকরণের মাধ্যমে তথ্যপ্রযুক্তি খাতে ব্যবসা উন্নয়নে সহায়তাকরণ;
- ১১। আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন;
- ১২। মাঠ পর্যায়ে বিশেষত: শিক্ষাপ্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসহ অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণে সহায়তাকরণ;
- ১৩। মাঠ পর্যায়ে সকল সরকারি দপ্তরে ওয়েবপোর্টাল ও নেটওয়ার্ক সংরক্ষণ এবং রক্ষণাবেক্ষণে কারিগরি সহায়তা প্রদান; এবং
- ১৪। জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে ইতোমধ্যে স্থাপিত ডিজিটাল কেন্দ্রসমূহে যথাযথ তথ্য সরবরাহ, সংরক্ষণ, হালনাগাদকরণ, ওয়েব পোর্টাল চালু রাখতে সহায়তাকরণ।



১.৪ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

আইটি/আইটিইএস সেক্টরের উন্নয়নে অবকাঠামো নির্মাণ এবং ব্যাপক কর্মসংস্থানের মাধ্যমে আর্থ-সামাজিক সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১০ সালে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করে। প্রশাসনিক কাঠামো অনুযায়ী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানটির কার্যক্রম তদারকি ও দিক-নির্দেশনা প্রদানের জন্য ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে নির্বাহী কমিটি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বোর্ড অব গভর্নরস (বিওজি) রয়েছে। ঢাকার আগারগাঁওস্থ, আইসিটি টাওয়ারের ১০ম তলায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যালয় অবস্থিত। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিভাগ ও জেলা পর্যায়ে হাই-টেক পার্ক (এইচটিপি)/সফটওয়্যার টেকনোলজি পার্ক (এসটিপি)/আইটি ভিলেজ স্থাপনের লক্ষ্যে কাজ করছে।

রূপকল্প (Vision):

- বাংলাদেশে 'আইটি/হাই-টেক শিল্পের বিকাশ'

অভিলক্ষ্য (Mission):

- তথ্য প্রযুক্তি শিল্পের জন্য আন্তর্জাতিক মানের অবকাঠামো/স্থাপনা প্রতিষ্ঠা; তথ্যপ্রযুক্তি ব্যবসায়ের অনুকূল ও টেকসই পরিবেশ এবং ইকোসিস্টেম সৃষ্টি। তথ্যপ্রযুক্তি শিল্প ও ব্যবসায়ের সকল সেবা একটি পয়েন্ট থেকে প্রদান করা।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যাবলি নিম্নরূপ:

- বাংলাদেশে হাই-টেক পার্ক নির্মাণে পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন।
- সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে পার্ক স্থাপন।
- পার্কের সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনা, উন্নয়ন এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে কার্যকর পদক্ষেপ গ্রহণ।
- হাই-টেক পার্কে বিশ্বমানের বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিতকরণ।
- বিদেশি বিনিয়োগকারীদের হাই-টেক পার্কে বিনিয়োগে আকৃষ্টকরণ।
- দক্ষ মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি।
- হাই-টেক পার্ক বাস্তবায়নে বোর্ড অব গভর্নরস (বিওজি) এবং নির্বাহী কমিটির নির্দেশনা পালন।

১.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাধ্যমে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) বাংলাদেশ সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালনকারী অন্যতম প্রতিষ্ঠান। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে দেশকে অগ্রগামী করে তুলতে ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নানাবিধ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। বিসিসি সরকারি পর্যায়ে অবকাঠামো উন্নয়ন, ই-গভর্নেন্স প্রতিষ্ঠা, কানেস্টিভিটি স্থাপন, মানবসম্পদ উন্নয়ন, আইসিটি সক্ষমতা উন্নয়ন, আইসিটি শিল্পের উন্নয়ন, আইসিটিতে বাংলা ভাষার উন্নয়ন, ডিজিটাল বাংলাদেশ ব্রান্ডিং এবং সর্বোপরি দেশে উদ্ভাবনী ও স্টার্টআপ সংস্কৃতির উন্নয়নে কাজ করছে। প্রথমে ভিন্ন নামে প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানটি নিম্নলিখিত ধাপে বিসিসি হিসেবে প্রতিষ্ঠিত হয়:

জাতীয় কম্পিউটার কমিটি: ১৯৮৩

জাতীয় কম্পিউটার বোর্ড: ১৯৮৮

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল অধ্যাদেশ: ১৯৮৯

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইন: ১৯৯০

জাতীয় সংসদের ১৯৯০ সালের ৯নং আইন বলে জাতীয় কম্পিউটার বোর্ডকে রূপান্তরিত করে “বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল” নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে প্রতিষ্ঠা করা হয়, যা রাষ্ট্রপতির সচিবালয়ের অধীন পরিচালিত হতে থাকে। ১৯৯১ সালে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে তৎকালীন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (পরবর্তীকালে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)-এর অধীন ন্যস্ত করা হয়। বিগত ডিসেম্বর ২০১১ হতে বিসিসি নবসৃষ্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণে পরিচালিত হচ্ছে।

রূপকল্প (Vision):

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমুখী ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

অভিলক্ষ্য (Mission):

- স্বচ্ছতা নিরাপত্তা এবং দক্ষতার সাথে সরকারি সেবা উন্নয়ন ও প্রদানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গবেষণা ও উন্নয়নের মাধ্যমে দেশের ডিজিটাইজেশন এবং আইটি শিল্পের রপ্তানি ও কর্মসংস্থানে জাতীয় লক্ষ্য অর্জনে কার্যক্রম বাস্তবায়ন।

কৌশলগত উদ্দেশ্যসমূহ:

- ডিজিটাল অবকাঠামো স্থাপন/উন্নয়ন;
- ই-গভর্নেন্স বাস্তবায়ন
- তথ্যপ্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানবসম্পদ উন্নয়ন;
- গবেষণা ও উন্নয়ন;
- তথ্যপ্রযুক্তি পেশাজীবীদের Skill Standard নির্ধারণ;

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
- কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
- আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
- জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;

বিসিসি'র কার্যাবলি:

- (১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক কারিগরি জ্ঞান ও দক্ষতার জাতীয় আধার হিসেবে দায়িত্ব পালন এবং এ ক্ষেত্রে সরকারি, বেসরকারি সেবা ও শিল্প খাতকে জ্ঞানভিত্তিক পরামর্শ এবং কারিগরি সেবা প্রদান;
- (২) ন্যাশনাল এন্টারপ্রাইজ আর্কিটেকচার ও ইন্টার-অপারেবিলিটি ফ্রেমওয়ার্ক নির্মাণ ও তা কার্যকর করা এবং তথ্যপ্রযুক্তি সংক্রান্ত মান ও স্পেসিফিকেশনস নির্ধারণ করা;
- (৩) সফটওয়্যার টেস্টিং এবং সার্টিফিকেশন;
- (৪) জাতীয় ডেটা সেন্টার, পাবলিক সি এ, নেটওয়ার্ক অপারেশন সেন্টার, সিকিউরিটি অপারেশন সেন্টার পরিচালনা এবং ডেটা সেন্টার হতে সেবা প্রদানের ক্ষেত্রে সাইবার সিকিউরিটি নিশ্চিত করা এবং ইনফরমেশন ও ডেটা সিকিউরিটি ইনট্রুশান চিহ্নিত করতে সার্ট (CIRT) এবং ডিজিটাল ফরেনসিক কার্যক্রম পরিচালনা;
- (৫) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্যপ্রযুক্তির ব্যবহারিক কাঠামোর উন্নয়ন করা এবং তথ্যপ্রযুক্তি সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও পেশাগত মান উন্নয়ন করা, আইটি স্কিল স্ট্যান্ডার্ড তৈরি এবং আইটি/আইটিএস শিল্প বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং এতদসংক্রান্ত নীতি ও কৌশল প্রণয়নে অ্যাসোসিয়েশনসমূহ ও সরকারকে সহায়তা প্রদান করা;
- (৬) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় শিক্ষা ও দক্ষতার বিশ্বমান নিশ্চিত করা, নব্য স্নাতকদের নিয়োগ যোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে স্কিল গ্যাপ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা করা এবং তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে প্রতিযোগিতার মোকাবেলা করার জন্য বাংলাদেশি নাগরিকগণকে উপযোগী করে গড়ে তোলা;
- (৭) তথ্যপ্রযুক্তিতে বিশ্বমানের মানবসম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য জাতীয় আইসিটি একাডেমি স্থাপন ও পরিচালনা;
- (৮) তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে জাতীয় কৌশল ও নীতি নির্ধারণ ও তা বাস্তবায়নে সরকারকে সহায়তা করা;
- (৯) সরকার এবং বিভিন্ন সংস্থায় তথ্যপ্রযুক্তির ব্যবহার উৎসাহিত করা, তথ্যপ্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে সরকার এবং অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা করা এবং পরামর্শ প্রদান করা;
- (১০) তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে জাতীয় লক্ষ্য অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট সকল সরকারি ও বেসরকারি এবং দেশীয় ও বিদেশি প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ স্থাপন ও সহযোগিতা করা;
- (১১) কাউন্সিলের কার্যাবলি সম্পাদনের প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে দেশি ও বিদেশি যে কোনো প্রতিষ্ঠানের সহিত চুক্তি সম্পাদন করা;
- (১২) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত কোনো বিশেষ কর্তব্য পালনের জন্য সরকার কর্তৃক আদিষ্ট হলে তা পালন করা;
- (১৩) সরকারের সকল সেক্টরের ডিজিটাইজেশন এর ব্যবস্থা করা এবং পাবলিক সার্ভিস ডেলিভারির জন্য উচ্চগতি সম্পন্ন নেটওয়ার্ক নির্মাণ ও পরিচালনা, উক্ত নেটওয়ার্কে নিরাপদ তথ্য প্রবাহ ও সাইবার সিকিউরিটি নিশ্চিত করা;
- (১৪) সরকারের সকল অফিসে আইসিটি অডিট ব্যবস্থা প্রবর্তনে সহায়তা করা;
- (১৫) উপযুক্ত কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোনো পদক্ষেপ গ্রহণ করা।



**DIGITAL
SECURITY
AGENCY**

১.৬ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা ৫ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন দেশের ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ২০১৮ সালের ৫ ডিসেম্বর “ডিজিটাল নিরাপত্তা এজেন্সি” গঠিত হয়েছে এবং ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা ১২ অনুযায়ী ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল গঠিত হয়েছে। ডিজিটাল নিরাপত্তা কাউন্সিলের চেয়ারম্যান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী। পরিবর্তনশীল আধুনিক বিশ্বের সাথে তাল মিলাতে আগ্রহী বাংলাদেশ সরকার এবং উচ্চ নীতি-নির্ধারণকারীগণ ডিজিটাল নিরাপত্তার গুরুত্বকে অনুধাবন করেই “ডিজিটাল নিরাপত্তা এজেন্সি” গঠন করেন। একটি নিরাপদ ডিজিটাল রাষ্ট্র প্রতিষ্ঠা করতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন, প্রয়োজনীয় সহায়তা ও নির্দেশনা প্রদান করাই ডিজিটাল নিরাপত্তা এজেন্সি’র উদ্দেশ্য।

রূপকল্প (Vision):

- বাংলাদেশের জন্য একটি নিরাপদ সাইবার স্পেস।

অভিলক্ষ্য (Mission):

- জাতীয় নিরাপত্তা, ডিজিটাল অর্থনীতিকে শক্তিশালী করা এবং ডিজিটাল জীবনযাত্রাকে সুরক্ষার মাধ্যমে নিরাপদ সাইবার স্পেস প্রতিষ্ঠা করা।

প্রধান কার্যাবলি:

১. জাতীয় নিরাপত্তা, বহিঃসম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা বা প্রয়োজনীয় ও অপরিহার্য সেবার ক্ষেত্রে ডিজিটাল নিরাপত্তা বিঘ্নিত হবার হুমকি পরিলক্ষিত হলে প্রতিকারের সক্রিয় ব্যবস্থা গ্রহণ;
২. ডিজিটাল নিরাপত্তা সেবার ব্যবস্থা প্রবর্তন এবং উহার পরিচালনা, রক্ষণাবেক্ষণ, পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ এবং ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে উক্ত সেবা প্রদানকারীগণের মধ্যে পারস্পরিক সহযোগিতামূলক পরিস্থিতি বজায় রাখা ও উহাতে উৎসাহ প্রদান;
৩. এজেন্সি কর্তৃক নির্ধারিত মান অনুসারে ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণের ব্যবস্থা গ্রহণ;
৪. দেশে ডিজিটাল ডিভাইস এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয়;
৫. ডিজিটাল নিরাপত্তা বিষয়ক অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক হুমকির উৎস পর্যবেক্ষণ এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্কীকরণ ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ;
৬. ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান সংক্রান্ত শিল্পের প্রসার ও উন্নয়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং এ শিল্পে জড়িত ব্যক্তির দক্ষতা ও পেশাগত মান উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
৭. বাংলাদেশ ও বহির্বিশ্ব হতে ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত তথ্য সংগ্রহক্রমে বাংলাদেশে তার প্রভাব সম্পর্কে পর্যালোচনা করা ও তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রেরণ;
৮. বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নিরাপত্তা নিশ্চিতকরণ;
৯. ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের আয়োজনসহ জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;
১০. ডিজিটাল নিরাপত্তার দুর্বলতা, ডিজিটাল নিরাপত্তা লঙ্ঘন ও ক্ষতিকারক ক্রিয়াকলাপ সম্পর্কে অনুসন্ধান।

১.৭ কন্ট্রোলার অফ সার্টিফায়িং অথরিটি

ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয় (সিসিএ) হলো ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একটি সংস্থা। ২০১১ সালের মে মাসে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংশোধিত) আইন, ২০০৬ এর অধীন এ সংস্থা গঠিত হয়। এ সংস্থার প্রধান হলেন একজন নিয়ন্ত্রক যিনি সরকার কর্তৃক নিযুক্ত হন। সংস্থার প্রধান হিসেবে নিয়ন্ত্রক ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের কার্যাবলি তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ এবং তাদের মধ্যে বিরোধ নিষ্পত্তিতে অগ্রণী ভূমিকা পালন করেন। দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দ্রুত অগ্রগতির ফলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির আইনগত বৈধতা ও নিরাপত্তা প্রদান করা সমীচীন। এ জন্য সরকার ২০০৬ সালে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংশোধিত) আইন, ২০০৬ পাস করে। এ আইনের মাধ্যমে ডিজিটাল স্বাক্ষর ও ইলেক্ট্রনিক রেকর্ডের আইনগত স্বীকৃতি প্রদান করা হয়েছে। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০০৯ এ ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের নির্দেশনা দেয়া হয়েছে। ২০০৯ সালে দেশে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের কার্যক্রম শুরু করা হয় যা ধীরে ধীরে সমগ্র বাংলাদেশে ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয় (সিসিএ) এর মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংশোধিত) আইন, ২০০৬ এর ধারা ৮ অনুযায়ী সকল সরকারি অফিসে ইলেক্ট্রনিক স্বাক্ষর ও ইলেক্ট্রনিক রেকর্ড ব্যবহারের স্বীকৃতি প্রদান করা হয়েছে। ফলে ধীরে ধীরে সকল সরকারি অফিসে ইলেক্ট্রনিক স্বাক্ষর ও ইলেক্ট্রনিক রেকর্ডের ব্যবহার নিশ্চিত করা হবে।

রূপকল্প (Vision):

- নিরাপদ তথ্যপ্রযুক্তির বিকাশ।

অভিলক্ষ্য (Mission):

- ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট প্রবর্তনের মাধ্যমে নিরাপদ তথ্য আদান প্রদান নিশ্চিতকরণ এবং সাইবার অপরাধ দূরীকরণে জাতীয় ও আঞ্চলিক যৌথ উদ্যোগ প্রতিষ্ঠা।

কার্যাবলি:

- সার্টিফায়িং অথরিটি (সিএ) এর নিয়ন্ত্রণমূলক কার্যাবলি।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধিত ২০১৩) এবং তথ্যপ্রযুক্তি (সিএ) বিধিমালা ২০১০ অনুসারে সিএ লাইসেন্স ইস্যু বাতিল এবং স্থগিতকরণ।
- Public Key Infrastructure (PKI) কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।
- PKI এর জন্য বিধি বিধান, অনুসৃতব্য কর্মপন্থা (Guide line) প্রণয়ন ও মান নিয়ন্ত্রণ।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধিত ২০১৩) অনুসারে সাইবার অপরাধ তদন্ত পূর্বক সাইবার ট্রাইব্যুনালে উপস্থাপন।
- আইটি অডিটের জন্য অডিট ফর্ম নির্ধারণ।
- তথ্যপ্রযুক্তি (সিএ) বিধিমালা ২০১০ অনুসারে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট এর মূল্য নির্ধারণ।

ভিশন: ২১, ডিজিটাল বাংলাদেশের দিকে দেশকে সামনে এগিয়ে নেয়ার জন্য সরকার তথ্যপ্রযুক্তির ব্যবহারের ব্যাপক প্রসারের জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। ভিশন: ২১ অর্জনের জন্য সরকার যা যা পদক্ষেপ নিয়েছে তার একটি হলো দেশে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তন ও "পাবলিক কি ইনফ্রাস্ট্রাকচারের (PKI)" উন্নয়ন সাধন করা। ২০১১ সালে ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয় (সিসিএ) হতে ৬টি প্রতিষ্ঠানকে সার্টিফায়িং অথরিটি (সিএ) লাইসেন্স প্রদান করা হয়।

১৮ এপ্রিল ২০১২ সালে “রুট কি জেনারেশন সেরিমনির” মাধ্যমে দেশে ডিজিটাল স্বাক্ষর চালুকরণের অন্যতম ধাপ সম্পন্ন করা হয়েছে। সরকার নিম্নবর্ণিত লক্ষ্য বাস্তবায়নের জন্য দেশে ডিজিটাল স্বাক্ষর চালু করার সিদ্ধান্ত নিয়েছে:

- ১। পেপারলেস গভর্নমেন্ট করেসপনডেন্স
- ২। ই-গভর্নমেন্ট

- ৩। ই-কমার্স
- ৪। ই-প্রকিউরমেন্ট
- ৫। ইলেক্ট্রনিক ডকুমেন্ট সাইনিং
- ৬। ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের মাধ্যমে ইন্টারনেট ব্যাংকিং
- ৭। ডিভাইস ও সার্ভার সাইনিং
- ৮। সাইবার অপরাধ প্রতিরোধ

পূর্বের চেয়ে আজকের পৃথিবীতে তথ্যপ্রযুক্তির ব্যাপক অগ্রগতির ফলে সবকিছুতে আরো বেশি আন্তঃসম্পর্ক গড়ে উঠেছে। তথ্যপ্রযুক্তির কল্যাণে মানুষ নানা ধরনের সুযোগ সুবিধা পাচ্ছে এবং কঠিন কাজ দ্রুত সমাধান করতে পারছে। কিন্তু পাশাপাশি সাইবার সন্ত্রাস বা কম্পিউটার ও অনলাইন ভিত্তিক নানা অপরাধের প্রবণতাও বেড়ে গেছে। এ সকল হুমকির প্রেক্ষিতে বিভিন্ন দেশ সাইবার অপরাধ প্রতিরোধে আইন প্রণয়ন করেছে। বাংলাদেশেও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংশোধিত) আইন, ২০০৬ এর মাধ্যমে গঠিত সাইবার ডাই ব্লুনালা দ্বারা সাইবার অপরাধীদের বিচার করা হচ্ছে।



১.৮ এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

রূপকল্প (Vision):

- নাগরিক-কেন্দ্রিক উদ্ভাবন সংস্কৃতিকে প্রাতিষ্ঠানিকীকরণ, স্বচ্ছতা ও জবাবদিহি উন্নয়ন এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনকে দ্রুততরকরণ।

অভিলক্ষ্য (Mission):

- সরকারি সেবায় উদ্ভাবনের প্রাতিষ্ঠানিকীকরণ এবং জবাবদিহি উন্নয়নে সহায়তা প্রদান, উদ্ভাবনকে কাজে লাগিয়ে ডিজিটাল আর্থিক সেবা তৈরি এবং কার্যকরভাবে সেবা প্রদানে সহায়তাকরণ, এবং সরকারি সেবা প্রক্রিয়ার সার্বিক উন্নয়নে বেসরকারি খাতকে সম্পৃক্তকরণ।

কার্যাবলি:

- শহর ও গ্রামের বৈষম্য ক্রমান্বয়ে দূর করার উদ্দেশ্যে প্রতিটি গ্রামে নাগরিক-সেবা সম্প্রসারণে সহায়তা প্রদান;
- সরকারের সকল গুরুত্বপূর্ণ সেবার ডিজিটাল রূপান্তর ও প্রাতিষ্ঠানিকীকরণে সহায়তা প্রদান;
- সমন্বিত সেবা কাঠামোর আওতায় ডিজিটাল সেবা বাস্তবায়ন;
- নাগরিকের হাতের মুঠোয় সেবা প্রাপ্তিতে সহায়তা করা;
- আর্থিক সেবা সহজীকরণ এবং পেমেন্ট ডিজিটাইজেশনে সহায়তা প্রদান
- সরকারের সকল পর্যায়ে উদ্ভাবন চর্চার প্রসার;
- উদ্ভাবনের বাণিজ্যিকীকরণে সহায়তা প্রদান;
- ৪র্থ শিল্প-বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় তরুণদেরকে দক্ষ করে গড়ে তুলতে সহায়তা প্রদান ইত্যাদি

১.৯ বাংলাদেশ ডেটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)

মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার “রূপকল্প-২০২১: ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণের কার্যক্রম ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় দেশের তথ্য উপাত্ত নিরাপদে সংরক্ষণ এবং নিরবচ্ছিন্ন গুণগত মানসম্পন্ন ই-সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে মাননীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা দেশে একটি ফোর টিয়ার জাতীয় ডেটা সেন্টার নির্মাণের নির্দেশনা প্রদান করেন। সে মোতাবেক কালিয়াকৈর, গাজীপুর বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে ০৭.০০ একর জমির উপর ক্লাউড কম্পিউটিং ও জি-ক্লাউড প্রযুক্তিতে Uptime Institute কর্তৃক Certified Tier IV ডেটা সেন্টার গড়ে তোলা হয়েছে। এটি বিশ্বের ৭ম বৃহত্তম ডেটা সেন্টার যার ডাউন টাইম শূন্যের কোঠায় এবং যুক্তরাষ্ট্র ভিত্তিক Uptime Institute থেকে Tier Certification of Operational Sustainability সার্টিফিকেশন অর্জনের মাধ্যমে টিয়ার ফোর (Tier-IV) গোল্ড ফল্ট টলারেন্ট ডেটা সেন্টার হিসেবে প্রতিষ্ঠা লাভ করবে মর্মে আশা করা যায়। উল্লেখ্য, বাংলাদেশের একমাত্র ফোর টিয়ার জাতীয় ডেটা সেন্টারটি গত ১৭ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে যুক্তরাজ্যভিত্তিক Data Center Dynamics সংস্থা কর্তৃক “Data Center Construction Team of the Year” ক্যাটাগরিতে এশিয়া প্যাসিফিক “DCD-APAC Award 2019” অর্জন করেছে। এ ডেটা সেন্টারের অন্যতম বৈশিষ্ট্য হলো: ২,০০,০০০ স্কয়ার ফিট বিশিষ্ট ডেটা সেন্টারের মূল দ্বিতল ভবন, দুই পাশে দুইটি ইউটিলিটি ভবন এবং সম্মুখে একটি রিশেপশন ভবন; ডেটা সেন্টারের নিরবচ্ছিন্ন অপারেশন ও মেইন্টেন্যান্স নিশ্চিত করতে বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগসহ সকল গুরুত্বপূর্ণ ক্ষেত্রে রিডাভেন্সি। এছাড়া এখানে ক্লাউড কম্পিউটিং, ক্লাউড ডেস্কটপ, ক্লাউড স্টোরেজ, ডেটা স্টোরেজ ও ব্যাকআপ, ডেটা সিকিউরিটি ও কো-লোকেশন সার্ভিস রয়েছে। অত্যন্ত সফলভাবে নির্মিত আন্তর্জাতিক মানের সর্বাধুনিক এই ডেটা সেন্টারটি গত ২৮.১১.২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে শুভ উদ্বোধন করেন।

জাতীয় ডেটা সেন্টারটির গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে যুক্তরাষ্ট্র ভিত্তিক Uptime Institute হতে ৩টি সার্টিফিকেট নিতে হবে। এর ১ম ও ২য় সার্টিফিকেট অর্থাৎ ডেটা সেন্টার ডিজাইন ডকুমেন্টস (Design Documents) ও কনস্ট্রাকটেড ফ্যাসিলিটি (Constructed Facility) এর উপর সার্টিফিকেট যথাক্রমে বিগত জুন ২০১৭ এ এবং মার্চ ২০১৯ এ পাওয়া গেছে। ৩য়টি অর্থাৎ অপারেশন এবং সাসটেইনেবিলিটি (Operation & Sustainability) এর উপর সার্টিফিকেট অর্জনের কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে এ ডেটা সেন্টার থেকে ই-ফাইলিং, a2i, সোনালী ব্যাংক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ও মহামারী কোভিড-১৯ এর <https://corona.gov.bd/> এর হোস্টিং সেবাসহ অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, রাষ্ট্রায়ত্ত্ব অন্যান্য ব্যাংকসমূহ, অর্থ বিভাগের IBAS++, জন্ম ও মৃত্যু নিবন্ধন, নির্বাচন কমিশন, ভূমি জরিপ অধিদপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, স্বাস্থ্য মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশনের সিপিটিউ (CPTU), কৃষি মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সহ অন্যান্য প্রতিষ্ঠানসমূহের তথ্যসমূহ এ ডেটা সেন্টারে অ্যাকটিভ অথবা ব্যাকআপ হিসেবে রাখার জন্য আগ্রহ প্রকাশ করেছে।

ডেটা সেন্টারটি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে গত ৩০ ডিসেম্বর, ২০১৯ তারিখে “বাংলাদেশ ডেটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)” শীর্ষক কোম্পানি গঠনের প্রস্তাবটি মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হয়। গত ১৬ সেপ্টেম্বর, ২০২০ তারিখে “বাংলাদেশ ডেটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)” শীর্ষক কোম্পানির রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। বর্তমানে কোম্পানির কার্যক্রম পরিচালিত হচ্ছে। গত ২৩.১১.২০২০ খ্রি. তারিখে নিরাপদ তথ্য সেবার প্রত্যয় নিয়ে বাংলাদেশ ডেটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL) এর সাথে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) এর সাথে সার্ভিস সংক্রান্ত চুক্তি স্বাক্ষর সম্পাদিত হয়েছে; যার মাধ্যমে ডেটা সংরক্ষণ ও নিরাপত্তায় বাংলাদেশে নতুন দিগন্ত উন্মোচন হলো।



১.১০ Startup Bangladesh Limited

Startup Bangladesh Limited– *flagship venture capital fund, Information and Communication Technology (ICT) Division, Government of Bangladesh.*


Bangladesh is one of the youngest countries in the world, with more than half of its population being under 25. The nation is transitioning towards becoming a middle-income country by 2021. Startups have complemented GoB efforts in building the digital infrastructure in: **transportation, logistics, essential goods and services, payments, food & agriculture, entertainment, health and education.**

এসডিজি নামক বৈশ্বিক কর্মসূচি ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নের প্রথম পর্যায়ের সমাপ্তি ঘটবে ২০২০ সালে। কাজেই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের “টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs): উন্নয়ন অভিযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ” বইটি এ এজেন্ডা বাস্তবায়নের সফলতা, চ্যালেঞ্জ ও কর্মোদ্যোগের ঘটতির বিষয়ে হালনাগাদ চিত্র তুলে ধরবে যা- ২০৩০ এজেন্ডা বাস্তবায়ন ত্বরান্বিত করার ক্ষেত্রে ভিত্তি হিসেবে কাজ করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ লিড বিভাগ হিসেবে টেকসই উন্নয়ন অভীষ্টসমূহের 9(c) ও 17.8 টার্গেট; কো-লিড বিভাগ হিসেবে টেকসই উন্নয়ন অভীষ্টসমূহের 9 (b) এবং এসোসিয়েট বিভাগ হিসেবে 1.3, 1.4, 4.4, 4.7, 5.b, 8.1, 8.2, 8.3, 8.6, 9.2, 9.3, 9.5, 17.6, 17.16 and 17.18 নিয়ে কাজ করে।



চিত্র: মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ Kiosk-এর শুভ উদ্বোধন করেন যা এসডিজি টার্গেট ১৬.৬ এর সাথে সম্পৃক্ত।

এসডিজি ৯: শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো

দেশের জিডিপিতে ম্যানুফ্যাকচারিং খাতের মূল্য সংযোজনের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ম্যানুফ্যাকচারিং খাতের সম্প্রসারণ ও উন্নয়নে সরকার ক্রমাগতভাবে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করে চলেছে। ২০১৮-১৯ অর্থবছরে জিডিপিতে ম্যানুফ্যাকচারিং খাতের অবদান ২৪.২১ শতাংশে উন্নীত হয়েছে, ২০১৭-১৮ অর্থবছরে যা ছিল ২২.৮৫ শতাংশ। তৈরি পোশাক, বস্ত্র, খাদ্য প্রক্রিয়াকরণ, ওষুধ ও চামড়া খাতের মতো প্রধান শিল্পগুলোর প্রবৃদ্ধি দেশের অর্থনীতির প্রধান চালিকাশক্তি। পণ্য উৎপাদন ও রপ্তানিতে বহুমুখীকরণের উজ্জ্বল সম্ভাবনা পরিলক্ষিত হচ্ছে। বাংলাদেশ বর্তমানে ১,৬০০-এর অধিক প্রকারের পণ্য রপ্তানি করে। আর প্রবৃদ্ধির নিয়ামক হিসেবে প্রধান ভূমিকা পালন করে বড় ও মাঝারি শিল্পগুলো।

দেশের টেলিযোগাযোগ পদ্ধতির আধুনিকায়ন, উন্নয়ন ও সম্প্রসারণে সরকার বেশকিছু পদক্ষেপ নিয়েছে। ২০১৯ সালের জানুয়ারি মাসের উপাত্ত অনুযায়ী, দেশে মোবাইল ফোনের গ্রাহক সংখ্যা প্রায় ১৫.৭৫ কোটি। ২০১৮ সালের মে মাসে বাংলাদেশ সফলভাবে প্রথম স্যাটেলাইট বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করে। দেশের প্রায় শতভাগ মানুষ টু-জি মোবাইল নেটওয়ার্কের আওতায় এসেছে। ২০২০ সালে এ মাইলফলক অর্জনের লক্ষ্য ছিল, যা ২০১৯ সালের জুনেই অর্জিত হয়েছে। একই সময়ে থ্রি-জি ও ফোর-জি সংযোগের হার ৭৯ শতাংশে উন্নীত হয়। এ খাতে প্রতিযোগিতা সক্ষমতা বাড়াতে বাংলাদেশ গবেষণা ও উন্নয়নে বিনিয়োগ বাড়াচ্ছে এবং বিজ্ঞান ও প্রযুক্তি খাতের উদ্ভাবন কার্যক্রমে পৃষ্ঠপোষকতা দিচ্ছে।

Information and Communication Technology Division (ICTD) is the lead ministry to implement Goal 9.C: Significantly increase access to information and communications technology. In order to provide access to information, Information and Communication Technology Division (ICTD) ICT division has taken range of activities as part of 'Digital Bangladesh' initiative such as installing fiber-optic broadband connection up-to union levels, connectivity with government offices, establishing computer-labs in schools. Several projects and programs are being implemented and hi-tech parks, software technology parks, Information and Communication Technology Division (ICTD) ICT training centers and incubation lab has been established. A special project called iDEA (Innovation, Design and Entrepreneur Academy)

is being implemented to incubate the start-ups and promote innovation to develop a sustainable entrepreneur ecosystem. Considering 'Vision: 2021', 'Vision: 2041' and the goals of Sustainable Development Goals (SDGs), the government has updated and formulated 'ICT Policy 2018' where 55 strategic themes and 373 activities in the action plan has been assigned to the relevant ministries. A holistic approach has been adopted where all ministries/divisions and departments including private sector organizations will put their effort to create a society compatible with industrial revolution 4.0 in order to achieve the targets of Vision:2041 to become a prosperous and developed country by 2041.


এসডিজি ১৭: টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক অংশীদারিত্ব

এসডিজি-১৭ অধীনের বেশিরভাগ সূচকের ক্ষেত্রে লক্ষণীয় অগ্রগতি পরিলক্ষিত হয়েছে এবং এক্ষেত্রে অগ্রগতি প্রত্যাশিত পর্যায়ে রয়েছে। জিডিপির অনুপাতে যে মাত্রায় প্রয়োজনীয় সরকারি রাজস্ব বৃদ্ধির প্রাক্কলন করা হয়েছিল, সরকারের বিভিন্ন পদক্ষেপের ফলে রাজস্ব প্রাপ্তি তার চেয়ে বেশি মাত্রায় বৃদ্ধি পেয়েছে। রাজস্ব বাড়ানোর জন্য সরকারের গৃহীত পদক্ষেপগুলোর মধ্যে রয়েছে করদাতার সংখ্যা বাড়ানো এবং বিচক্ষণ কর সংগ্রহ ও ব্যবস্থাপনা পদ্ধতি অবলম্বন। বৈদেশিক উন্নয়ন সহায়তার ক্ষেত্রে স্থিতিশীল ও পরিমিত প্রবৃদ্ধি লক্ষণীয়, যদিও সাম্প্রতিক বছরগুলোয় জাতীয় বাজেটের অনুপাতে এ সহায়তার হার কমেছে। তবে এফডিআই ও প্রবাসী আয় প্রবাহ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়া প্রয়োজন।

এসডিজির অর্জন অনেকাংশেই নির্ভর করবে বহিঃউৎসসহ বিভিন্ন উৎস হতে সম্পদের প্রাপ্যতার ওপর। বহিঃউৎস এখানে অর্থায়নের একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র। এক্ষেত্রে আন্তর্জাতিক সম্প্রদায়ের সময়োপযোগী ও পর্যাপ্ত সহায়তা একান্ত আবশ্যিক। বিশেষ করে বাণিজ্য ও ব্যক্তি খাতের উন্নয়ন, বিনিয়োগের ক্ষেত্রে বাধাগুলো চিহ্নিত করে তার অপসারণ এবং করফাঁকি ও কর পরিহার রোধকল্পে এ সহায়তা প্রয়োজন। পাশাপাশি স্বচ্ছতা বাড়ানো, আন্তর্জাতিক মানদণ্ড অর্জন, সরবরাহকারী, মধ্যস্থত্বভোগী ও সুবিধাভোগীর বহুমাত্রিক কর্মকুশলতা নিশ্চিত করা এবং নিজেদের অগ্রাধিকার বাছাইয়ে সক্ষমতা বাড়াতে বাংলাদেশের উন্নয়ন কাজে অর্থায়ন পদ্ধতির খুঁটিনাটি নতুনভাবে বিশ্লেষণের দাবি রাখে।

ইন্টারনেট ব্যবহারকারী জনসংখ্যার অনুপাত থেকে আধুনিক যোগাযোগ ব্যবস্থায় অভিজ্ঞতা পরিমাপ করা হয়। বাংলাদেশে এটি তাৎপর্যপূর্ণভাবে বেড়েছে। ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ব্যাপকভাবে বেড়ে ২০১৫ সালে ৩৪ দশমিক ৬৩ শতাংশে পৌঁছেছে, যা ২০১০ সালে ছিল ৩ দশমিক ৭ শতাংশ। জনসংখ্যার অনুপাতে খুব দ্রুত এই আধুনিক যোগাযোগ প্রযুক্তি অবলম্বন করা হয়েছে। ২০১৮ সালে এটি ছিল ৫৬ দশমিক ৬ শতাংশ ও ২০১৯ সালে ৬০ দশমিক ৪ শতাংশ। এ হিসাবে ২০২০ সালের মাইলফলক অতিক্রম হয়ে গেছে ২০১৬ সালেই। বাংলাদেশে মোট ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ২০১৯ সালের ডিসেম্বরের শেষ নাগাদ ১০০ মিলিয়নে পৌঁছেছে। ২০২০ সালে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ১০১.৯০৫ মিলিয়ন এবং মোবাইল ব্যবহারকারীর সংখ্যা ১৬৮.৩৬৭ মিলিয়ন (সূত্র: BTRC -November-2020)।

3G and 4G adoption, years after first launch



সূচক ১৭.৮.১: ইন্টারনেট ব্যবহারকারী ব্যক্তির অনুপাত (GED 2020)

৪.৭ মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ও ডিজিটাল বাংলাদেশ:

বাংলাদেশ উন্নয়ন সোপানে এগিয়ে চলেছে। নিম্ন আয়ের সারি থেকে দেশ এখন নিম্ন-মধ্যবিত্তের কাতারে। এই সীমা অতিক্রমও অনতিদূর। এ দেশ এগিয়ে যাবে আরো অনেক দূর। ২০২১ সালে পূর্ণ ডিজিটাল বাংলাদেশ। ২০৪১ সালে দারিদ্র্যমুক্ত উন্নত দেশ। এই এগিয়ে চলার পাথেয় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা। অর্থাৎ তাঁর দেশ গড়ার সংগ্রাম, রাজনৈতিক দর্শন এবং অর্থনৈতিক পরিকল্পনা-যা বাস্তবায়ন করে চলেছেন অন্যতম বিশ্বনেতা মানবতার জননী প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশ গড়ার এই অঙ্গীকার ও অগ্রযাত্রা পিতা-কন্যার সম্পর্কে ব্যক্তিগত পরিধি ছাড়িয়ে বাঙালি এবং বাংলাদেশের ইতিহাসে যুক্ত করেছে এক অনন্য মাত্রা। বঙ্গবন্ধুর আদর্শ ও পথ ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বেই এই সরকার বাস্তবায়ন করে চলেছে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি। দেশের উন্নয়ন অগ্রযাত্রায় ‘প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগ’ বাস্তবায়নের ফল সুদূরপ্রসারী। প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগ নিম্নরূপ:

১. একটি বাড়ি একটি খামার
২. আশ্রয়ণ
৩. ডিজিটাল বাংলাদেশ
৪. শিক্ষা সহায়ক কার্যক্রম
৫. নারীর ক্ষমতায়ন
৬. সবার জন্য বিদ্যুৎ
৭. কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ
৮. সামাজিক নিরাপত্তা
৯. বিনিয়োগ বিকাশ
১০. পরিবেশ সুরক্ষা

ডিজিটাল বাংলাদেশের স্লোগান: “শেখ হাসিনার উপহার, ডিজিটাল সরকার”

১২ ডিসেম্বর, ২০০৮ বাংলাদেশ আওয়ামী লীগ তাদের নির্বাচনী ইশতেহারে ঘোষণা করে যে ‘২০২১ সালে স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশ ‘ডিজিটাল বাংলাদেশ’ পরিণত হবে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ সরকার ডিজিটাল বাংলাদেশ নির্মাণে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে।

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্য ও উদ্দেশ্য:

- * ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার মাধ্যমে স্তরে স্তরে অনুন্নত জীবনধারাকে বদলে বাংলাদেশের সমাজকে জ্ঞানভিত্তিক সমাজে রূপান্তর করা।
- * দেশের মানুষের জীবনযাপন, শিক্ষা, স্বাস্থ্য, ব্যবস্থাপনা, কর্মপদ্ধতি, শিল্প-বাণিজ্য ও উৎপাদন, অর্থনীতি, সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা ডিজিটাল পদ্ধতিতে পরিচালনা করা।
- * ‘ডিজিটাল টুলস ব্যবহার করে জনগণের উন্নত জীবন যাপনের স্বপ্ন বাস্তবায়ন, মৌলিক অধিকার সংরক্ষণ, এবং সাংবিধানিক অধিকার রক্ষার নিশ্চয়তা দেয়া।
- * রাষ্ট্রের প্রত্যেক নাগরিকের কাছে এই প্রযুক্তি সহজলভ্য ও সুলভ করা। যাতে দেশের দরিদ্র জনগোষ্ঠী ডিজিটাল প্রযুক্তিকর্মী হিসেবে গড়ে উঠতে পারে।

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে গৃহীত কর্মসূচি:

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে নিম্নলিখিত কর্মসূচি নেয়া হয়েছে:

- * সরকারের কাজ করার পদ্ধতি ডিজিটাল করা;
- * জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছানো;
- * ডিজিটাল ভূমিব্যবস্থা ;
- * বিচারব্যবস্থাকে ডিজিটাল করা;
- * ডিজিটাল স্বাস্থ্যব্যবস্থা;

- * ডিজিটাল নিরাপত্তা ও প্রতিরক্ষাব্যবস্থা নিশ্চিত করা;
- * শিক্ষাব্যবস্থাকে ডিজিটাল করা ;
- * কৃষি, শিল্প ও বাণিজ্য ব্যবস্থার ডিজিটাল রূপান্তর;
- * যোগাযোগ ব্যবস্থায় ডিজিটাল পদ্ধতির প্রচলন করা; এবং
- * তথ্যের অবাধ চলাচলের জন্য ডিজিটাল ব্যবস্থা গ্রহণ করা ইত্যাদি।

অর্জন:

- * ৪,৫৫৪টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ৩৮৮টি উপজেলা ডিজিটাল সেন্টার, ৬১টি জেলা ডিজিটাল সেন্টার, ৩২৫টি পৌর ডিজিটাল সেন্টার ও ৪০৭টি নগর ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। এ সকল তথ্য সেবাকেই থেকে অনলাইনে ১১৬ ধরনের সেবা প্রদান করা হচ্ছে।
- * সারাদেশে স্থাপিত ডিজিটাল সেন্টারের মাধ্যমে রুরাল ই-কমার্স কার্যক্রম শুরু হয়েছে।
- * ডিজিটাল প্রযুক্তির বিকাশের ফলে বর্তমানে দেশে মোবাইল গ্রাহকের সংখ্যা প্রায় ১৩ কোটি এবং ইন্টারনেট গ্রাহকের সংখ্যা প্রায় ৭ কোটি।
- * ৪৩ হাজার অফিস ও ২৫ হাজার ওয়েবসাইট নিয়ে বিশ্বের বৃহত্তম ওয়েব পোর্টাল ‘জাতীয় তথ্য বাতায়ন’ চালু হয়েছে।
- * জীবন-জীবিকাভিত্তিক তথ্য এক জায়গা থেকে খুঁজে পেতে বাংলা ভাষায় জাতীয় ই-তথ্যকোষ চালু হয়েছে।
- * ২৩,৫০০টি মাধ্যমিক, ৫,৫০০টি মাদ্রাসা ও ১৫,০০০ প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপিত হয়েছে।
- * প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত সকল পাঠ্যপুস্তক অনলাইনে প্রাপ্তির জন্য ই-বুক প্র্যাটফর্ম তৈরি হয়েছে।
- * ওয়েবসাইট ও এস এম এস-এর মাধ্যমে পাবলিক পরীক্ষার ফলাফল প্রকাশ ও ভর্তি প্রক্রিয়া চালু হয়েছে।
- * দেশের সকল ভূমি রেকর্ড (খতিয়ান)-কে ডিজিটাল করার উদ্দেশ্যে প্রায় ১০০ কোটি টাকার ‘ডিজিটাল ল্যান্ড রেকর্ডরুম সার্ভিস’ শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।
- * ৮০০০ এর ও বেশি সরকারি অফিসে ই-ফাইলিং চালু হয়েছে।
- * ই-পেমেন্ট ও অনলাইন ব্যাংকিং চালু করা হয়েছে।
- * বাংলাদেশ ডাক বিভাগ ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস (ইএমটিএস)-এর মাধ্যমে জুন ২০১৭ পর্যন্ত ৭,১২৫ কোটি টাকা প্রেরণ করেছে।
- * পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে টাকা জমা, উত্তোলন ও ট্রান্সফারসহ নির্দিষ্ট আউটলেট থেকে কেনাকাটা সম্ভব হচ্ছে।
- * ডিজিটাল স্বাস্থ্যসেবা, টেলিমেডিসিনের মাধ্যমে একজন নাগরিক বিনামূল্যে এবং সহজে স্বাস্থ্য বিষয়ক পরামর্শ নিতে পারছেন।
- * বাংলাদেশ রেলওয়ে অনলাইন ও মোবাইল টিকেটিং সেবা চালু করেছে।
- * ডিজিটাল কার্যক্রমের আওতায় নাগরিক পরিসেবার বিল পরিশোধ, ই-টিন গ্রহণ ও অনলাইন ট্যাক্স প্রদান সম্ভব হয়েছে।
- * ডিজিটাল মোবাইল কোর্টের মাধ্যমে মামলা নিষ্পত্তি করা হচ্ছে।
- * হজ্জ ব্যবস্থাপনাকে আরো কার্যকর, সহজ এবং সুশৃঙ্খল করার লক্ষ্যে অনলাইন হজ্জ ব্যবস্থাপনা চালু করা হয়েছে।
- * কৃষি সম্পর্কিত সর্বাধুনিক প্রযুক্তি, সেবা ও তথ্য সকলের মাঝে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে কৃষি কল সেন্টার চালু করা হয়েছে।
- * সকল সেবা ফরম এক ঠিকানায় প্রাপ্তির লক্ষ্যে ‘ফরমস বাতায়ন’ চালু করা হয়েছে।
- * আইসিটি রপ্তানি ২০১৯ সালে ১ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে যায় (তথ্যসূত্র: শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ এর এগিয়ে যাওয়ার এক যুগ)। ২০১০ সাল থেকে প্রতিবছর সকল শ্রেণি ও পেশার মানুষকে ই-সেবার সাথে পরিচিত করানোর লক্ষ্যে ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হচ্ছে।
- * তথ্যপ্রযুক্তি খাতে বিশেষ অবদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৫ সালের আইসিটি টেকসই উন্নয়ন পুরস্কার অর্জন করেছেন।

ভবিষ্যৎ পরিকল্পনা:

- * আইসিটি খাতে গবেষণা ও উন্নয়ন খাতে ব্যয় জিডিপি'র ০.৬ শতাংশ থেকে ১ শতাংশে উন্নীতকরণ।
- * ২০১৮ সালের মধ্যে আইসিটি খাত থেকে বৈদেশিক আয়ের লক্ষ্যমাত্রা ১ বিলিয়ন ডলার নির্ধারণ করা হয়েছে।
- * ব্রডব্যান্ড কভারেজ ৩০ শতাংশ থেকে ৩৫ শতাংশে উন্নীতকরণ।
- * ইউনিয়ন, উপজেলা, জেলা, পৌর ও নগর পর্যায়ে আরো ডিজিটাল সেন্টার স্থাপন করা এবং সেবার পরিধি সম্প্রসারণ করা।
- * প্রাথমিক বিদ্যালয়ে আরো কম্পিউটার ল্যাব স্থাপন।
- * এলজিইউসহ দেশের সকল সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ ও পৌরসভায় ১০০% ই-জিপি বাস্তবায়ন করা।
- * ২০১৯-২০ সময়ের মধ্যে ১০০% জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করা। ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত ৯৫% জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন হয়েছে।

(তথ্যসূত্র: বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর)

৪.৮ ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের চার স্তম্ভ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কার্যক্রম:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি)-র সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে সমাজের সকল শ্রেণি ও পেশার মানুষের ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ সম্ভব। এ বাস্তবতায় বর্তমান সরকার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতকে রূপকল্প-২০২১ বাস্তবায়নের অন্যতম বাহন হিসেবে বিবেচনা করে ডিজিটাল বাংলাদেশ তথা আধুনিক সোনার বাংলা গড়ার প্রত্যয় ব্যক্ত করেছে। আর্থ সামাজিক উন্নয়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি) আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি শক্তিশালী মাধ্যম। সঠিক নীতির সাথে বাস্তবধর্মী কৌশল সমন্বিত করা হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জনকল্যাণে ও টেকসই উন্নয়নে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখতে পারে।

তথ্যপ্রযুক্তির যথোপযুক্ত ও সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে গণতন্ত্র ও মানবাধিকার নিশ্চিত করা, ন্যায়বিচার প্রতিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সকল সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া এবং সর্বোপরি তথ্যপ্রযুক্তির উৎকর্ষতার মাধ্যমে ক্ষুধা ও জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করা ডিজিটাল বাংলাদেশের মূল দর্শন। এ দর্শন বাস্তবায়নে দেশের জনগণকে বিশেষ করে তরুণ প্রজন্মকে তথ্যপ্রযুক্তি বিষয়ে দক্ষ হিসেবে গড়ে তোলা; দেশের সকল প্রান্তে প্রতিটি নাগরিকের জন্য কানেস্টিভিটি নিশ্চিত করা; সরকারের স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিত কল্পে জনগণের দোরগোড়ায় নাগরিক সেবা পৌঁছানো; ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য অর্জনে তথ্যপ্রযুক্তি শিল্পের সবাইকে প্রয়োজনীয় সুবিধা প্রদান করে সমন্বিতভাবে কাজ করা-এ ৪টি মূল উপাদান বা স্তম্ভকে সামনে রেখে শুরু হয় ডিজিটাল বাংলাদেশ স্বপ্ন পূরণের বিশাল কর্মকাণ্ড।



৪.৮.১ কানেক্টিভিটি ও অবকাঠামো উন্নয়ন:

সারাদেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরিকাঠামো স্থাপনের মাধ্যমে সকল নাগরিকের জন্য সমান ইন্টারনেট অভিজ্ঞতা নিশ্চিতকরণ ডিজিটাল বাংলাদেশের আরেকটি অন্যতম উপাদান। তৃণমূল পর্যায়ে পর্যন্ত ইন্টারনেট কানেক্টিভিটি সহজলভ্য করার নিমিত্ত প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এবং সুবিধাবঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠীসহ সর্বস্তরের সকলকে ইন্টারনেট সুবিধা প্রদান পূর্বক কানেক্টিভিটির আওতাভুক্ত করে ডিভাইড দূরীকরণ এ স্তরের প্রধান উদ্দেশ্য। বিশ্বায়নের এ যুগে দেশের প্রত্যন্ত বা দুর্গম অঞ্চলের নাগরিকরাও যেন তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জীবনমানের উন্নতি সাধন করতে পারে তা নিশ্চিত করাও এ স্তরের উল্লেখযোগ্য লক্ষ্য।

ডিজিটাল বাংলাদেশের এই গুরুত্বপূর্ণ স্তরটি বাস্তবায়নে বিভিন্ন কার্যক্রম/প্রকল্প কার্যকর ভূমিকা রেখেছে। এগুলো নিচে তুলে ধরা হলো:

- “অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিসিসিকে শক্তিশালীকরণ (১ম সংশোধিত)”: বিসিসির কার্যক্রম আরও জোরদার করতে এবং আইসিটি সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্থার সমন্বিত করার জন্য এই প্রকল্প নেয়া হয়। এ প্রকল্পের আওতায় জুলাই ২০১১ হতে জুন ২০১৫ সাল মেয়াদে বিসিসি ভবনের ৫ম তলা থেকে ১৫তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ সম্পন্ন করা হয়। ‘তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ’ এবং এর সাথে সম্পর্কিত সকল কর্তৃপক্ষ, বিভাগ এবং সংস্থা এখানে অবস্থান করছে। ফলে, ১৫-তলা বিসিসি ভবনটি সরকারের সমস্ত আইসিটি কাজের ‘সেন্টার অব এক্সিলেন্স’ হিসেবে কাজ করছে।
- বিভাগীয় সদরে স্ট্যান্ডার্ড কম্পিউটার প্রশিক্ষণ কোর্স পরিচালনা প্রকল্প: এ প্রকল্পের মেয়াদকাল ছিল জুলাই ১৯৯৮-জুন ২০০৮ পর্যন্ত। সারাদেশে কম্পিউটার প্রযুক্তির প্রসার ঘটানোর লক্ষ্যে এ প্রকল্প গ্রহণ করা হয়। এ প্রকল্পের আওতায় রাজধানীর বাইরে যথাক্রমে রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, চট্টগ্রাম ও ফরিদপুরে ৬টি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রকল্পের মূল লক্ষ্য ছিল সারা দেশে স্ট্যান্ডার্ড আইসিটি প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারিত করা। প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নের পরে এবং যেহেতু প্রকল্পটির কার্যক্রম চলমান প্রকৃতির তাই বিসিসি’র রাজস্ব বাজেটের আওতায় ২০০৯ সাল থেকে এর কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং এরই ধারাবাহিকতায় ২০১৯ সালে রংপুরে প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়।
- ১০১৩টি বিদ্যুতবিহীন ইউনিয়নে সৌর-বিদ্যুৎ সহকারে Union Information Service Centre(UISC) স্থাপন করা হয়েছে। পরবর্তীকালে এ সকল সেন্টারকে Union Digital Center (UDC) নামকরণ করা হয়েছে;
- ১৪৭টি উপজেলা নির্বাহী অফিসে UISC সদৃশ ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে;
- ৪১৭৬টি (তথ্যসূত্র: শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ এর এগিয়ে যাওয়ার এক যুগ) কম্পিউটার ল্যাব এবং ১০০টি স্মার্ট ক্লাস রুম দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপন করা হয়েছে;
- ২৭ টি বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়-কলেজে সাইবার সেন্টার স্থাপন করা হয়েছে;
- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে স্থাপিত জাতীয় ডেটা সেন্টার (Tier-III) থেকে নিরবচ্ছিন্নভাবে মেইল ডোমেইন, ওয়েবসাইট ও অ্যাপ্লিকেশন হোস্টিং, কো-লোকেশন সার্ভিস, ক্লাউড সার্ভিস ইত্যাদি সেবা প্রদান করা হচ্ছে। এ পর্যন্ত ৬১০টি ডোমেইনে সর্বমোট ৮৯,৭৯৯টি ইমেইল একাউন্ট খোলা হয়েছে এবং ডেটা সংরক্ষণ ক্ষমতা ১২ পেটাবাইটে বৃদ্ধি করা হয়েছে;
- যশোরে ডিজাস্টার রিকভারি সেন্টার স্থাপন করা হয়েছে;
- গাজীপুরের কালিয়াকৈর-এ বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে বিশ্বের ৭ম বৃহত্তম জাতীয় ডেটা সেন্টারটি (Tier-IV) গত ২৮ নভেম্বর ২০১৯ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক উদ্বোধনের মাধ্যমে চালু করা হয়;



মাননীয় প্রধানমন্ত্রী বিশ্বের ৭ম বৃহত্তম “ফোর টায়ার জাতীয় ডাটা সেন্টার” গত ২৮ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে উদ্বোধন করেন।

- বাংলা গভর্নেন্ট এবং ইনফো-সরকার ২য় পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় ১৮,৪৩৪টি সরকারি দপ্তরে (মন্ত্রণালয়, বিভাগ, জেলা এবং উপজেলা) অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে দ্রুতগতির ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে এবং
- ইনফো-সরকার ২য় পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় জুলাই ২০১৩-ডিসেম্বর সময়কালে সারাদেশে ৮৮৩টি (তথ্যসূত্র: শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ এর এগিয়ে যাওয়ার এক যুগ) ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন, ২৫,০০০ জন সরকারি কর্মকর্তাদের মাঝে ট্যাব বিতরণ, বাংলাদেশ সচিবালয় ও আইসিটি টাওয়ারে ইন্টারনেট সহজলভ্য করতে WiFi নেটওয়ার্ক স্থাপন, ৪৮৭টি ইউএনও কার্যালয়ে সৌর বিদ্যুৎ সুবিধা প্রদান, ২৫৪টি এগ্রিকালচারাল ইনফরমেশন সেন্টার এবং ২৫টি টেলিমেডিসিন সেন্টার স্থাপন করা হয়েছে;
- ২৬০০ ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে দ্রুতগতির ইন্টারনেট সংযোগ স্থাপন এবং ১০০০টি পুলিশ অফিসে Virtual Private Network (VPN) সংযোগ প্রদানের জন্য জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন ৩য় পর্যায় (ইনফো-সরকার, ৩য় পর্যায়) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। করোনা ভাইরাস [কোভিড-১৯] বর্তমান পরিস্থিতি এবং পোস্ট করোনা ভাইরাসের কারণে স্বাস্থ্য, অর্থনীতি, কৃষি, শিক্ষা এবং অন্যান্য খাতে ব্যাপক পরিবর্তন আসবে। এই পরিস্থিতির সাথে সম্পর্কিত তথ্যগুলি নিশ্চিত করতে তৃণমূল পর্যায়ের নাগরিককে প্রেরণ করা দরকার। ইনফো-সরকার ফেজ-৩ প্রকল্পের তৈরি পরিকাঠামো নাগরিককে সমস্ত সরকারি পরিষেবা সম্পর্কিত তথ্য সরবরাহ এবং দক্ষতার সাথে সচেতন করার জন্য একটি সুপার হাইওয়ে হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে;
- ইনফো-সরকার ফেজ-৩ প্রকল্প কর্তৃক স্থাপিত নেটওয়ার্কের আওতা বহির্ভূত দুর্গম ও প্রত্যন্ত এলাকাসমূহের অবশিষ্ট ৭৭২টি ইউনিয়ন কানেক্টিভিটি প্রদানের লক্ষ্যে “কানেক্টেড বাংলাদেশ” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন চলমান রয়েছে;
- বিসিসি কর্তৃক স্থাপিত জাতীয় নেটওয়ার্ক অপারেশন সেন্টার (এনওসি) এর কেন্দ্রীয় মনিটরিং সিস্টেমের আওতায় এ পর্যন্ত ১৭,২৯৩টি (তথ্যসূত্র: শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ এর এগিয়ে যাওয়ার এক যুগ) দপ্তর এবং তৈরিকৃত ১৭,২৯৩টি (তথ্যসূত্র: শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ এর এগিয়ে যাওয়ার এক যুগ) ফ্রি ওয়াইফাই জোনকে আনা হয়েছে। এ নেটওয়ার্কে ৯০২টি ভিডিও কনফারেন্সিং সিস্টেম সংযুক্ত করা হয়েছে। মনিটরিং সিস্টেমের অন্তর্ভুক্ত সরকারি দপ্তর ব্যতীত বাংলাদেশ সচিবালয়ে ৫০৬টি এক্সেস পয়েন্টের মাধ্যমে ফ্রি ওয়াইফাই সেবা প্রদান করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মাঠ পর্যায়ের দপ্তরসমূহের মোট ২২০০টি ভিডিও কনফারেন্সিং-এ নেটওয়ার্ক সংযোগসহ সকল প্রকার কারিগরি সহযোগিতা বিসিসি হতে সফলভাবে প্রদান করা হয়েছে। বিসিসি’তে ৫জি টেকনোলজির ওয়াইফাই-৬ রাউটার স্থাপন করা হয়েছে;
- বিসিসিতে ১টি Specialized Network Lab এবং ১টি Special Effect Lab স্থাপন করা হয়েছে। এ সকল ল্যাব নেটওয়ার্কিং, মোবাইল অ্যাপস, মোবাইল গেইম এবং সাইবার সিকিউরিটি, বিগডেটা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের কাজে ব্যবহার করা হচ্ছে;
- ই-সেবা উন্নয়ন ও ব্যবহার সহজীকরণে Bangladesh National Digital Architecture (BNDA) এর উন্নয়ন করা হয়েছে
- বিসিসি’তে সফটওয়্যার এবং হার্ডওয়্যার কোয়ালিটি টেস্টিং ল্যাব স্থাপন করা হয়েছে। এর ফলে দেশে সফটওয়্যার ও হার্ডওয়্যার এর মান নিশ্চিত করা সহজ হবে;
- বিসিসি’তে উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি নির্মাণ করা হয়েছে। এর ফলে দেশে টেকসই উদ্ভাবনী ইকোসিস্টেম গড়ে উঠবে;
- ডিজিটাল সিলেট সিটি শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট জেলায় IP Camera based surveillance Facility স্থাপন এবং সিলেট ও কক্সবাজার জেলায় Public Wi-Fi zone চালু করা হয়েছে;
- ডিজিটাল আইল্যান্ড মহেশখালী শীর্ষক প্রকল্পের আওতায় একটি ৫০ মিটার উচ্চতার Self-supported টাওয়ার নির্মাণ করা হয়েছে। যার মাধ্যমে দ্রুতগতির ইন্টারনেট সেবা চালু করা হয়েছে। এর আওতায় শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ক্ষেত্রে ই-সেবা ও ই-কমার্স সেবা প্রদান করা হচ্ছে;
- বিজিডি ই-গভ সার্টএ ডিজিটাল ফরেনসিক ল্যাব, “Cyber Range” সাইবার ডিফেন্স প্রশিক্ষণ সেন্টার এবং ১৫টি নির্দিষ্ট সরকারি গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure) সাইবার সেন্সর প্রযুক্তি স্থাপন করা হয়েছে;
- South Asia Sub Regional Economic Cooperation Information Highway (SASEC IH) প্রকল্পের Regional Network (RN) এর আওতায় ভারত, নেপাল, ভূটান ও বাংলাদেশের মধ্যে অপটিক্যাল ফাইবার ক্যাবল দ্বারা সংযোগ প্রদান এবং ডেটা আদান-প্রদানের সক্ষমতা বৃদ্ধির জন্য বিটিসিএল কর্তৃক শিলিগুড়িতে স্থাপিত NOC এর সাথে সংযোগের জন্য পঞ্চগড় জেলা হতে বাংলাবান্ধার নোম্যানস ল্যান্ড পর্যন্ত ৫৬ কিঃমিঃ অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন এবং কোলকাতা হয়ে শিলিগুড়ির Network Operation Center (NOC) এর সাথে সংযোগের জন্য বিটিসিএল চুয়াডাঙ্গা, মেহেরপুর, মগবাজার, পঞ্চগড় ও ঠাকুরগাঁয়ে Transmission Equipments স্থাপন করা হয়েছে। Village

Network (VN) আওতায় দেশের ৩০টি উপজেলায় ৩০টি কমিউনিটি ই-সেন্টার বা উপজেলা তথ্য সেবা কেন্দ্র স্থাপন এবং Research and Training Network (RTN) এর আওতায় কারিগরি দক্ষতা বৃদ্ধির জন্য ভারত, নেপাল ভূটান ও বাংলাদেশে ৪টি ওয়েব পোর্টাল তৈরি এবং www.sasecrt.n.bcc.net.bd নামে একটি ওয়েব পোর্টাল বিসিসি'তে হোস্ট করা হয়েছে।

- **শেখ রাসেল ডিজিটাল ল্যাব**

দেশে আইসিটি শিক্ষার বিস্তার ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশের নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে ৪১৭৬টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যাবসহ ৪০০১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ১৬০টি প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম এবং সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ কমিউনিটি স্কুলসমূহে ১৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ স্থানীয়ভাবে সাইবার সেন্টার, প্রশিক্ষণ কেন্দ্র ও আইসিটি ক্লাব হিসেবে ব্যবহৃত হচ্ছে। ফলে ইউনিয়ন পর্যায় পর্যন্ত স্থাপিত ল্যাবসমূহের মাধ্যমে এলাকার তরুণ-তরুণীরা বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ ও ইন্টারনেট ব্যবহারের সুবিধা পাচ্ছে। ২০২০-২০২৩ মেয়াদে শেখ রাসেল ডিজিটাল ল্যাব (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের মাধ্যমে আরো ৫০০০ ল্যাব ও প্রতিটি সংসদীয় আসনে একটি করে মোট ৩০০টি মাধ্যমিক বিদ্যালয়ে আধুনিক সুবিধা সমন্বিত “School of Future” প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে।

ভাষা প্রশিক্ষণ ল্যাবের মাধ্যমে ৯টি ভাষা (ইংরেজি, ফ্রেঞ্চ, স্প্যানিশ, জার্মান, জাপানিজ, কোরিয়ান, রাশিয়ান, আরবি ও চাইনিজ) শেখানোর লক্ষ্যে ভাষাগুরু সফটওয়্যার তৈরি করা হয়েছে যা জাতীয় সংসদের মাননীয় স্পিকার উদ্বোধন করেন।

- **বৈঠক (vc.bcc.gov.bd) প্ল্যাটফর্ম**

কোভিড বা একই ধরনের মহামারীতে সরকারি কার্যক্রম গতিশীল রাখা এবং নিরাপদে মিটিং/আলোচনা সভা পরিচালনার বিষয়গুলি বিবেচনায় নিয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BND) টিম প্রস্তুত করেছে বৈঠক (vc.bcc.gov.bd) প্ল্যাটফর্ম।



এটি মূলত একটি ওয়েবভিত্তিক ভিডিও কনফারেন্সিং অ্যাপ্লিকেশন, যা জাতীয় ডেটা সেন্টারের সুরক্ষিত সার্ভারে হোস্ট করা আছে। ফলে মিটিং-এর রেকর্ডিং বা আলোচনা দেশের বাইরে যাওয়ার ঝুঁকি থাকে না। অন্যদিকে নিজস্ব ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণের কারণে লম্বা সময়ের মিটিংও করা যায় স্বাচ্ছন্দ্যের সাথে। সশরীরে উপস্থিতি ছাড়াই এ প্ল্যাটফর্মের সাহায্যে বিভিন্ন মিটিং/ আলোচনা সভা অনলাইনে করা যায়। স্মার্ট ফোন ব্যবহার করেও মিটিং-এ অংশগ্রহণ করার সুবিধা রয়েছে এ প্ল্যাটফর্মে। ইতোমধ্যে বিসিসি ও এর আওতাধীন বিভিন্ন প্রকল্প কর্তৃক সীমিত আকারে ব্যবহার করে প্রাপ্ত মতামতের ভিত্তিতে এ প্ল্যাটফর্মটি পরিমার্জিত করা হয়েছে, ফলে বৈঠক এখন সরকার/মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বড় পরিসরে ব্যবহার করা যাবে।



চিত্র: করোনাকালীন সময়ে ‘বৈঠক’ প্ল্যাটফর্মে মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সকল কর্মকর্তাগণকে নিয়ে সভা করেন।

৪.৮.২ মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ:

প্রশিক্ষিত, পরিবর্তিত তথ্যপ্রযুক্তির ব্যবহারে সক্ষম, দক্ষ জনসমষ্টি ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অন্যতম মূল ভিত্তি। সে প্রেক্ষিতে এ স্তরের প্রধান লক্ষ্য হলো শিক্ষা ব্যবস্থার সর্বস্তরে তথ্যপ্রযুক্তি বিষয়ক জ্ঞান সংযোজন ও প্রয়োগ এবং নতুন নতুন প্রযুক্তির সাথে অভিযোজনে সক্ষমতা অর্জনের নিমিত্ত প্রান্তিক জনগোষ্ঠীসহ সকলের জন্য প্রশিক্ষণের ব্যবস্থাকরণ। বিশেষত: তরুণ প্রজন্মকে একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় পরিবর্তিত বিশ্বের সাথে অভিযোজিত করে তোলা এবং সফল ভবিষ্যৎ বিনির্মাণে তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান পূর্বক মানবসম্পদে রূপান্তরিত করা এ স্তরের অন্যতম অভীষ্ট।

- বিসিসি এবং বিসিসি কর্তৃক গৃহীত প্রকল্প হতে প্রায় ২,২১,০০০ (দুই লক্ষ একুশ হাজার) জনকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পুরুষ ও মহিলা প্রশিক্ষার্থীর অনুপাত যথাক্রমে ৭২% ও ২৮%;
- বিকেআইআইসিটি এবং ৬টি আঞ্চলিক কেন্দ্র হতে জুলাই, ২০০৯ অক্টোবর, ২০২০ এ সময়কালে বর্তমান বিশ্বের চাহিদা অনুযায়ী ৭টি ডিপ্লোমা/পিজিডি ও ২৬টি স্বল্পমেয়াদি কোর্সের আওতায় মোট ৩৩,০৫০ (তেত্রিশ হাজার পঞ্চাশ) জনকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে পুরুষ ২৩৪৫০ জন ও মহিলা ৯৬০০ জন;
- বেসিক আইসিটি স্কিল ট্রান্সফার আপ টু উপজেলা লেভেল প্রকল্পের আওতায় ৭,৮৯০ জন শিক্ষককে মাস্টার ট্রেনার এবং ১,১২,১৮৯ জন ছাত্র-ছাত্রীকে আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন কর্মসূচি আওতায় ৩১৬ জন মাস্টার ট্রেনারকে এবং ৩৮৩৭ জন সরকারি কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদেরকে বেসিক আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- এমপাওয়ারিং রুরাল কমিউনিটিজ রিচিং দ্যা আনরিচড ইউনিয়ন ইনফরমেশন এন্ড সার্ভিস সেন্টার প্রকল্পের আওতায় ইউআইএসসি উদ্যোক্তা প্রশিক্ষণে ৫,৬৭০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- লিভারেজিং আইসিটি ফর গ্রোথ, এমপ্লয়মেন্ট এন্ড গভর্নেন্স (এলআইসিটি) প্রকল্পের আওতায় আন্তর্জাতিক মানের প্রশিক্ষণে ৩৩,৫৬৪ (তেত্রিশ হাজার পাঁচশ চৌষট্টি) জন আইটি প্রশিক্ষিত দক্ষ মানব সম্পদ তৈরি করা হয়েছে। যার মধ্যে ১১,১৩১ (এগার হাজার একশ একত্রিশ) জনের কর্মসংস্থান হয়েছে।
- মধ্যম স্তরের কর্মকর্তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ'তে Advanced A Certification for Management Professionals প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফেসবুকের সাথে যৌথভাবে ১৩,০০০ জনকে ডিজিটাল মার্কেটিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আইটি/আইটিইএস প্রফেশনালদের জন্য অনলাইন পোর্টাল বিডিস্কিলস (bdskills.gov.bd) চালু করা হয়েছে;
- বাংলাদেশের প্রথম সারির আইটি কোম্পানিগুলোকে নিবিড়ভাবে নিরীক্ষা করে নির্বাচিত কোম্পানিগুলোর নির্বাহীদের জন্য ব্যবসা সম্প্রসারণ সংক্রান্ত ৩১টি ট্রেনিং সেশন সম্পন্ন করা হয়েছে;



চিত্র: ঢাকায় অনুষ্ঠিত আন্তর্জাতিক ব্লকচেইন অলিম্পিয়াড ২০২১-এর উদ্বোধনী অনুষ্ঠান।

- বৈদেশিক প্রশিক্ষণ: বিসিসি'র রাজস্ব খাতের ৪১ জন কর্মকর্তা ০৩ জন কর্মচারী এবং বিভিন্ন প্রকল্পের আওতায় ৯৫০ জন কর্মকর্তা আন্তর্জাতিক মানের আইসিটি প্রশিক্ষণ সম্পন্ন করেন;
- ঢাকা ও সিন্ধাপুরে দেশি আইটি কোম্পানির মোট ৫০ জন সিএক্সও লেভেলের কর্মকর্তার প্রশিক্ষণ দেয়া হয়েছে;
- ই-গভর্নেন্স ও সাইবার নিরাপত্তা বিষয়ে ৩,০২৫ জন সরকারি কর্মকর্তাকে দেশে ও বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- বিসিসি'তে স্থাপিত সাইবার ডিফেন্স প্রশিক্ষণ সেন্টারে এ পর্যন্ত ২৬৭ জন সরকারি কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ইনফো-সরকার ফেজ-৩ প্রকল্পের আওতায় দেশে স্থাপিত গভর্নমেন্ট নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় বিষয়ে ৭২০ জন কর্মকর্তাকে (IP, DWDM, Power এবং Switch-এর ওপর) প্রশিক্ষণ দেয়া হয়েছে। চীন এবং থাইল্যান্ডে ৩৫ জন উর্ধ্বতন কর্মকর্তাকে নিয়ে এক সপ্তাহব্যাপী এক্সিকিউটিভ ম্যানেজমেন্ট প্রশিক্ষণও দেয়া হয়েছে;
- গত ৫ জুন ২০২০ তারিখে আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি ভার্সুয়াল প্ল্যাটফর্মে প্রায় ৭০০ প্রশিক্ষার্থীর উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে Emerging Technology (Artificial Intelligence (AI), Blockchain, Data Analytics, Medical Scribe, Cyber Security, Internet of Things (IOT) etc. ইত্যাদি) এর প্রশিক্ষণ উদ্বোধন করেন।



National University of Singapore (NUS) মাধ্যমে Artificial Intelligence (AI) এর উপর প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানের স্ক্রিনশট

- সফটওয়্যার কোয়ালিটি পরীক্ষা ও সার্টিফিকেশন সেন্টার স্থাপন প্রকল্পের মাধ্যমে বিসিসি'র ৩৯ জন কর্মকর্তা ISTQB Core Foundation ও ISTQB Agile Foundation প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। ১৫ জন কর্মকর্তা ISTQB Core Foundation এর সার্টিফিকেট অর্জন করেছেন।
- “ফরমেশন অব দি ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান ফর ডিজিটাল বাংলাদেশ” প্রকল্পের মাধ্যমে মোট ৪৭ জন কর্মকর্তাকে দক্ষিণ কোরিয়ায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও ৪২টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ১১৬ কর্মকর্তাকে কোরিয়ান বিশেষজ্ঞ প্রশিক্ষক দিয়ে সেল্টোরাল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে ০৫ (পাঁচ)টি কর্মশালার আয়োজন করা হয়েছে যেখানে প্রায় ৩০০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি প্রকল্পের অধীনে ১০টি স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের মোট ৬৭৮ জনকে উন্নয়নকৃত মডিউলের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ১২ জন কর্মকর্তা দক্ষিণ কোরিয়াতে “ERP System in South Korea” এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন।
- প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়নে এ পর্যন্ত ২,৩০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রতিবছর প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চাকুরী মেলার আয়োজন করা হচ্ছে। অংশগ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে এ পর্যন্ত প্রায় ৫০০ জনের চাকুরী ব্যবস্থা করা হয়েছে;
- জাপানিজ আইটি সেক্টরের উপযোগী করে আইটি ইঞ্জিনিয়ারদের দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রকল্প এর আওতায় জাপানিজ ভাষা, জাপানিজ বিজনেস কালচার ও আইটি এর ওপর এ পর্যন্ত ২৬৫ (দুই'শ পঁয়ষট্টি) জন সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করেছে। এদের মধ্যে ১৮৫ (এক'শ পঁচাশি) জনের কর্মসংস্থান জাপানে এবং ৭০ (সত্তর) জনের কর্মসংস্থান জাপান-বেইজিং বাংলাদেশি কোম্পানিতে হয়েছে, কর্মসংস্থানের হার ৯৬%।
- উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ (iDEA) শীর্ষক প্রকল্পের আওতায় ৫,৬৪৪ জন স্টার্টআপকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রকল্পের মার্কেটিং প্রমোশনের আওতায় ১০০টি পাবলিক/ প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি এক্সিভেশন প্রোগ্রাম করা হয়েছে।

- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চাকুরী মেলা ২০২০: সরকারের ইতিবাচক নীতিমালা ও পদক্ষেপের কারণে প্রতিবন্ধী ব্যক্তিসহ সমাজের অপেক্ষাকৃত অনগ্রসর জনগোষ্ঠীর হাতেও ডিজিটাল প্রযুক্তির সুবিধা পৌঁছে গেছে। আইসিটি বিভাগ এ লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করে। ২০০৯ সালে প্রণীত জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালায় প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়ে বেশ কিছু করণীয় সংযোজন করা হয়। ২০১১ সাল হতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিনা ফিতে আইসিটি প্রশিক্ষণের সুবিধা চালু করা হয়। পরবর্তীকালে আইসিটিতে প্রশিক্ষিত এবং দক্ষতাসম্পন্ন প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের জন্য প্রার্থী এবং চাকুরীদাতা প্রতিষ্ঠানের সম্মেলনে ২০১৫ সাল হতে চাকুরী মেলার আয়োজন করা হচ্ছে। এর পাশাপাশি প্রতিবন্ধীতা বিষয়ে সমাজে সচেতনতা সৃষ্টির জন্য সারা দেশে সেমিনার, কর্মশালা ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয়োজিত চাকুরী মেলা হতে ২০১৫ সালে ৩২ জন, ২০১৬ সালে ৬০ জন, ২০১৭ সালে ১১৫ জন, ২০১৮ সালে ১৭৬ জন এবং ২০১৯ সালে ৮৬ জন আইসিটিতে দক্ষ প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থানের ব্যবস্থা হয়।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক সেন্টার ফর সার্ভিসেস এন্ড ইনফরমেশন অন ডিজিটালিটি (সিএসআইডি) এর সহযোগিতায় প্রতিবন্ধী ব্যক্তিদের “চাকুরী মেলা ২০২০” গত ১১/০১/২০২০ খ্রিঃ ঢাকায় অনুষ্ঠিত হয়। এবারের মেলায় ৫০০ জন প্রতিবন্ধী ব্যক্তি চাকুরীর জন্য নিবন্ধন করে। চাকুরী প্রদানকারী ২৫টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং নিবন্ধকারী প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে ৫০ জনকে চাকুরী প্রদান করে।

BACCO, BASIS, BKMEA, FBCCI, CCOAB এবং আইসিটি শিল্পের কিছু চাকুরীদাতা প্রতিষ্ঠান এবং এনজিও সহ মোট ৩৭টি প্রতিষ্ঠান তথ্যপ্রযুক্তিতে প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ করে দিতে এ মেলায় অংশগ্রহণ করে। এছাড়াও একটি স্টল ছিল সেখানে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উদ্ভাবিত সফটওয়্যার ও হার্ডওয়্যার টুলস প্রদর্শন করা হয়।



চিত্র: প্রতিবন্ধী ব্যক্তিদের “চাকুরী মেলা ২০২০” উদ্বোধন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি।

- আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৯ (আইসিপিপি): বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল গত ১৬ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৯ (আইসিপিপি) সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ে আয়োজন করে। সারা দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং কলেজ থেকে ১৯০টি দল এ প্রতিযোগিতায় অংশ নেয়। এ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন, প্রথম রানার্সআপ এবং তৃতীয় স্থান অর্জনকারী দলকে পুরস্কৃত করা হয়।



চিত্র: আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা (ICPC) ২০১৯ বিজয়ীদের সাথে অতিথিরা।

- জাতীয় কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা (এনসিপি) ২০২০: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল গত ২২ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখে জাতীয় কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা (এনসিপি) ঢাকার মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে (এমআইএসটি) আয়োজন করে। এতে আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াডে (আইওআই) অংশগ্রহণকারী তিনটি দলসহ দেশের ৭৮টি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ১৫০টি দল অংশগ্রহণ করে। ১১টি সমস্যার মধ্যে নয়টির সমাধান করে চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ডিইউ সোয়াম্পফায়ার' দল। আর আটটি সমস্যা সমাধান করে প্রথম ও দ্বিতীয় রানার্সআপ হয় যথাক্রমে বুয়েটের 'বুয়েট হেলবেন্ট' ও 'সমাহিত'।
- গ্লোবাল আইটি চ্যালেঞ্জ (জিআইটিসি) ২০১৯: গত ২৫ নভেম্বর ২০১৯ খ্রি. তারিখ দক্ষিণ কোরিয়ার বুসানের পুকইয়ং ইউনিভার্সিটিতে তরুণ ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য 'গ্লোবাল আইটি চ্যালেঞ্জ ২০১৯' প্রতিযোগিতায় একটি ক্যাটাগরিতে বাংলাদেশ প্রথম পুরস্কারসহ দুটি অ্যাওয়ার্ড পেয়েছে। শ্রবণ, স্বাভাবিক বিকাশ, দৃষ্টি ও শারীরিক প্রতিবন্ধী এ চারটি ক্যাটাগরিতে ই-টুল চ্যালেঞ্জ অনুষ্ঠিত হয়। এ বছর যুক্তরাজ্য, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, ভিয়েতনাম, ইন্দোনেশিয়াসহ ২০টি দেশের তিন শতাধিক প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ২০১১ সাল থেকে এ প্রতিযোগিতা হচ্ছে।
- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল গত ২২ জুন ২০১৯ খ্রিঃ তারিখে যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইসিটি প্রতিযোগিতা আয়োজন করে। সারাদেশ থেকে আগত মোট ১০০ জন প্রতিযোগী ৪টি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় চারটি ক্যাটাগরির প্রত্যেকটি হতে সেরা ৩ জন করে নিয়ে মোট ১২ জনকে পুরস্কৃত করা হয়।
- জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৮: শিশু-কিশোরদের তথ্যপ্রযুক্তি শিক্ষায় আগ্রহী করতে মার্চ, ২০১৮ থেকে সারাদেশে ১৮০ টি স্কুলের শিক্ষার্থীদের সমন্বয়ে দেশব্যাপী 'জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৮' আয়োজন করে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং ৩০ অক্টোবর, ২০১৮ বিসিসি মিলনায়তনে পুরস্কার বিতরণ করা হয়;
- লেভারজিং আইসিটি ফর এমপ্লয়মেন্ট এন্ড গ্রোথ অব আইটি-আইটিএস ইন্ডাস্ট্রি প্রকল্পের আওতায় তথ্যপ্রযুক্তি শিল্পের বিকাশের জন্য লন্ডনে একটি নেটওয়ার্কিং ইভেন্ট আয়োজন করা হয়েছে। এছাড়াও সারাদেশ থেকে ৬৪টি টিম এর ৪৫০ জন অংশগ্রহণকারীকে নিয়ে অনলাইনে ২ দিনব্যাপী ব্লকচেইন অলিম্পিয়াড আয়োজন করা হয়েছে।
- মানবসম্পদ উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের গৃহীত কর্মসূচির অন্যতম জাতীয় আইসিটি ইন্টার্নশিপ। এ প্রোগ্রামের উদ্দেশ্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে জনবলের পেশাগত দক্ষতা উন্নয়ন। ইন্টার্নশিপ প্রোগ্রাম এ পর্যন্ত ১৩ টি ব্যাচের মাধ্যমে মোট ৩,১৭২ জনের ইন্টার্নশিপ সুযোগ সৃষ্টি করা হয়।
- আইটি ও নন-আইটি গ্রাজুয়েটদের IT Skill Standard নির্ধারণের জন্য IT Engineers Examination (ITEE) চালু করা হয়েছে। এ পর্যন্ত ৬২১ জন সার্টিফিকেশন অর্জন করেছে, যারা জাপানসহ মোট ৭টি দেশে আইটি সেक्टरে চাকুরী করার সুযোগ পাচ্ছে। IT Engineers Examination (ITEE) পরীক্ষা মূলত জাপান সরকার কর্তৃক প্রবর্তিত আইসিটি গ্রাজুয়েট ও পেশাজীবীদের মানদণ্ড নির্ণায়ক একটি পরীক্ষা। বাংলাদেশ জাপানের সহায়তায় অক্টোবর ২০১৩ মাসে

আন্তর্জাতিকভাবে স্বীকৃত ITEE পরীক্ষা প্রবর্তন করে। আইসিটি বিভাগের নেতৃত্বে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) জাপানের সহায়তায় এ সার্টিফিকেশনের যাবতীয় কার্যক্রম পরিচালনা করে থাকে। ITEE তথ্যপ্রযুক্তিতে শিক্ষিত জনবল ও পেশাজীবীদের দক্ষতা পরিমাপ করার একটি আন্তর্জাতিক সার্টিফিকেশন। একটি পরীক্ষায় অংশগ্রহণ করে এই সার্টিফিকেশন অর্জন করা যায়। পরীক্ষায় উত্তীর্ণ সকল পরীক্ষার্থীকে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সার্টিফিকেট প্রদান করা হয়, যা জাপানসহ এশিয়ার ১৩টি দেশে স্বীকৃত। এই পরীক্ষার জন্য একজন প্রার্থীকে তথ্যপ্রযুক্তির বিভিন্ন বিষয়ে জ্ঞানসম্পন্ন হতে হয়। পাশাপাশি প্রায়োগিক বিষয়েও যথেষ্ট জ্ঞানসম্পন্ন হতে হয়।



চিত্র: ITEE পরীক্ষার সনদপত্র বিতরণ অনুষ্ঠান

- বাংলাদেশে ১০০ টির বেশি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে আইসিটি বিষয়ক স্নাতক ডিগ্রি প্রদান করা হয় এবং প্রতি বছর দশ হাজার এর অধিক আইসিটি গ্রাজুয়েট পাস করে বের হয়। কিন্তু বাংলাদেশের তথ্যপ্রযুক্তি পেশাজীবী ও গ্রাজুয়েটদের জ্ঞান ও দক্ষতা পরিমাপ করার কোনো মানদণ্ড নেই, এমনকি আন্তর্জাতিক মানের কোন স্তরে আছে সেটাও জানা নেই। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদের জ্ঞান ও দক্ষতা ভিন্ন ভিন্ন রকম, এমনকি বিভিন্ন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে পাস করা গ্রাজুয়েটদের মানের মধ্যেও ভিন্নতা রয়েছে। বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দিকে লক্ষ্য করলেই বিষয়টি পরিষ্কার বোঝা যায়। এরকম ভিন্নতা থাকলে আইটি শিল্পে তাঁদের নিয়োগের ক্ষেত্রে অর্জিত দক্ষতা কিভাবে পরিমাপ করা যাবে? দেশে দেশে এরকম সমস্যা বিরাজমান রয়েছে। এরই পরিপ্রেক্ষিতে পেশাজীবী ও গ্রাজুয়েটদের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর মাধ্যমে ITEE এর মত সার্টিফিকেশন স্কিম চালু করা হয়, যাতে দেশ ও বিদেশের ভিন্ন ভিন্ন বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদের জ্ঞান ও দক্ষতা একই মানদণ্ডে পরিমাপ করা যায়। ফলে ITEE দেশের ও বহির্বিদেশের আইটি বাজারে পেশাজীবীদের কর্মসংস্থানের ক্ষেত্রে দক্ষতা প্রদর্শনের খুব কার্যকর মাধ্যম হিসেবে ব্যবহৃত হচ্ছে এবং ITEE পরীক্ষায় উত্তীর্ণরা জাপানসহ বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে।
- মোট ৫৭,৬০০ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাগরিককে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

তথ্যপ্রযুক্তি খাতের পেশাজীবী ও গ্রাজুয়েটদের জ্ঞান ও দক্ষতার মানদণ্ড পরিমাপের পদ্ধতি হিসেবে IT Engineers Examination (ITEE) প্রবর্তন:

- বাংলাদেশে ১০০টির বেশি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে আইসিটি বিষয়ক স্নাতক ডিগ্রি প্রদান করা হয় এবং প্রতি বছর দশ হাজার এর অধিক আইসিটি গ্রাজুয়েট পাস করে বের হয়। কিন্তু বাংলাদেশের তথ্যপ্রযুক্তি পেশাজীবী ও গ্রাজুয়েটদের জ্ঞান ও দক্ষতা পরিমাপ করার কোনো মানদণ্ড ছিল না, এমনকি আন্তর্জাতিক মানের কোন স্তরে আছে সেটাও নির্ণয় করা যেত না। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদের জ্ঞান ও দক্ষতা ভিন্ন ভিন্ন রকম, এমনকি বিভিন্ন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে পাস করা গ্রাজুয়েটদের মানের মধ্যেও ভিন্নতা রয়েছে। সকল আইসিটি পেশাজীবী ও গ্রাজুয়েটদের জ্ঞান ও দক্ষতা আন্তর্জাতিকভাবে স্বীকৃত একই মানদণ্ডে পরিমাপের লক্ষ্যে আইসিটি বিভাগের নেতৃত্বে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক IT Engineers Examination (ITEE) এর মত সার্টিফিকেশন স্কিম চালু করা হয়, যাতে দেশ ও বিদেশের ভিন্ন ভিন্ন বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদের জ্ঞান ও দক্ষতা একই মানদণ্ডে পরিমাপ করা যায়।

- ITEE পরীক্ষা তথ্যপ্রযুক্তিতে শিক্ষিত জনবল ও পেশাজীবীদের দক্ষতা পরিমাপের একটি আন্তর্জাতিক সার্টিফিকেশন, যা জাপান সরকার কর্তৃক প্রবর্তিত। বাংলাদেশসহ এশিয়ার ৭টি দেশে একই সময়ে একই প্রশ্নপত্রে এ পরীক্ষা গ্রহণ করা হয় ও বছরে দু'বার এ পরীক্ষা পরিচালনা করা হয় এবং জাপান কর্তৃক উত্তরপত্র মূল্যায়ন করা হয়। এই পরীক্ষার জন্য একজন প্রার্থীকে তথ্যপ্রযুক্তির বিভিন্ন বিষয়ে জ্ঞানসম্পন্ন হতে হয়, পাশাপাশি প্রায়োগিক বিষয়েও যথেষ্ট জ্ঞানসম্পন্ন হতে হয়। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল জাপানের সহায়তায় ২০১৩ সনে এ পরীক্ষা প্রবর্তন করে এবং এ সার্টিফিকেশনের যাবতীয় কার্যক্রম পরিচালনা করে আসছে। অনলাইনে পরীক্ষার রেজিস্ট্রেশন (www.bditec.gov.bd) সম্পন্নপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করে এই সার্টিফিকেশন অর্জন করা যায়।



চিত্র: বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে ITEE বিষয়ক ওয়ার্কশপ

- পরীক্ষায় উত্তীর্ণ সকল পরীক্ষার্থীকে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এবং সর্বোচ্চ স্কোর অর্জনকারী ৩ (তিন) জনকে জাপান সরকারের পক্ষ থেকে সার্টিফিকেট প্রদান করা হয়। এছাড়াও, প্রতি পরীক্ষার সর্বোচ্চ স্কোর অর্জনকারী ১ (এক) জনকে জাপান সরকারের সম্পূর্ণ অর্থায়নে ১০ (দশ) দিনের জন্য জাপানের তথ্যপ্রযুক্তিতে অগ্রণী ভূমিকা পালনকারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও জ্ঞান লাভের সুযোগ দেয়া হয়। এ সার্টিফিকেট দেশ ও বহির্বিদেশের আইটি সেक्टरে কর্মসংস্থানের ক্ষেত্রে দক্ষতা প্রদর্শনের খুব কার্যকর মাধ্যম হিসেবে ব্যবহৃত হচ্ছে এবং ITEE পরীক্ষায় উত্তীর্ণরা জাপানসহ বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ লাভ করছে।



চিত্র- ITEE পরীক্ষার সনদপত্র বিতরণ অনুষ্ঠান

- ITEE পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের জন্য বাংলাদেশসহ ৭টি দেশে প্রশ্ন প্রণয়নকারী গ্রুপ রয়েছে, যারা জাপানের নির্দেশনা অনুযায়ী প্রশ্ন প্রণয়ন করে জাপানে প্রেরণ করেন। জাপানে প্রশ্নসমূহ পর্যালোচনার জন্য ১০০০+ রি-ভিউয়ার রয়েছে, যারা প্রাপ্ত প্রশ্নসমূহ রিভিউ করাসহ প্রশ্নসমূহ গ্রহণযোগ্য কিনা তা নির্ধারণ করেন। প্রয়োজনে প্রশ্নসমূহের মান উন্নয়নের জন্য তাদের মতামতসহ পুনরায় নির্দেশনা প্রদান করে থাকেন। একটি প্রশ্ন গ্রহণযোগ্য পর্যায়ে আনার জন্য একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশের প্রশ্ন প্রণয়ন কমিটির প্রণীত প্রশ্নসমূহ ৭টি দেশের মধ্যে সবচেয়ে বেশি হারে গ্রহণযোগ্য হয়ে থাকে, যা বাংলাদেশের জন্য একটি বিরল সম্মান। সর্বশেষ সেপ্টেম্বর ২০২০ মাসে প্রশ্ন প্রণয়নকারী দেশসমূহের মধ্যে বাংলাদেশি প্রশ্ন প্রণয়নকারীদের প্রণয়নকৃত ৭৬% প্রশ্ন গ্রহণযোগ্য হিসেবে মূল্যায়িত হয়ে ১ম স্থান লাভ করে, যেখানে ২য় স্থান অর্জনকারী দেশের গ্রহণযোগ্যতার হার ছিল ৫০%। বাংলাদেশে এই প্রশ্ন প্রণয়ন কমিটির সদস্য সংখ্যা ১৪ (চৌদ্দ) এবং কমিটির চেয়ারম্যান হিসেবে রয়েছেন কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর আইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ মাহফুজুল ইসলাম। এছাড়াও কমিটির সদস্য হিসেবে প্রশ্ন প্রণয়নে নিয়োজিত রয়েছেন বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ স্বনামধন্য ৮টি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসরবৃন্দ, আইসিটি ইন্ডাস্ট্রির প্রতিনিধি ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের কর্মকর্তাবৃন্দ।



চিত্র: কক্সবাজারে অনুষ্ঠিত প্রশ্ন প্রণয়ন কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ (১২-১৫ ফেব্রুয়ারি ২০২০)

- ITEE পরীক্ষায় বাংলাদেশি বিশ্ববিদ্যালয়সমূহের আইসি সংশ্লিষ্ট বিভাগের ছাত্র/ছাত্রীদের ITEE পরীক্ষায় অংশগ্রহণ, পরীক্ষার প্রস্তুতি ও ভালো ফলাফল অর্জনের লক্ষ্যে দক্ষ প্রশিক্ষক পুল গড়ে দেয়ার উদ্দেশ্যে The Association for Overseas Technical Cooperation and Sustainable Partnerships (AOTS), Japan কর্তৃক ২০টি বিশ্ববিদ্যালয়ের ২০ জন শিক্ষককে ITEE বিষয়ক TOT প্রশিক্ষণ প্রদান করার প্রস্তাবনা বিসিসি'র কাছে প্রেরণ করেছে। প্রশিক্ষণটি আগামী ২৪-২৮ জানুয়ারি ২০২১ ঢাকায় অনুষ্ঠিত হবে।
- **উন্নয়নে নারী শীর্ষক প্রোগ্রাম:**
প্রশিক্ষণের মাধ্যমে নারীর দক্ষতা উন্নয়নের লক্ষ্যে Office Applications & Unicode Bangla under WID প্রশিক্ষণ কোর্সের আওতায় এ পর্যন্ত ১২৮০ জন নারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া Women IT Frontier Initiative (WIFI) প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে এ পর্যন্ত ১০১১ জন নারী উদ্যোক্তাকে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে;
নারীদের উন্নয়নে ওমেন ইনোভেশন ক্যাম্প আয়োজন করা হয়েছে। ইতোমধ্যে ১০টি নারীবান্ধব প্রকল্পকে ফান্ড প্রদান করা হয়েছে।
- **প্রতিবন্ধীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ**
প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়নে এ পর্যন্ত ৬৯১ জন এবং অন্যান্য কার্যক্রমে আরও ৪ হাজার ৮শ ৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রতিবছর আইসিটি প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চাকরি মেলায় আয়োজন করা হয়। অংশগ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্য থেকে এ পর্যন্ত ৩৮৩ জনের কর্মসংস্থান হয়েছে।
৩৩৩ হেল্পলাইনকে অন্তর্ভুক্তিমূলক এবং প্রতিবন্ধীবান্ধব কল সেন্টারে পরিণত করা হয়েছে।

প্রতিবন্ধীদের সার্বিক উন্নয়নের জন্য বেশ কিছু প্রকল্প গ্রহণ করা হয়েছে। তাদের মধ্যে অন্যতম:

- ষষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ডিজিটাল শিক্ষা উপকরণ তৈরি;
 - শারীরিক প্রতিবন্ধীদের তথ্য ও সেবা কেন্দ্র;
 - প্রতিবন্ধী ব্যক্তিদের বিশেষ ই-পরিষেবা;
 - বাক প্রতিবন্ধীদের জন্য স্বল্পমূল্যের ডিভাইস;
 - মাল্টিমিডিয়া টকিং বুক এবং দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য স্বল্পমূল্যের মাল্টিমিডিয়া টকিং বুক রিডার।
 - চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে দেশের প্রথম ইনক্লুসিভ ইউনিভার্সিটি বাস্তবায়ন করার কাজ চলমান রয়েছে। ২০২৩ সালের মধ্যে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোকে ইনক্লুসিভ ইউনিভার্সিটি হিসেবে তৈরি করতে সহযোগিতা করা হবে।
 - দৃষ্টি প্রতিবন্ধী এবং নিরক্ষরদের জন্য প্রাথমিক ও মাধ্যমিক স্তরে ১০৯টি পাঠ্যবইয়ের জন্য ডিজিটাল টকিং বুক চালু রয়েছে;
 - সকল ওয়েবসাইট প্রতিবন্ধীবান্ধব করতে একটি ওয়েব একসেসিবিলিটি টুলকিট তৈরির জন্য চ্যালেঞ্জ ফান্ড দেয়া হয়েছে।
 - সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভুক্তভোগীরা যেন সহজে ভাতা পেতে পারে সেজন্য জাতীয় পরিচয়পত্র ভিত্তিক একটি পেমেন্ট সিস্টেমের মাধ্যমে প্রায় ১.৫ মিলিয়ন বয়স্ক নাগরিককে ভাতা প্রদান করা হয়েছে।
 - দেশের প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটি সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আইসিটি বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল “তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার সহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্প গ্রহণ করেছে। যা জুলাই ২০১৭ - জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে।
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নানামুখী উদ্যোগ

“তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভেলপমেন্টাল ডিসঅর্ডার (NDD) সহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” প্রকল্পের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটি প্রশিক্ষণ প্রদানের জন্য বিসিসি’র ৭টি আঞ্চলিক কার্যালয়ে একটি করে মোট ৭টি “আইসিটি রিসোর্স সেন্টার” প্রতিষ্ঠা করা হয়। প্রত্যেকটি “আইসিটি রিসোর্স সেন্টার” এর জন্য ২১টি ডেস্কটপ কম্পিউটার, ৩টি ল্যাপটপ, ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, কম্পিউটার টেবিল, চেয়ারসহ অন্যান্য যন্ত্রাদি ও আনুষঙ্গিক ফার্নিচার সরবরাহ করা হয়। এই প্রকল্পটি জুলাই ২০১৭ - জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। এ যাবৎ ২৮০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে আইসিটি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। উল্লেখ্য এ প্রশিক্ষণ কোর্সগুলোতে অংশগ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিদের বিনা ফিসহ যাতায়াত, আবাসন ভাতা এবং কোর্স উপকরণ সরবরাহ করা হয়।



চিত্র: Seminar on “A roadmap for ensuring the employment of persons with neurodevelopmental disorders” in Digital World Programme, 2020.

- **যুব প্রতিবন্ধী ব্যক্তিদের গ্লোবাল আইটি চ্যালেঞ্জ:**

জাতীয় আইটি প্রতিযোগিতার বিজয়ীরা ৪টি ক্যাটাগরিতে ৪ জনের বাংলাদেশ দল ২০১৬ সাল থেকে যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয়োজিত গ্লোবাল আইটি চ্যালেঞ্জের আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে আসছে। ২০১৯ সালে, বাংলাদেশ দল কোরিয়ার বুশানে অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশ নিয়েছিল এবং এনডিডি এবং বাক ও শ্রবণ ক্যাটাগরিতে ২ জন প্রতিযোগী চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এছাড়া বিভাগীয় কেন্দ্রগুলো থেকে নিয়মিতভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিভিন্ন ধরনের সচেতনতামূলক ক্যাম্পেইন, সেমিনার এবং আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে।

- **নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ**

বিসিসি জাতিসংঘের এশিয়ান অ্যান্ড প্যাসিফিক ট্রেনিং সেন্টার ফর ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি ফর ডেভেলপমেন্ট (ইউএন-এপিসিআইসিটি)-এর সহযোগিতায় Women IT Frontier Initiative (WIFI) নামে একটি প্রশিক্ষণ কর্মসূচি ২০১৭ সাল থেকে চালু রয়েছে। এ কর্মসূচির আওতায় এ পর্যন্ত ৫৩৬ জন নারীকে উদ্যোক্তা হিসেবে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

আইসিটি অধিদপ্তরের অধীন “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে ১০,৫০০ জন নারীকে Freelancer to Entrepreneur, IT Service Provider, ও Women Call Centre Agent -এই তিন ক্যাটাগরিতে প্রশিক্ষণ প্রদান করা হয়। সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী অনেক প্রশিক্ষার্থী এখন স্বাবলম্বী হওয়ার জন্য উদ্যোক্তা হিসেবে গড়ে উঠেছে এবং ইতোমধ্যে ৫০১ জন উদ্যোক্তা হিসেবে আত্মপ্রকাশ করেছে এবং ৯১৯ জন নারীর কর্মসংস্থান হয়েছে।

- **মুক্তপাঠ:**

‘মুক্তপাঠ’ বাংলা ভাষায় সর্ববৃহৎ ই-লার্নিং প্ল্যাটফর্ম যেখানে অনলাইনে সাধারণ শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং জীবনব্যাপী শিক্ষার সুযোগ রয়েছে।

মুক্তপাঠে বর্তমানে ১০ লক্ষেরও বেশি শিক্ষার্থী নিবন্ধিত রয়েছে যারা ১৮০টি কোর্সের বিষয়ে জ্ঞানার্জনের সুযোগ পাচ্ছে।

বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান মুক্তপাঠের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের অনলাইনে কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করছে।

এ পর্যন্ত প্রায় ৩ হাজার সরকারি কর্মকর্তা মুক্তপাঠে কোর্স সফলভাবে সম্পন্ন করেছেন। বর্তমানে প্রায় ১৬ লক্ষ ৫২ হাজারেরও অধিক শিক্ষার্থী বিভিন্ন কোর্সে নিবন্ধিত হয়েছেন এবং ৮ লক্ষ ৭৩ হাজারেরও অধিক শিক্ষার্থীকে সফলতার সাথে কোর্স সম্পন্ন করায় সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

ইতোমধ্যে ১ লক্ষেরও বেশি শিক্ষার্থী অ্যাপটি ব্যবহার করে মুক্তপাঠে শিক্ষা গ্রহণের সুযোগ পাচ্ছে।

সফলতার সাথে এগিয়ে যাচ্ছে iDEA

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান “সোনার বাংলা” নিয়ে যে স্বপ্ন দেখেছেন, সেই স্বপ্ন বাস্তবায়নে তরুণদের মেধা, উদ্ভাবন ও সৃষ্টিশীল বিভিন্ন কার্যক্রমকে সাথে নিয়ে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। এরই আলোকে ২০১৬ সাল থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নধীন “উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ প্রকল্প (iDEA)” তার “স্টার্টআপ বাংলাদেশ” ব্যানারে দক্ষতার সাথে কাজ করে যাচ্ছে।

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর লক্ষ্য ৮ ও ৯ এ উল্লেখিত বিষয়সমূহকে সামনে রেখে iDEA প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছে যা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে চলছে প্রকল্পটি। জাতিসংঘ ঘোষিত এসডিজি এর ৮ নং লক্ষ্য তথা “সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং উপযুক্ত কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন” অনুযায়ী উদ্যোক্তাদের জন্য একটি অনুকূল পরিবেশ ও একটি যথাযথ সংস্কৃতি তৈরির মাধ্যমে উৎপাদনশীল কর্মসংস্থান এবং উপযুক্ত কর্মসুযোগ সৃষ্টি করা যা বাংলাদেশের টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে। অপরদিকে, এসডিজি এর লক্ষ্যসমূহের মধ্যে ৯নং লক্ষ্য তথা “অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ” অনুযায়ী উদ্যোক্তাদের বিভিন্নভাবে সাহায্য-সহযোগিতা প্রদানের মাধ্যমে টেকসই আইসিটি নির্ভর শিল্পের দ্রুত অগ্রগতি ও প্রসার এবং এর মাধ্যমে ‘উদ্ভাবন’ ধারণাটিকে বাংলাদেশে একটি অনন্য উচ্চতায় নিয়ে যাওয়া যা তরুণ প্রজন্মকে আরো বেশি উদ্ভাবনী কাজে সম্পৃক্ত হতে উৎসাহিত করবে।

এই প্রকল্পের আওতায় ২০১৮ সালে মাননীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ ভবিষ্যৎ উদ্যোক্তা তৈরির প্ল্যাটফর্ম Startup Bangladesh Accelerator এর শুভ উদ্বোধন করেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, এমপি এর সুযোগ্য তত্ত্বাবধানে iDEA প্রকল্প থেকে ২০২০ সাল পর্যন্ত ইতোমধ্যে ১৫৮ টি স্টার্টআপকে অনুদান প্রদান-সহ প্রশিক্ষণ, মেন্টরিং ও বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করা হয়েছে যা বাংলাদেশের স্টার্টআপ ইকোসিস্টেম গঠনে শক্তিশালী



বিগত বছরের ন্যায় এ অর্থবছরেও তরুণদের উৎসাহিত করার পাশাপাশি আইসিটি ভিত্তিক উদ্ভাবনের অনুসন্ধানে প্রকল্প থেকে স্টার্টআপ ওয়ার্ল্ড কাপ, ভারতের টেক মাহিন্দ্রা লিমিটেডের সাথে “ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলজিস”, দক্ষিণ কোরিয়ার সাথে “আইডিয়াথন” সহ নানা প্রকার উল্লেখযোগ্য উদ্যোগ গ্রহণ করা হয়।

“ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলজিস” এর আয়োজনের লক্ষ্যে প্রকল্প থেকে প্রায় ৪ মাস ধরে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়। সবশেষে, গত ২৮ ও ২৯ ফেব্রুয়ারি ২০২০ দুই-দিনব্যাপী অনুষ্ঠিত হ্যাকাথনটি ঢাকার ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি) এর ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। “Think. Hack. Solve.” স্লোগানটিকে সামনে রেখে “বাংলাদেশে অবস্থিত ভারতীয় হাই কমিশন” ও “টেক মাহিন্দ্রা লিমিটেড (TechM)” এর সহযোগিতায় অনুষ্ঠিত হয় এই হ্যাকাথন। সারাদেশ থেকে নির্বাচিত প্রায় ১৫০ জন উদ্ভাবকের সমন্বয়ে ৫১টি টিম নিয়ে দেশের ১০টি জনগুরুত্বপূর্ণ সমস্যার তথ্যপ্রযুক্তি ভিত্তিক উদ্ভাবনী সমাধানের লক্ষ্যে শুরু হয় “ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলজিস”। প্রচার-প্রচারণার অংশ হিসেবে ১০টি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয় হ্যাকাথনের প্রমোশনাল ক্যাম্পেইন। প্রাথমিক বাছাইকৃত ৩৪৯টি টিম থেকে নির্বাচিত ৫১টি দল মূল হ্যাকাথনে অংশ নিয়েছেন যাদের মেন্টরিং করেছেন ৪০ জন মেন্টরের সমন্বয়ে গঠিত একটি দক্ষ টিম। হ্যাকাথনে ১০টি চ্যালেঞ্জের জন্য ১০টি জাজিং বোর্ড গঠন করা হয় যেখানে ৩০ জন অভিজ্ঞ বিচারক এই চূড়ান্ত বিজয়ীদের বাছাই করেন। শনিবার, ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে হ্যাকাথনের সমাপনী অনুষ্ঠানে এই হ্যাকাথন থেকে প্রাপ্ত সেরা ১০টি ইনোভেশনকে বিজয়ী হিসেবে ঘোষণা করা হয়। বিজয়ী দলগুলোর প্রকল্পসমূহের ম্যাচুউরিটির পর “টেক মাহিন্দ্রা লিমিটেড”-এর আওতাভুক্ত মার্কেটিং চ্যানেলের মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে প্রচারণা করে তাদেরকে গ্রোথ পর্যায়ে নিয়ে আসতে সহযোগিতা করা হবে।

অপরদিকে, বাংলাদেশের স্টার্টআপদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির পাশাপাশি দেশের স্টার্টআপ ইকোসিস্টেম বিকশিত করার লক্ষ্যে বাংলাদেশ-দক্ষিণ কোরিয়া যৌথ ভাবে আয়োজন করে “আইডিয়াথন (ideaTHON)” কনটেন্ট। গত সেপ্টেম্বর ২০২০ থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতাটি বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগের আওতায় iDEA প্রকল্পের উদ্যোগে সফলতার সাথে প্রায় ৩ মাস ধরে এই আয়োজনের সকল কার্যক্রম সম্পন্ন করা হয়। বাংলাদেশ - দ. কোরিয়া যৌথভাবে আয়োজিত এই

ভূমিকা রাখছে। বর্তমানে তাদের বেশীর ভাগই ব্যবসায়িক ক্ষেত্রে টিকে আছে এবং এর মধ্যে ১৫টিরও অধিক স্টার্টআপ নিজ নিজ ক্ষেত্রে সফলতার স্বাক্ষর রেখেছে। এসকল স্টার্টআপ কোম্পানিতে ইতোমধ্যে অনেকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এ কর্মসংস্থান উৎপাদনশীল বিষয় তা অর্থনীতিতে অবদান রাখার পাশাপাশি আরো সফল উদ্যোক্তা সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখছে। এছাড়া সফল স্টার্টআপগুলো তাদের কোম্পানিগুলোতে প্রচুর পরিমাণে বৈদেশিক বিনিয়োগ আনতে সক্ষম হয়েছে যা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভকে সমৃদ্ধ করতে অবদান রাখছে।



আয়োজনের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৪ ডিসেম্বর ২০২০ ঢাকার আগারগাঁও আইসিটি টাওয়ারের বিসিসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিব শতবর্ষে “Let's Start You Up” স্লোগান নিয়ে আয়োজিত “আইডিয়াথন” কনটেস্টের ব্যাপক প্রচারণা ও সারাদেশের ৮টি বিভাগের বিশ্ববিদ্যালয় ও তাদের অ্যালামনাই ক্লাব, কমিউনিটি এবং ইন্ডাস্ট্রির বিভিন্ন স্টেকহোল্ডারদের সক্রিয় অংশগ্রহণের ফলে প্রাথমিকভাবে মোট আবেদনের সংখ্যা দাড়ায় ৩১৪৭টি। উদ্যোক্তাদের আবেদন গ্রহণের পর প্রথম স্ক্রিনিংয়ে প্রাপ্ত ৩৮৯টি আবেদনের থেকে ২য় স্ক্রিনিংয়ের মাধ্যমে ১১৮টি আবেদনকে বাছাই করা হয়। পরবর্তীতে, বিশ্ববিদ্যালয় এবং ইন্ডাস্ট্রির পক্ষ থেকে ১০ জন করে ২টি প্যানেলে মোট ২০ জন অভিজ্ঞ বিচারকের মাধ্যমে টপ ৩০টি টিম ফাইনাল রাউন্ডের জন্য নির্বাচিত হয়। এর পরে, বাংলাদেশের ইন্ডাস্ট্রি থেকে ৮ জন, বিশ্ববিদ্যালয় থেকে ৪ জন এবং দক্ষিণ কোরিয়া থেকে ৪ জনের সমন্বয়ে গঠিত মোট ১৬ জন সদস্যের একটি অভিজ্ঞ ও দক্ষ বিচারক দল এই কনটেস্টের চূড়ান্ত নির্বাচনের প্রক্রিয়া সম্পন্ন করে। বিচারকগণ চূড়ান্ত নির্বাচন শেষে সেরা ৫টি বাংলাদেশি স্টার্টআপকে বিজয়ী হিসেবে ঘোষণা করেন। “আইডিয়াথন (ideaTHON)” কনটেস্টের সহ-আয়োজক হিসেবে রয়েছে কোরিয়া প্রোডাক্টিভিটি সেন্টার (কেপিপি) এবং কোরিয়া ইনভেনশন প্রমোশন অ্যাসোসিয়েশন (কাইপা)। এছাড়া, বাংলাদেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং দক্ষিণ কোরিয়ার মিনিমিস্ট্রি অফ জাস্টিস ও গ্লোবাল স্টার্টআপ ইমিগ্রেশন সেন্টার এই আয়োজনের পার্টনার হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।



শুধু হ্যাকাথন বা আইডিয়াথনই নয়, iDEA প্রকল্প থেকে প্রযুক্তি বিষয়ক ইতোমধ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদানসহ নানা উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এখন পর্যন্ত প্রায় ৬৬৫৫ জন তরুণকে ওয়ার্কশপ, সেমিনার এবং বুটক্যাম্প এর মাধ্যমে স্টার্টআপ এবং আনুষঙ্গিক বিভিন্ন বিষয়ে ধারণা প্রদান করা হয়েছে এ প্রকল্পের মাধ্যমে। বর্তমানে চতুর্থ শিল্পবিপ্লবের ধারণা হতে উৎসরিত টেকনোলজিগুলো যথা ব্লকচেইন,

বিগডেটা, মেশিন লার্নিং, কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ব্যবহার করে আইসিটি নির্ভর টেকসই সমাধান প্রদানে শিক্ষার্থীগণকে সমৃদ্ধ করতে প্রকল্প হতে এ সকল বিষয়ে ইতোমধ্যে বিষয়ভিত্তিক বেশ কিছু প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে, যা তাদেরকে এ প্রযুক্তিগুলো ব্যবহার করে যেকোনও সমস্যার আইসিটি নির্ভর সমাধান প্রদানে আরও বেশি দক্ষ করেছে।

সারাবিশ্বে হঠাৎ করেই কোভিড-১৯ এর প্রভাবে একটা বিশাল পরিবর্তন এসেছে। প্রাণঘাতী করোনা ভাইরাসের ফলে সারাদেশ যখন একটি কঠিন সময় পার করছে তখন স্বাস্থ্যের জন্য “হেলথ ফর ন্যাশন”, শিক্ষার জন্য “এডুকেশন ফর ন্যাশন” এবং খাদ্যের জন্য “ফুড ফর ন্যাশন” তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয় এই প্রকল্পের মাধ্যমে। এই প্ল্যাটফর্মগুলোর সাথে সংযুক্ত করা হয়েছে দেশের অসংখ্য উদ্যোক্তাকে। উল্লেখ্য, করোনা পরিস্থিতিতে খামারি ও ক্রেতাদের স্বাস্থ্য নিরাপত্তার কথা মাথায় রেখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আইডিয়া প্রকল্প “ফুড ফর ন্যাশন” এর আওতায় কোরবানির পশু ক্রয় বিক্রয়ের জন্য ডিজিটাল হাটের ব্যবস্থা করে।

উদ্যোক্তাগণের জন্য অনুকূল পরিবেশ তৈরির লক্ষ্যে প্রকল্প থেকে ইতোমধ্যে বেশ কিছু কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সরকার কর্তৃক প্রকল্প গ্রহণ করার পর প্রকল্প হতে ইকোসিস্টেমের অংশীজনের সাথে বিভিন্নভাবে কোলাবরেশনের উদ্যোগ গ্রহণ করা হয়। গ্লোবাল কানেক্টিভিটি তৈরির মাধ্যমে স্টার্টআপদেরকে উন্নত বিশ্বের স্টার্টআপ বান্ধব ইকোসিস্টেম হতে প্রয়োজনীয় শিক্ষা এবং সহযোগিতা পাওয়ার ক্ষেত্রেও প্রকল্প থেকে ইতোমধ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্টার্টআপ ইকোসিস্টেমের পূর্ণতা প্রদানের জন্য বাংলাদেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে ছিটিয়ে থাকা উদ্যোক্তাদের জন্য বিভাগভিত্তিক প্ল্যাটফর্ম যেমন ‘স্টার্টআপ চট্টগ্রাম’, ‘স্টার্টআপ সিলেট’, ‘স্টার্টআপ কুমিল্লা’, ‘স্টার্টআপ রাজশাহী’, ‘স্টার্টআপ ময়মনসিংহ’ গঠন করা হয়েছে। এছাড়া দেশি-বিদেশি সফল উদ্যোক্তাগণের সফলতার কাহিনী বিভিন্ন সময়ে শিক্ষার্থী ও তরুণদের নিকট তুলে ধরার জন্য বাংলাদেশের বিভাগীয়/জেলা শহরে সেমিনার আয়োজন করা হয়েছে। এ সকল সেমিনারে শিক্ষার্থীদের ব্যাপক আগ্রহ ও উপস্থিতি লক্ষ্য করা গেছে। সফল উদ্যোক্তাগণের কাহিনী শিক্ষার্থীদেরকে আরো বেশি উদ্ভাবনী কাজে সম্পৃক্ত হতে উৎসাহিত করেছে যা উদ্ভাবনী ধারণাকে ব্যাপকভাবে প্রত্যন্ত অঞ্চলসমূহে পৌছাতে সাহায্য করছে।

স্টার্টআপ বাংলাদেশ- iDEA বাংলাদেশে স্টার্টআপ সংস্কৃতির উন্নয়নে কাজ করছে এমন অনেক বেসরকারি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ও আর্থিক প্রতিষ্ঠান যেমন: ইউনাইটেড ন্যাশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (UNDP), ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন-বাংলাদেশ, ইঞ্জিনিয়ারিং স্টুডেন্টস অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (ESAB), সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন (CRI)-বাংলাদেশ, টেক মাহিন্দ্রা

লিমিটেড-ভারত, বাংলাদেশ ব্যাংক, Korea Productivity Center-দক্ষিণ কোরিয়া, National Institute of Posts, Telecoms and ICT (NIPTICT) - কম্বোডিয়া, ই-জেনারেশন লিমিটেড - বাংলাদেশ, বাংলাদেশ ইউনিভার্সিটি, কোডারস ট্রাস্ট বাংলাদেশ, নিজে বলার মত একটি গল্প-বাংলাদেশ, বাংলাদেশ ইন্সটিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (BIID) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে যার আওতায় সারাবছর যৌথভাবে এসকল প্রতিষ্ঠানের সাথে প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালা আয়োজনসহ নানাবিধ কার্যক্রম পরিচালনা করে থাকে। এসকল কার্যক্রমে ব্যাপকভাবে বিশ্ববিদ্যালয়/কলেজের শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হয় যা শিক্ষার্থীগণকে সফল উদ্যোক্তা হওয়ার জন্য ব্যাপকভাবে সাহায্য করছে।

ফ্রিল্যান্সারদের সরকারিভাবে নিবন্ধন এবং পরিচয়পত্র প্রদানের লক্ষ্যে গত ২৪ নভেম্বর ২০২০ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ প্রকল্প এবং ফ্রিল্যান্সারস লিমিটেড-এর মাঝে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এই সমঝোতা স্মারকের মুখ্য উদ্দেশ্য হচ্ছে

ফ্রিল্যান্সারস লিমিটেড তাদের নিজ উদ্যোগে বাংলাদেশের অনলাইন ফ্রিল্যান্সারদের নিবন্ধন করে তাদের একটি ভার্সিয়াল পরিচিত কার্ড বা ফ্রিল্যান্সিং আইডি কার্ড প্রদান করবে এবং এই রেজিস্ট্রেশন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল তাদের ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্ট করবে। www.freelancers.gov.bd ডোমেইনটি উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ প্রকল্পের অধীন পরিচালিত হবে। এই পরিচিত কার্ড বা ফ্রিল্যান্সিং আইডি কার্ড কর্মসংস্থান, উপার্জন বা দক্ষতার প্রমাণ হিসেবে ব্যবহার করা যাবে। এ কার্ডে ফ্রিল্যান্সারদের জন্য ব্যাংকিং বা ভিসার আবেদন, বাসা বা অফিস ভাড়া এমনকি বাচ্চাদের স্কুলে ভর্তির মতো বিষয়গুলো সহজ করে দেবে। গত ২৫ নভেম্বর ২০২০ সন্ধ্যায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফ্রিল্যান্সার আইডি উদ্বোধন করেন। তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে শেরেবাংলা নগরের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) অডিটোরিয়ামে অনুষ্ঠিত মূল অনুষ্ঠানে ভার্সিয়ালি যোগ দেন। iDEA প্রকল্পের সহযোগিতায় এই উদ্যোগটির মাধ্যমে দেশের প্রায় সাড়ে ৬ লাখ ফ্রিল্যান্সার পরিচয়পত্র গ্রহণের সুযোগ পাবেন।

ডিজিটাল অর্থনৈতিক লেনদেনের ক্ষেত্রে পারস্পরিক বিনিময়যোগ্যতা, কম খরচ, নিরাপত্তা ও স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর অধীনে “উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ প্রকল্প (iDEA)” এর মাধ্যমে ইন্টারঅপারেবল ডিজিটাল ট্রানজেকশন প্ল্যাটফর্ম (আইডিটিপি) প্ল্যাটফর্ম তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়। ‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮’ এর কর্মপরিকল্পনার আলোকে সকল ক্ষেত্রে ই-পেমেন্ট ও মোবাইল পেমেন্ট চালু করতে হলে ইন্টার-অপারেবিলিটি, ট্রানজেকশন ভেলিডেশন, সিমলেস ফান্ড রাউটিং ও সিকিউরিটি নিশ্চিত করতে আইডিটিপি বাস্তবায়ন করা খুবই জরুরি। এটি মূলত একটি প্ল্যাটফর্ম সার্ভিস যার Application Programming Interface (API) ব্যবহার করবে Fintech প্রতিষ্ঠানসমূহ এবং যার মাধ্যমে অর্থ লেনদেন, স্থানান্তর, ই-কমার্স, এম-কমার্স, বিল পেমেন্টসহ বিভিন্ন পেমেন্ট করা যাবে। “আইডিটিপি” বাস্তবায়িত হলে আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত হবে যা ক্যাশলেস সোসাইটি গঠনে সহায়ক, সর্বোপরি অর্থ জালিয়াতি, মানি লন্ডারিং, সন্ত্রাসবাদে অর্থায়ন সহ অন্যান্য অর্থনৈতিক অপরাধ রোধেও সহায়ক হবে। ইতোমধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের মধ্যে “আইডিটিপি” বাস্তবায়নের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। আগামী জুন ২০২১ এর মধ্যে “আইডিটিপি” বাস্তবায়নে কার্যক্রম চলমান রয়েছে। আইডিটিপি বিভিন্ন পেমেন্ট সার্ভিস অংশগ্রহণকারীদের যেমন- গ্রাহক, মার্চেন্ট, অর্থ



প্রদান ও গ্রহণকারী, পেমেন্ট প্রসেসর, ই-ওয়ালেট, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পেমেন্ট সিস্টেম অপারেটর এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে লেনদেনের একটি সেতুবন্ধন তৈরি করবে।

স্টার্টআপদের উদ্ভাবনী পণ্য উৎপাদনে গবেষণা ও টেস্টিং সুবিধা প্রদানের লক্ষ্যে বিশ্বমানের উন্নত ডিভাইসের সমন্বয়ে প্রকল্প কার্যালয়ে একটি ডিজিটাল টেস্টিং ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবে Digital Oscilloscope (6 GHZ Four Channel), Function Generator (Frequency: 6 GHZ), PCB CNC Milling machine, ROBOT Station with Artificial Vision System, IOT & Communication Trainer এবং Digital Trainer সহ স্টার্টআপদের জন্য প্রয়োজনীয় এবং যুগোপযোগী অন্যান্য হাই ক্যাপাসিটি এবং অত্যাধুনিক ডিজিটাল টেস্টিং যন্ত্রপাতির সমন্বয়ে তৈরি হয়েছে এই টেস্টিং ল্যাব। তরুণ উদ্যোক্তা, স্টার্টআপ এবং সংশ্লিষ্টদের জন্য তাদের উদ্ভাবনী পণ্য উৎপাদনের বিভিন্ন ধাপে টেস্টিং এবং গবেষণার সুবিধা এই ল্যাবে গ্রহণ করতে পারবে।

কাজের স্বীকৃতিস্বরূপ এই প্রকল্প তথ্যপ্রযুক্তিতে এশিয়ার অন্যতম বৃহত্তম সংগঠন “এশিয়ান-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশন (অ্যাসোসিও)” আইসিটি এডুকেশন ক্যাটাগরিতে গত ১২ নভেম্বর ২০১৯ মালয়েশিয়ায় ২০১৯ ASOCIO-PIKOM DIGITAL SUMMIT-এ আন্তর্জাতিক অ্যাওয়ার্ড অর্জন করে। এছাড়া, পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ ক্যাটাগরিতে রানার্সআপ হিসেবে উইটসা গ্লোবাল আইসিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২০ এ আন্তর্জাতিক সম্মাননা পায় ‘উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ (iDEA)’ প্রকল্প। সবশেষে বলা যায়, ভিশন-২০২১ বাস্তবায়নসহ দেশকে ২০৪১ সালে উন্নত বিশ্বের সদস্য করার লক্ষ্যে তরুণদের উদ্ভাবনী সংস্কৃতিতে অন্তর্ভুক্তকরণসহ দেশীয় উদ্ভাবক ও উদ্যোক্তাদের জন্য একটি সুগঠিত স্টার্টআপ ইকোসিস্টেম গঠন করার মাধ্যমে বাংলাদেশকে তথ্যপ্রযুক্তিতে সমৃদ্ধ দেশ হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্য নিয়ে এগিয়ে যাচ্ছে iDEA প্রকল্প।




● সদ্য বিলুপ্ত ছিটমহলগুলোতে আইসিটি প্রশিক্ষণ এবং অবকাঠামো স্থাপন” শীর্ষক কর্মসূচি

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এবং নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন, আইসিটি ইকো-সিস্টেমে সরাসরি সম্পৃক্তকরণ ও সক্ষমতা বৃদ্ধি, সরকারি বিভিন্ন ই-সেবা গ্রহণ/ব্যবহারের সুযোগ সৃষ্টি ইত্যাদি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেছেন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের জ্ঞানভিত্তিক সমাজ ব্যবস্থা তৈরি ও বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে আইসিটি শিক্ষা সম্প্রসারণ, শিক্ষায় আইসিটি ব্যবহার, তৃণমূল পর্যায়ে আইসিটি অবকাঠামো স্থাপন এবং দক্ষ মানবসম্পদ গড়ার প্রত্যয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন প্রকল্প/কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করে চলেছে। এরই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক “সদ্য বিলুপ্ত ছিটমহলগুলোতে আইসিটি প্রশিক্ষণ এবং অবকাঠামো স্থাপন “(ICT Training and Infrastructure Program in Recently abolished Enclaves)” শীর্ষক একটি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। যা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ন।

ছিটমহল দ্বারা এমন অঞ্চল বা ভূখণ্ডকে বোঝায় যা একটি স্বাধীন রাষ্ট্রের মূল ভূখণ্ডের অভ্যন্তরে বিচ্ছিন্ন অবস্থায় অবস্থিত অন্য কোনো স্বাধীন রাষ্ট্রের অন্তর্ভুক্ত এলাকা। বিশ্বের অনেক রাষ্ট্রের অভ্যন্তরেই অন্য রাষ্ট্রের এ ধরনের ছিটমহল রয়েছে। বাংলাদেশের মহান স্বাধীনতার পরবর্তী সময়ে দেখা যায় এদেশের অভ্যন্তরে ভারতের ১১১টি ও ভারতের অভ্যন্তরে বাংলাদেশের ৫১টি ছিটমহল রয়েছে।

উদ্ভূত সমস্যা নিরসন কল্পে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালের মে মাসে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মধ্যে ঐতিহাসিক মুজিব-ইন্দিরা স্থল সীমান্ত চুক্তি স্বাক্ষর করেন। এরই ধারাবাহিকতায় ০৬ জুন, ২০১৫ খ্রি. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে ছিটমহল বিনিময়ে মুজিব-ইন্দিরা স্থল সীমান্ত চুক্তির অনুসমর্থনের দলিল বিনিময় হয়। পরবর্তীতে ২০১৫ সালে ০১ আগস্ট রাত ১২:০১ মিনিটে দুই দেশ ঐতিহাসিক মুজিব-ইন্দিরা চুক্তির আওতায় একে অন্যের অভ্যন্তরে থাকা নিজেদের ছিটমহলগুলো পরস্পরের সাথে বিনিময় করে। ইতোমধ্যে ভারত ও বাংলাদেশের মধ্যে ছিটমহল বিনিময় সম্পন্ন হয়েছে। ১১১টি ছিটমহলের মধ্যে লালমনিরহাটে ৫৯টি, পঞ্চগড়ে ৩৬টি, কুড়িগ্রামে ১২টি এবং নীলফামারীতে ৪টি ছিটমহল বাংলাদেশের সংশ্লিষ্ট জেলার প্রশাসনিক আওতাভুক্ত হয়েছে। এসকল এলাকার জনগোষ্ঠী প্রায় সাত দশক ধরে সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা হতে বঞ্চিত ছিল। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের উদ্দেশ্যকে সফল করতে বাংলাদেশ সরকার এর সকল প্রতিষ্ঠান নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের মূল শ্রোতধারায় এ সকল পিছিয়ে পড়া নাগরিকদেরকে সম্পৃক্ত করতে “সদ্য বিলুপ্ত ছিটমহলগুলোতে আইসিটি প্রশিক্ষণ এবং অবকাঠামো স্থাপন” শীর্ষক কর্মসূচির বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারি সকল সেবা এইসব ভাগ্য বিড়ম্বিত এলাকায় নিশ্চিত করতে হলে আইসিটি সেবা বিস্তারের বিকল্প নেই।



চিত্র: সীমান্ত সমস্যার সমাধানে ঐতিহাসিক মুজিব-ইন্দিরা স্থল সীমান্ত চুক্তি স্বাক্ষর (১৬ মে, ১৯৭৪ খ্রি.)।

ছিটমহলভুক্ত এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের মাঝে আইসিটি শিক্ষা এবং শিক্ষায় আইসিটি ব্যবহারের সুযোগ সৃষ্টির জন্য উক্ত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে কম্পিউটার ল্যাব স্থাপন করা জরুরি ছিল বিধায় সংশ্লিষ্ট স্থানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়াও, ছিটমহলভুক্ত এলাকায় নিয়মিত প্রশিক্ষণ আয়োজন, সরকারি-বেসরকারি বিভিন্ন ডিজিটাল সেবা প্রদান ইত্যাদির নিমিত্ত সুবিধাজনক স্থানে ডিজিটাল সেন্টার স্থাপনের মাধ্যমে সরকারি বিভিন্ন ই-সেবা গ্রহণের সুযোগ সৃষ্টিপূর্বক এই অঞ্চলে কমিউনিটি ভিত্তিক সমৃদ্ধি আনয়ন করা সম্ভব হয়েছে।



চিত্র: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে ছিটমহল বিনিময়ে মুজিব-ইন্দিরা স্থল সীমান্ত চুক্তির অনুসমর্থনের দলিল বিনিময় (০৬ জুন, ২০১৫ খ্রি.)।

কর্মসূচির উদ্দেশ্য:

- সদ্য বিলুপ্ত ছিটমহলের জনগোষ্ঠীর মাঝে আইসিটিতে সচেতনতা বৃদ্ধি এবং মৌলিক আইসিটির জ্ঞান বিস্তার।
- সদ্য বিলুপ্ত ছিটমহলের তরুণ জনগোষ্ঠীকে হাতে কলমে আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী হতে সহায়তা প্রদান।
- সদ্য বিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে আইসিটি শিক্ষার উপযুক্ত অবকাঠামো নির্মাণ।
- সদ্য বিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকার জনগণের মাঝে সরকারি বিভিন্ন ই-সেবা গ্রহণের সুযোগ সৃষ্টি।

কর্মসূচির কার্যক্রম:

- আইসিটিতে অনভিজ্ঞ এবং আগ্রহী ৯০০ জন তরুণ/তরুণীকে Basic ICT Literacy প্রশিক্ষণ প্রদান
- আইসিটিতে ন্যূনতম জ্ঞানসম্পন্ন ৩০০ জন তরুণ/তরুণীকে IT Support Technician বিষয়ে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ প্রদান
- সদ্য বিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকার ০৮ শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন
- সদ্য বিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকায় ০২টি সুবিধাজনক Digital Service Employment & Training Center (D-SET) স্থাপন

কর্মসূচির আওতায় ইতোমধ্যে সদ্য বিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকায় ০৮টি শিক্ষাপ্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রদান করা হয়েছে এবং ১২ দিনব্যাপী সুবিধাবঞ্চিত ৯০০ জন তরুণ/তরুণীকে বেসিক (“Basic ICT Literacy”) এবং ৭৮ দিনব্যাপী ৩০০ জন তরুণ/তরুণীকে (“IT Support Technician (NTVQF- Level- 1)”) আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও কর্মসূচির আওতায় ছিটমহলভুক্ত এলাকায় নিয়মিত প্রশিক্ষণ আয়োজন, সাইবার ক্যাফে/ফ্রিল্যান্সিং সেন্টার তৈরি, সরকারি-বেসরকারি বিভিন্ন ই-সেবা প্রদান ইত্যাদির নিমিত্ত পঞ্চগড় ও কুড়িগ্রামে ০২টি অত্যাধুনিক আইসিটি যন্ত্রপাতি সমৃদ্ধ “Digital Service Employment & Training Center (D-SET)” স্থাপনের কার্যক্রম চলমান। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহ এবং বর্তমান সরকারের নির্বাচনী ইশতাহারে লক্ষ্যমাত্রার উল্লেখযোগ্য বিষয় যেমন-আমার গ্রাম আমার শহর, তরুণের শক্তি, মানসম্মত শিক্ষা, নারীর ক্ষমতায়ন, ডিজিটাল বাংলাদেশ ও অন্যান্য বিষয় নিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নানামুখী উদ্যোগের অংশ হিসেবে স্থাপিতব্য D-SET সেন্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।



Digital Service Employment & Training Center (D-SET)

D-SET সেন্টারের উল্লেখযোগ্য সরকারি সেবাসমূহ হলো: জমির পর্চা, জীবন বীমা, পল্লী বিদ্যুতের বিল পরিশোধ, সরকারি ফরম, পাবলিক পরীক্ষার ফলাফল, অনলাইনে বিশ্ববিদ্যালয়ে ভর্তি, অনলাইন জন্ম-মৃত্যু নিবন্ধন, ভিজিএফ-ভিজিডি তালিকা, নাগরিক সনদ, নাগরিক আবেদন, কৃষি তথ্য, স্বাস্থ্য পরামর্শ প্রভৃতি। বেসরকারি সেবাসমূহ হলো: এজেন্ট/মোবাইল ব্যাংকিং, কম্পিউটার প্রশিক্ষণ, ছবি তোলা, ইন্টারনেট ব্রাউজিং, ইমেইল, চাকুরির তথ্য, কম্পোজ, ব্রিটিশ কাউন্সিলের ইংরেজি শিক্ষা, ভিসা আবেদন ও ট্র্যাকিং, ভিডিওতে কনফারেন্সিং, প্রিন্টিং, স্ক্যানিং, ফটোকপি, লেমিনেটিং প্রভৃতি। এছাড়া নিয়মিত প্রশিক্ষণ আয়োজন, সাইবার ক্যাফে/ফ্রিল্যান্সিং করা D-SET এর মূল লক্ষ্য, যাতে এই সব প্রতিষ্ঠান ২০২১ সালের মধ্যে একটি তথ্য ও জ্ঞানভিত্তিক দেশ প্রতিষ্ঠায় যথাযথ ভূমিকা রাখতে পারে। পাশাপাশি এই সব কেন্দ্র সরকারি-বেসরকারি তথ্য ও সেবাসমূহ জনগণের কাছাকাছি নিয়ে যেতে, প্রযুক্তি বিভেদ দূর করতে ও সকল নাগরিককে তথ্য প্রবাহের আধুনিক ব্যবস্থার সাথে যুক্ত করতে সুদূরপ্রসারী ভূমিকা রাখতে পারে।

৪.৮.৩ ই-গভর্নেন্স:

ডিজিটাল বাংলাদেশের অপর একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হচ্ছে ই-গভর্নেন্স প্রতিষ্ঠা। সরকারের সর্বস্তরে ডিজিটাল ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে সকল সরকারি সেবা সকল নাগরিকের জন্য সহজলভ্য করা এ স্তম্ভের প্রধান অভীষ্ট। এ অভীষ্ট পূরণে ই-সেবা ও ই-প্রশাসন প্ল্যাটফর্ম প্রস্তুত এবং প্রয়োজনীয় আইনি কাঠামো প্রণয়নের মাধ্যমে নাগরিকদের মৌলিক চাহিদাসহ অন্যান্য সকল সরকারি সেবা সহজে প্রদানপূর্বক স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা সরকারের মূল লক্ষ্য।

- তথ্যপ্রযুক্তি বিষয়ক জাতীয় মান উন্নয়ন যেমন BDS 1520:2011 & upgraded to BDS 1520:2018 (Bangla Coded Character Set), BDS 1738:2004 & upgraded to BDS 1738:2018 (Computer Bangla Keyboard), BDS 1934:2018 (Bangladesh Standard Codes for Information Interchange), BDS 1834:2011 (Mobile Phone Bangla Keypad), Bangla Sign Language (evsjv Bkviv fvlv), Bangla IPA (International Phonetic Alphabet) প্রণয়ন করা হয়েছে, এর ফলে তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা ব্যবহার সমৃদ্ধ হবে এবং দেশের প্রান্তিক জনগণও তথ্যপ্রযুক্তি ব্যবহার করে অর্থনৈতিক অগ্রগতিতে ভূমিকা রাখতে সক্ষম হবে;
- বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA): ই-গভর্নেন্স কার্যক্রম বাস্তবায়নে ইন্টারঅপারেবিলিটি সমস্যা দূরীকরণ ও প্রক্রিয়া সহজসাধ্য করার জন্য বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার প্রস্তুত করা হয়েছে। এছাড়াও কোভিড ১৯ ট্র্যাকার: করোনা ভাইরাসের সংক্রমণজনিত তথ্য সংগ্রহকারী সিস্টেম, ডিজিটাল খাদ্যশস্য ব্যবস্থাপনা সিস্টেম, কৃষকের অ্যাপ, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য ই-পেনশন সার্ভিস, জনশক্তি রপ্তানিবিষয়ক মোবাইল অ্যাপস ও প্রজেক্ট ট্র্যাকিং সিস্টেম বিষয়ক গুরুত্বপূর্ণ সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এর ফলে জনগণের ভোগান্তি কমিয়ে সেবা প্রদান করা সহজতর হয়েছে। ই-রিভ্রুটমেন্ট সিস্টেমে এবং বিসিসি কর্তৃক ইস্যুকৃত প্রশিক্ষণ সার্টিফিকেটে Blockchain Integration এর কাজ সম্পন্ন হয়েছে।

- BGD e-GOV CIRT: বিজিডি ই-গভ সার্ট কর্তৃক এ পর্যন্ত ১৩টি সরকারি প্রতিষ্ঠানকে ২০টি ডিজিটাল ফরেনসিক সহায়তা ও ২৬১টি সরকারি প্রতিষ্ঠানকে সর্বমোট ৩,৬৬৮টি সাইবার ইন্সিডেন্ট রেসপন্সে সহায়তা প্রদান এবং ওয়েবসাইট ও অ্যাপ্লিকেশনসমূহের Vulnerability Assessment and Penetration Test (VAPT) সম্পন্ন করে রিপোর্ট প্রদান করা হয়েছে। সার্ট ওয়েবসাইটে এ পর্যন্ত সর্বমোট ১২,১৩টি সাইবার নিরাপত্তা বিষয়ক পরামর্শ, সতর্ক বার্তা এবং সংবাদ প্রকাশ করা হয়েছে। ১৫টি নির্দিষ্ট সরকারি গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure) তে ১৮১টি সাইবার সেন্সর রিপোর্ট পাঠানো হয়েছে। এ পর্যন্ত সর্বমোট ১৫টি আইটি অডিট কার্যক্রম সম্পাদন এবং পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রদান করা হয়েছে। আইটি পলিসি এবং রিস্ক অ্যাসেসমেন্ট ইউনিট কর্তৃক ঝুঁকিপূর্ণ তথ্য পরিকাঠামোর জন্য রিস্ক অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক এবং সেলফ অ্যাসেসমেন্ট সফটওয়্যার তৈরি করা হয়েছে এবং এ পর্যন্ত ৩ টি গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর ঝুঁকি মূল্যায়ন করে রিপোর্ট প্রদান করা হয়েছে। এর ফলে সাইবার নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং সাইবার ক্রাইম বিষয়ক ঝুঁকি হ্রাস পাবে।



২৬ জুলাই ২০১৮ খ্রি: তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ সাইবার সিকিউরিটি প্রশিক্ষণ ল্যাবের উদ্বোধন করেন।

- ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্লান প্রণয়ন: ডিজিটাল বাংলাদেশ: ভিশন ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে ই-গভর্নমেন্ট মাস্টার প্লান প্রণয়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় বাংলাদেশের ৯টি পৌরসভা ও ১টি সিটি কর্পোরেশনে “ডিজিটাল মিউনিসিপ্যালিটি সার্ভিসেস সিস্টেম ডেভেলপমেন্ট” নামে পাইলট প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ কর্তৃক গত ২০/১০/২০১৯ খ্রি. তারিখে উদ্বোধন করা হয়েছে। উক্ত পাইলট প্রকল্পের মাধ্যমে বর্তমানে ৫টি সেবা প্রদান করা হচ্ছে।



চিত্র: Launching of 'Digital Municipality Services System (DMSS)' in 01 City Corporation & 09 Municipalities by Hon'ble ICT Affairs Adviser to the Hon'ble Prime Minister on 20 October 2019 where Hon'ble Minister for LGRD, Hon'ble State Minister for ICT, H.E. Ambassador of the Republic Korea, Senior Secretary of ICT Division & Project Director were present.



চিত্র: Launching of 'e-Government Master Plan for Digital Bangladesh' Report by Hon'ble ICT Affairs Adviser to the Hon'ble Prime Minister on 20 October 2019 where Hon'ble Minister for LGRD, Hon'ble State Minister for ICT, H.E. Ambassador of the Republic Korea & Senior Secretary of ICT Division were present.

- বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি সফটওয়্যার উন্নয়ন: সরকারের সকল ক্ষেত্রে একটি স্বচ্ছ ও জবাবদিহিমূলক ই-গভর্নমেন্ট ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য পাইলট ভিত্তিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং পরিকল্পনা বিভাগের জন্য একটি ERP সলিউশন বাস্তবায়ন করা হচ্ছে। এর ফলে স্থানীয় আইসিটি ইন্ডাস্ট্রির দক্ষতা বৃদ্ধির সাথে সাথে স্থানীয় সম্পদ ব্যবহার করে “বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি” এর জন্য সঠিক ও সহজলভ্য প্ল্যাটফর্ম উন্নয়ন সম্ভব হবে। এ প্রকল্পের আওতায় ৯টি মডিউলের মধ্যে ৪টি মডিউলের উন্নয়ন সম্পন্ন হয়েছে এবং এর মধ্যে ৩টি মডিউল (Meeting Management, Inventory এবং Procurement) প্রকল্পের ১০টি স্টেকহোল্ডার প্রতিষ্ঠানে ব্যবহার করা হচ্ছে।
- সফটওয়্যার কোয়ালিটি নিশ্চিতকরণ, পরীক্ষা ও সার্টিফিকেশন সেন্টার: সফটওয়্যার এর গুণগত ও আন্তর্জাতিক মান নির্ধারণ করার নিমিত্ত বিসিসি’তে Software Quality Testing and Certification সেন্টার স্থাপন করা হয়েছে। উক্ত সেন্টার হতে এ পর্যন্ত সরকারি প্রতিষ্ঠানসমূহের ৬৩টি সফটওয়্যার এবং ১৩টি আইটি ডিভাইস (হার্ডওয়্যার) টেস্টিং সম্পন্ন করা হয়েছে।
- গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণে সফটওয়্যার টুলস/অ্যাপ্লিকেশন উন্নয়ন: বাংলা ভাষাকে জাতিসংঘের অন্যতম প্রধান ভাষা ও আন্তর্জাতিক পরিসরে অভিযোজিত করার উদ্দেশ্য নিয়ে প্রকল্পটি কাজ করে যাচ্ছে। বিশেষ করে তথ্যপ্রযুক্তিতে বাংলাকে বিভিন্ন মাধ্যমে (ওয়েব, মোবাইল, কম্পিউটার) ব্যবহারযোগ্য করার জন্য বিভিন্ন সফটওয়্যার/টুলস/রিসোর্স উন্নয়ন করা। এর প্রধান কম্পোনেন্টগুলো হলো: বাংলা করপাস উন্নয়ন, বাংলা থেকে পৃথিবীর প্রধান দশটি ভাষায় অটোমেটিক যান্ত্রিক অনুবাদক উন্নয়ন, বাংলা OCR উন্নয়ন (টাইপ করা ও হাতের লেখা অটোমেটিক শনাক্তকরণ ও কম্পোজ), কথা থেকে লেখা এবং লেখা থেকে কথায় রূপান্তর সফটওয়্যার, বাংলা বানান ও ব্যাকরণ সংশোধক উন্নয়ন, প্রতিবন্ধীদের জন্য স্ক্রিন রিডার সফটওয়্যার উন্নয়ন, বাংলা অনুভূতি বিশেষণের সফটওয়্যার উন্নয়ন, ক্ষুদ্র-নৃগোষ্ঠীর ভাষার জন্য কিবোর্ড উন্নয়ন প্রভৃতি। প্রকল্পের আওতাধীন ১৬টির মধ্যে ১১টি কম্পোনেন্টের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। ডিসেম্বর, ২০২০ এর মধ্যেই পাঁচটি কম্পোনেন্টের ডেমো ভার্সন সকলের জন্য উন্মুক্ত করা যাবে বলে আশা করা যাচ্ছে।
- ডিজিটাল সিলেট সিটি: বর্তমান সরকার কর্তৃক ঘোষিত “ভিশন ২০২১: ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণের অংশ হিসেবে সিলেট জেলায় বসবাসকারীদের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য আইসিটি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক ডিজিটাল সিলেট সিটি প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। সিলেট এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের Health Service Management System উন্নয়ন করা হবে। এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সিলেট জেলার বেশ কিছু নাগরিক পরিষেবা ডিজিটাল পদ্ধতিতে প্রদানের সুযোগ সৃষ্টি হবে।
- সাইবার নিরাপত্তা প্রদানের লক্ষ্যে “বাংলাদেশ সরকারের জন্য নিরাপদ ই-মেইল ও ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। নিরাপদ ইমেইল সার্ভিসের জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার সংগ্রহ করে জাতীয় ডেটা সেন্টারে স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে ৮৯,৭৯৯ সরকারি কর্মকর্তা-কর্মচারীর নিরাপদ ই-মেইল বিতরণ ব্যবস্থা সম্পন্ন করা হয়েছে।
- ই-গভর্নমেন্ট র্যাংকিং এবং বাংলাদেশ
বাংলাদেশ এই র্যাংকিং-এর সঙ্গে শুরু থেকে যুক্ত। ধারাবাহিক র্যাংকিং কার্যক্রমে একবার পিছিয়ে গেলেও বাংলাদেশের অবস্থান সব সময় ছিল অগ্রসরমান। সবচেয়ে ভালো অবস্থানে ছিল ২০১৬ সালে করা র্যাংকিং-এ যখন বাংলাদেশ ২৪ ধাপ এগিয়ে ১৪৮ অবস্থান হতে ১২৪-এ পৌঁছায়। মূলত আইসিটি টুলকে ব্যবহার করে বিভিন্ন অনলাইন সেবা তৈরি এবং মোবাইল বা ওয়েব অ্যাপের মাধ্যমে তা উপস্থাপনের মাধ্যমে অনলাইন সেবা সূচকে বাংলাদেশের মূল অগ্রগতি সূচিত হয়েছে। উল্লেখ্য যে, ই-গভর্নমেন্টে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য ইউএন ই-গভর্নমেন্ট র্যাংকিং (UN e-Government Ranking)-এ বাংলাদেশ ২০১৯ সালের জরিপে ১৯০টি দেশের মধ্যে ১১৯তম অবস্থান অর্জন করেছে। ২০১২ সালে ১৫০তম অবস্থান থেকে ২০১৮ সালের জরিপে বাংলাদেশ এই অগ্রগতি অর্জন করে। মূলত তিনটি কম্পোনেন্টের মধ্যে অনলাইন সার্ভিস ইনডেক্স (Online Service Index)-এ বাংলাদেশ ০.৫১ পয়েন্ট অর্জন করে এস্তোনিয়া, ইউএসএ, কানাডা, অস্ট্রিয়া, অস্ট্রেলিয়ার মতো দেশের সাথে সহ-অবস্থানে রয়েছে।

৪.৮.৪ আইসিটি শিল্পের বিকাশ বা ইন্ডাস্ট্রি প্রমোশন:

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি শিল্পের বিকাশ একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্র শিল্প উদ্যোক্তাদের উন্নতি সাধন; প্রয়োজনীয় সেবা, প্রযুক্তি ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আইসিটি শিল্পকে বিকশিত করা এবং আইসিটি শিল্পকে রপ্তানিমুখী শিল্পে পরিণত করা ও এক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা এ স্তম্ভের প্রধান অভীষ্ট। তথ্যপ্রযুক্তির প্রয়োগ, উৎকর্ষসাধন, ব্যাপক ব্যবহার নিশ্চিতকরণ ও প্রান্তিক মানুষের দোরগোড়ায় অনলাইন সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে সরকারি সেবা সমূহ প্রাপ্তি সহজীকরণ ও প্রশাসনের সর্বস্তরে জবাবদিহিতা প্রতিষ্ঠায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বদ্ধপরিকর। বাংলাদেশ সরকারের

ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ২০৩০ এর মধ্যে সম্পূর্ণরূপে দারিদ্র মুক্ত সমাজ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে উন্নীকরণের লক্ষ্যে এ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সকলের মিলিত প্রচেষ্টায় এবং তথ্যপ্রযুক্তির বহুমুখী ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ ইতোমধ্যে নিম্নমধ্যম আয়ের সোপান থেকে উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জন করেছে। এভাবেই বাংলাদেশ শ্রমনির্ভর অর্থনীতি থেকে জ্ঞান নির্ভর অর্থনীতিতে উত্তরণে নতুন মাইলফলক অতিক্রম করেছে। তথ্যপ্রযুক্তি ভিত্তিক রূপান্তর (Digital Transformation)-এর মধ্য দিয়ে বাংলাদেশ ঘোষিত সময়ের পূর্বেই উচ্চ মধ্যম আয়ের দেশে পরিণত হবে মর্মে আশা করা যায়।

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে বিগত প্রায় দুই দশকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ অবকাঠামো উন্নয়ন ও কানেক্টিভিটি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্নেন্স এবং আইসিটি শিল্পের উন্নয়ন-এ চার স্তরের জন্য বিভিন্ন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করে। এর মধ্যে অধিকাংশেরই বাস্তবায়নে অভূতপূর্ব অগ্রগতি সাধিত হয়েছে। এসব অগ্রগতি ও সাফল্য গাঁথা এখানে তুলে ধরা হলো:

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বিসিসি'র এলআইসিটি প্রকল্পের আওতায় এ পর্যন্ত ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, যশোর, রংপুর ও খুলনাতে মোট ৯টি চাকরি মেলায় ৫৬,০০০-এর অধিক চাকরি প্রার্থীর মধ্য থেকে অংশগ্রহণকারী কোম্পানিসমূহ কর্তৃক মোট ৬৫৭ (ছয়'শ সাতান্ন) জনকে নিয়োগ দেয়া হয়েছে;
- এলআইসিটি প্রকল্পের তথ্য ও প্রযুক্তি ভিত্তিক শিল্পে তরুণ-তরুণীদেরকে কর্মসংস্থানে উদ্বুদ্ধকরণ কার্যক্রমের আওতায় এ পর্যন্ত মোট ৬৪টি জেলায় 'আইসিটি ক্যারিয়ার ক্যাম্প'-এর আয়োজন করা হয়। দেশের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে আয়োজিত ৭১টি ইভেন্টে ৮৩,২৭২ জন ছাত্র-ছাত্রী (ছাত্র-৮১%, ছাত্রী-১৯%) অনলাইনে নিবন্ধন করে।
- উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ (iDEA) শীর্ষক প্রকল্পের আওতায় সিলেকশন কমিটি কর্তৃক ১২৬টি স্টার্টআপকে বাছাই করা হয়েছে এবং ৫,১৩,৫০,০০০ (পাঁচ কোটি তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে। করোনা ভাইরাস (কোভিড -১৯) এর প্রেক্ষিতে আইডিয়া প্রকল্প কর্তৃক প্রস্তুতকৃত 'ফুড ফর ন্যাশন' প্ল্যাটফর্মটি ব্যবহার করে বর্তমানে পুরোদমে খাদ্য ও কৃষিপণ্য সংগ্রহ ও সরবরাহ করা হচ্ছে। এছাড়াও অনলাইনের মাধ্যমে সকলের নিকট স্বাস্থ্যসেবা সহজে নিশ্চিত করার লক্ষ্যে "হেলথ ফর ন্যাশন" প্ল্যাটফর্ম প্রস্তুত করা হয়েছে এবং "এডুকেশন ফর ন্যাশন" প্ল্যাটফর্মের সহায়তায় নিয়মিতভাবে অনলাইন ক্লাসের আয়োজন করা হচ্ছে।;
- দেশে বিনিয়োগে সহযোগিতা প্রদানের জন্য একটি হেল্পডেস্ক স্থাপনের কাজ শুরু হয়েছে এবং ইতোমধ্যে BHTPA ও BIDA এর সাথে এ সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে;
- আন্তর্জাতিক ম্যাচমেকিং সংস্থা Acclerence কে বাংলাদেশের ৫টি কোম্পানির সাথে চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা করে দ্রুত আন্তর্জাতিক ব্যবসা প্রসারের সুযোগ সৃষ্টি করা হয়েছে;
- আইটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাদের অংশগ্রহণে আউটরিচ কর্মসূচি (Strategic CEO Outreach Program) গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচির আওতায় দেশি ও বিদেশি কোম্পানিসমূহের মধ্যে সংযোগ স্থাপন, দেশি কোম্পানিগুলোর ব্যবসা সম্প্রসারণ এবং বিদেশি বিনিয়োগ আনয়নের লক্ষ্যে বোস্টন কন্সাল্টিং গ্রুপ (বিসিজি) কাজ করে যাচ্ছে।
- "বাংলাদেশ ই-গভর্নেন্স" প্রকল্পের অধীনে মোট ৯টি মডিউল উন্নয়ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। প্রকল্পের সার্বিক তত্ত্বাবধান নোমিনেটেড পরামর্শক বুয়েট এর কারিগরি দিক নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী স্থানীয় আইটি প্রতিষ্ঠান Synesis IT Ltd. Ges BDECOM Ltd. (JV) প্রকল্পের সকল মডিউলের উন্নয়ন করছে;
- গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণে সফটওয়্যার টুলস/অ্যাপ্লিকেশন উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়নে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলা একাডেমি, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট থেকে শুরু করে বিভিন্ন সরকারি, বেসরকারি বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞগণ যুক্ত রয়েছেন।
- সাউথ-সাউথ নেটওয়ার্কের মাধ্যমে সরকারি সেবায় উদ্ভাবনে উৎকর্ষ সাধন:
দক্ষিণের দেশসমূহের মধ্যে পারস্পরিক জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় সহজতর করার লক্ষ্যে ২০১৭ সালের নভেম্বরে তুরস্কের আন্তালিয়ায় সাউথ-সাউথ নেটওয়ার্ক ফর পাবলিক সার্ভিস ইনোভেশন প্রতিষ্ঠা লাভ করে।
সাউথ-সাউথ এন্ড ট্রায়ংগুলার কো-অপারেশন নেটওয়ার্ক গঠনের আওতায় পাঁচটি বেস্ট প্র্যাকটিস চিহ্নিত করা হয়েছে। বেস্ট প্র্যাকটিসগুলো হচ্ছে ডিজিটাল সেন্টার, সার্ভিস ইনোভেশন ফান্ড, অ্যাম্পেথি ট্রেনিং, টিসিভি এবং এসডিজি ট্রাকার।

জাতিসংঘের ‘ইউএনওএসএসসি’-এর নলেজ শেয়ারিং প্ল্যাটফর্ম সাউথ-সাউথ গ্যালাক্সিতে সরকারি সেবা ক্ষেত্রে উদ্ভাবনের জন্য এটুআই-এর (SSN4PSI) প্ল্যাটফর্মটি ২০২০ সালের জানুয়ারি মাসের পার্টনার অব দি মাস হিসেবে মনোনীত হয়েছে, যা সেখানে মাসব্যাপী প্রদর্শিত হয়েছে।

SSN4PSI দক্ষিণ-দক্ষিণ গ্যালাক্সিতে বিশ্বের সর্বাধিক সংখ্যক সেবা অনুশীলন/সমাধান শেয়ার করেছে। সাউথ-সাউথ কোঅপারেশনের আওতায় এটুআই প্রোথাম বর্তমানে মালদ্বীপ, নেপাল, ভুটান, ফিজি, সোমালিয়া, ফিলিপিনস, প্যারাগুয়ে সহ বেশকিছু দেশকে সহযোগিতা করে যাচ্ছে।

এই উদ্যোগের আওতায় ২১৭টি ম্যাচমেকিং সুযোগ সৃষ্টি হয়েছে। ৪০টি সদস্য দেশ এই নেটওয়ার্কের আওতায় রয়েছে। এই উদ্যোগের আওতায় ১৫টি নলেজ প্রোডাক্ট আদান প্রদান করা হয়েছে।

ডিজিটাল বাংলাদেশ সাফল্য উদযাপন:

- মুজিববর্ষ ২০২০ উদযাপন উপলক্ষে ওয়েবসাইট ও কনটেন্ট www.muji100.gov.bd তৈরি করা হয়েছে;

DIGITAL WORLD

“Digital World” is a brand event of the Government of Bangladesh and is organized in Public-Private Partnership. It is one of the largest ICT expositions and knowledge sharing platforms in South Asia. It provides a platform for sharing the best practices in ICT adoption, achievements and experiences, networking among IT & ITES industry leaders, experts, policy makers, government officials, entrepreneurs and academicians. In addition, Digital World helps to flaunt many potentials of digital technologies as policy makers, national and international organizations, academic institutions, startups, IT entrepreneurs and young people participate in this event. The event facilitates communication and cooperation between foreign and local investors, venture capitals, icons from the IT world and the futurists.

In 2011, the Government of Bangladesh organized this event as ‘e-Asia 2011’ to celebrate the successes of the country’s journey towards ‘Digital Bangladesh’ which started in 2009 with the aim to build a knowledge-based nation by 2021 using ICTs as the key ingredient. The huge success of e-Asia 2011 inspired all the relevant parties to continue with such event. Accordingly, the event was organized again in 2012 with the new title ‘Digital World’ which became a brand for the ICT Division, the main organizer. Since then Digital World was held in 2014, 2015, 2016 and 2017. Digital World 2020 was the 7th edition of the mega event.

ORGANIZERS AND PARTNERS

ICT Division of the Ministry of Posts, Telecommunications and Information Technology is the main organizer of Digital World. The executing agency of the event is Bangladesh Computer Council (BCC) and the Co-organizer is Bangladesh Association of Software & Information Services (BASIS). The event is supported by a host of partner organizations drawn mainly from among the trade bodies of ICT Industry, such as Bangladesh Computer Samity (BCS), Bangladesh Association of Call Centers and Outsourcing (BACCO), e-Commerce Association of Bangladesh (e-CAB), Bangladesh Women in IT (BWIT), Women and e-Commerce (WE) and so on.

DIGITAL WORLD 2020

Digital World 2020 was held on 9-11 December 2020 with the theme ‘Socially Distanced – Digitally Connected’. The theme had been chosen to highlight the impact of Covid-19 and the resilience and determination of people to combat the threat of the pandemic.

The event was featured with Opening ceremony, Closing & Award Ceremony, Software Showcasing, Freelancer Conference, e-Governance Expo, Ministerial Conference, e-Commerce Expo, musical concert, seminars and many more. Because of the prevailing Covid-19 pandemic, the event was organized in a combination of physical and virtual modes. The physical mode of the event was held at National Achieves, Dhaka. These programs included the opening ceremony, the award & closing ceremony and a few other conferences. The exhibition, concert and most of the seminars were held virtually.

The event showcased ICT products and services and provided a platform to share achievements and experiences, established network among industry leaders, experts, policy makers, government officials, entrepreneurs and global ICT think tanks resulting in enrichment of our Knowledge and guiding toward achieving Vision 2021: Digital Bangladesh. In Digital World 2020, there were 72+ international speakers, 45+ thematic sessions and over 4 hundred thousand attendees in four days.

The composition of the Digital World 2020 was as follows:

Major Attractions	Notable features
<ul style="list-style-type: none"> • E-Governance Expo • Software Showcasing • Mobile Innovation Expo • E-Commerce Expo • Mujib Corner • Made in Bangladesh Expo • Ministerial conference • Startup Showcasing • Concert 	<ul style="list-style-type: none"> • 190+ stalls and pavilions for IT Exposition • 50+ Government institutions showcasing e-services & products • Showcasing capacity of ICT industry of Bangladesh • 27+ seminars, conference & policy dialogue • Freelancer conference • Musical Concert • ICT Career Camp • ICT Award

E-Governance Expo: This expo was to exhibit services and products of the government institutions. Visitors came to know about the services available online and experienced how the services could be reached.

Software Showcasing: Domestic IT industry exhibited their products and services and demonstrated the capacity to innovate creative, challenging and mission-critical solutions. In addition to this, creative minds interacted by exchanging views with visitors. These interactions lead to efforts to initiate enabling policy frameworks and future plans that ensure design, application and use of ICTs to advance our society, economy, and business.

Mobile Innovation Expo: There was an increasing trend of using mobile platform for offering online services. Accordingly, mobile technology based innovations are brought in this expo for public viewing. Now-a-days innovations in mobile fields are coming up in the areas of applications, gaming, home automation, e-learning, and in many other areas. This expo was a great place for the visitors to explore which new areas had been covered by the mobile solution providers.

E-Commerce Expo: Internet-based economic activities are in the rise and new business models and structures are the new business reality. Now, from government to multinational to one-person start-ups, e-commerce is considered as a key business modality of the future. Not only for buying

and selling, this will promote various international and local companies to make profit through innovative online services. In e-commerce expo, domestic and international companies engaged in e-commerce showcased their innovations and offered their services and products.

Ministerial Conference: Ministerial Conference is one of the major components of the Digital World. In every edition of this event, discussion is centered on a theme that reflects the issues and trend of the tech-world. The idea was to draw attention of the world and to foster collaboration among nations to address the issues. The ministerial conference was introduced in the Digital World 2015 with 'Digital Economy' as the theme. Ministers in charge of ICT affairs of five countries participated. In 2016, the theme was 'Digital Transformation'. Ministers from seven countries, namely Bhutan, Maldives, Nepal, Saudi Arabia, Suriname, Uganda and Vietnam participated. In 2017, ministerial conference was held with the theme 'Fourth Industrial Revolution'. Ministers from five countries, namely, Bhutan, Cambodia, Congo, Maldives and Philippines participated. The theme for Digital World 2020 was 'Embracing Digital Technologies in the New Normal'. Ministers from Three countries, namely, Afghanistan, Maldives, Oman and WITSA Secretary General participated. The conference was aimed to:

- Promote cooperation among countries in embracing digital technologies in the New Normal;
- Enhance understanding among countries to combat regional and international challenges posed by Covid-19;
- Foster digital cooperation among countries for resolving cross-border and inter-State issues;

Startup Showcasing: In recent times, a promising trend has been observed in tech-entrepreneurship among the young entrepreneurs. With a view to nurture these start-ups, Government is taking measures to develop a start-up eco-system with enabling policies and other support mechanism. As a result, start-up initiatives are in the rise. Start-up Zone in Digital World 2020 provided a platform for startups to showcase their ideas and prototypes to connect them to potential investors and industry leaders. Moreover, the start-ups got opportunity to meet the stakeholders and found the ways to grow.

Mujib Corner: Mujib Year (Bengali: মুজিববর্ষ) is the year declared to celebrate on the occasion of the centennial birth anniversary of the founding leader of the country, Sheikh Mujibur Rahman. The Government of Bangladesh has declared the year 2020-21 as the Mujib Year. In this Digital World-2020 the Mujib Corner is arranged where portrait of the Bangabandhu along with the books and different publications on Father of the Nation and our Liberation War remains on display.

Concert: Concerts are the entertainment window of Digital World. The majority of the visitors of this ICT expo are the youth population of the country. To keep their interest and enthusiasm high, the musical concerts by popular bands of the country play a key role. This time, the concerts were planned on virtual platform which offered an excellent opportunity for the visitors to experience the current trend of music and the state-of-the-art technology to host such events.



চিত্র: Opening Ceremony of Digital World 2020



চিত্র: Ministerial Conference in Digital World 2020.



চিত্র: Opening Ceremony of Digital World 2020

- ডিজিটাল বাংলাদেশ দিবস:

বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করতে মাননীয় প্রধানমন্ত্রী ২০০৮ সালের ১২ ডিসেম্বর তারিখে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ রূপকল্প ২০২১ ঘোষণা দেন। ১২ ডিসেম্বর দিনটিকে স্মরণীয় করার জন্য এবং জাতিকে এ দিবস পালনের মধ্যে দিয়ে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত হওয়ার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে বিধায় এ দিবসের গুরুত্ব বিবেচনা করে মাননীয় প্রধানমন্ত্রী ১২ ডিসেম্বরকে জাতীয় ক্যাটাগরিতে ডিজিটাল বাংলাদেশ দিবস হিসেবে ঘোষণা করেন।



চিত্র: তৃতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯

কোভিড-১৯ পরিপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১২ ডিসেম্বর ২০২০ তারিখ ভার্সুয়ালি ও ফিজিক্যালি “যদিও মানছি দূরত্ব, তবুও আছি সংযুক্ত” -নির্ধারিত এই প্রতিপাদ্য নিয়ে ৪র্থ বারের মত “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০” উদযাপিত হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও আধুনিক চিন্তা এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ সজীব ওয়াজেদের অভিজ্ঞতালব্ধ জ্ঞান থেকে উদ্ভূত ডিজিটাল বাংলাদেশের বাস্তবায়নের ১২ বছর পূর্ণ হয়েছে।

চতুর্থ ডিজিটাল বাংলাদেশ দিবসের উদ্বোধনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে ডিজিটাল প্ল্যাটফর্মে সংযুক্ত ছিলেন।

আইসিটি বিভাগের অধীন বিভিন্ন দপ্তর, সংস্থা ও এটুআই প্রোগ্রাম বিগত ১২ বছরে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নানা কার্যক্রম বাস্তবায়ন করেছে। প্রণয়ন করেছে আইন, নীতিমালা, বিধিমালা ও স্ট্র্যাটেজি। এর মধ্যে উলেখযোগ্য হচ্ছে- ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের ভিজুয়াল কালার ভার্সন ও বিশ্বসেরা এই ভাষণের ২৬টি নির্বাচিত বাক্য দেশের ২৬ জন খ্যাতিমান লেখকের দ্বারা বিশ্লেষণ করিয়ে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ প্রযুক্তির মাধ্যমে ছড়িয়ে দেয়ার জন্য ডিজিটাল ভার্সনে (মোবাইল অ্যাপ ও ই-বুক) রূপান্তর। জাতির পিতার ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের হলোগ্রাফিক প্রোজেকশন রূপান্তর এবং বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আইসিটি বিভাগের উদ্যোগে ‘মুজিব হাড্বেড’ ওয়েবসাইট এবং ‘মুজিববর্ষ’ লোগো তৈরি করা হয়েছে। ২০১৮ সালের ১২ মে মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মধ্য দিয়ে বাংলাদেশ স্যাটেলাইটের এলিট ক্লাবের সদস্য হওয়া ছিল একটি বড় অর্জন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক দিবস উদযাপন উপলক্ষে বলেছেন, ডিজিটাল বাংলাদেশ শুধু আওয়ামী লীগের নয়, ১৭ কোটি মানুষের। ঘরে ঘরে প্রতিটি মানুষ ভোগ করছে ডিজিটাল বাংলাদেশের সুবিধা। ডিজিটাল প্রযুক্তির কল্যাণে দেশের জনগণ করোনামহামারিতেও সংযুক্ত থাকতে পেরেছে। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, আদালত, সরবরাহ ব্যবস্থা এমনকি বিচারিক কাজ সচল রাখা সম্ভব হয়েছে।




চিত্র: সাইবার বুলিং ও সাইবার অপরাধ থেকে শিশুদের সুরক্ষা নিয়ে কাজ করে ‘শিশুদের নোবেল’ খ্যাত “আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার” পুরস্কার জিতে নেয় নড়াইলের ১৭ বছরের কিশোর সাদাত রহমান। ডিজিটাল বাংলাদেশ দিবস ১২ ডিসেম্বর, ২০২০ এ তাকে পুরস্কার প্রদান করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি।



চিত্র: বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপন

- জাপান আইটি উইক ২০১৯: জাপানে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক অথোরিটি এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর উদ্যোগে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিস এর সহযোগিতায় 'জাপান আইটি উইক-২০১৯' মেলায় অংশগ্রহণ করা হয়েছে। বিগত ২০১৫ সাল থেকে জাপানের আইটি মেলায় নিয়মিত অংশগ্রহণ করছে বাংলাদেশ। মেলাটি জাপান-বাংলাদেশ আইটি সম্পর্ক গভীর করতে সহযোগিতা করার পাশাপাশি বাংলাদেশে জাপানি কোম্পানির ব্যবসা সম্প্রসারণ, নতুন বাজার সৃষ্টি, বিনিয়োগ বৃদ্ধি এমনকি প্রবাসী বাংলাদেশিদের দেশে বিনিয়োগে উৎসাহ জোগাতে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যাচ্ছে।
- Shared Services & Outsourcing Week (SSOW) 2018: বাংলাদেশী ৪ (চার)টি আইটি কোম্পানি এবহবী, Naztech, Devnet এবং biTs সহ বিসিসি'র এলআইসিটি প্রকল্প গত ১৩-১৪ নভেম্বর ২০১৮ তারিখে সিঙ্গাপুরে 'Shared Services & Outsourcing Week (SSOW) 2018' এ অংশগ্রহণ করে। বাংলাদেশে ব্যবসা সম্প্রসারণের জন্য ১২ (বার)টি আইটি কোম্পানির সাথে সভা করা হয়।
- ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি (WCIT): বিগত ৭ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখে আর্মেনিয়ার রাজধানী ইয়েরেভানে তথ্যপ্রযুক্তির বিশ্ব সম্মেলন ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি (ডব্লিউসিআইটি) উদ্বোধনী অনুষ্ঠানের পরই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এবং উইটসার মহাসচিব জেমস পয়জ্যান্টস বাংলাদেশ প্যাভিলিয়নের উদ্বোধন করেন। WCIT এর পরবর্তী অনুষ্ঠানটি আগামী ১১-১৪ নভেম্বর ২০২১ সালে বাংলাদেশে অনুষ্ঠিত হবে। উক্ত কংগ্রেসে ৮০টির মতো দেশ অংশগ্রহণ করবে।



অধ্যায়-৫

Sustainable Development Goals (SDGs)-এর
আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অর্জন ও লক্ষ্যমাত্রা




Sustainable Development Goals (SDGs)-এর আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অর্জন ও লক্ষ্যমাত্রা

৫.১ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) ও পথনকশা

‘The World Commission On Environment and Development (WCED)’ ১৯৮৭ সালে ‘Our Common Future’ শীর্ষক একটি প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনটি ‘Brundtland Report’ নামে পরিচিত। উক্ত রিপোর্টে টেকসই উন্নয়নের বিষয়টি প্রথম আলোচিত হয়। ভবিষ্যৎ প্রজন্মের চাহিদা পূরণের দক্ষতায় আপোষ না করে যে উন্নয়ন বর্তমানে চাহিদা পূরণ করতে সক্ষম তাই টেকসই উন্নয়ন। অর্থাৎ, ভবিষ্যৎ প্রজন্মের সম্পদের ক্ষতি না করে বর্তমান জীবনযাত্রার মান উন্নয়নই টেকসই উন্নয়ন।

২০১৫ সালের ২৫-২৭ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে Sustainable Development Summit অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনের বিষয়বস্তু ছিলো Transforming our World: The 2030 agenda for Sustainable Goals. এ সম্মেলনে বিভিন্ন দেশের সরকারপ্রধানদের সাথে আলোচনা করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। পরিবর্তনশীল বিশ্বের সমতা এবং বৈষম্যহীন উন্নয়ন নিশ্চিত করতে লক্ষ্যমাত্রাগুলো ২০১৫ সালের জাতিসংঘের ৭০তম অধিবেশনে ১৯৩টি সদস্য দেশ কর্তৃক টেকসই উন্নয়ন অভীষ্ট “২০৩০ এজেন্ডা” (Sustainable Development Goals) হিসেবে অনুমোদিত হয়। এ কর্ম-পরিকল্পনায় অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত উন্নয়ন এ তিনটি বৈশিষ্ট্য সমন্বয় করা হয়েছে। এটি মানুষ ও পৃথিবীর সমৃদ্ধি নিশ্চিত করা সহ বৈশ্বিক শান্তি সুসংহত করবে। Sustainable Development Goals (SDGs) এ ১৭টি অভীষ্ট এবং ১৬৯ টি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এসব কার্যক্রমের মূলমন্ত্র হবে ‘কাউকে পশ্চাতে রেখে নয় (No one will be left behind)’ নীতি অনুসরণ। Sustainable Development Goals (SDG) সর্বজনীন (universal), পরিবর্তন সহায়ক (transformative), অন্তর্ভুক্তিমূলক (inclusive) এবং সমন্বিত (integrated)। এটি উন্নত এবং উন্নয়নশীল উভয় দেশের জন্য প্রযোজ্য। বিশ্বব্যাপী উন্নয়নের জন্য Millennium Development Goals (MDGs) নির্ধারণ করা হয়। Millennium Development Goals (MDG) অর্জনের পাশাপাশি দারিদ্রদূরীকরণ, জলবায়ু পরিবর্তনসহ আরো নতুন নতুন বিষয় এবং সমস্যা মোকাবেলার জন্য সকলের একসাথে কাজ করার প্রয়োজনীয়তা দেখা দেয়। Millennium Development Goals (MDG) এর চেয়ে আরো বৃহৎ পরিসরে এবং দারিদ্রেরসীমা শূন্যের কোটায় নামিয়ে আনাসহ সর্বজনীন উন্নয়নের বিষয়ে গুরুত্বারোপ করতে Sustainable Development Goal (SDG) গ্রহণ করা হয়। টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ নিম্নরূপ:



চিত্র: টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ

৫.২ Sustainable Development Goals (SDGs) ও পাঁচটি Theme/Pillar

টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs), পাঁচটি Theme/Pillar-এ বিভক্ত- *People, Planet, Prosperity, Peace and Partnership*

People (জনগণ) - এ স্তম্ভে জনগণের মৌলিক চাহিদা এবং অধিকার নিশ্চিত করার বিষয়ে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে (Goals 1, 2, 3, 4, 5)

Planet (ধরিত্রী) - এ স্তম্ভে ভবিষ্যৎ প্রজন্মের জন্য প্রাকৃতিক সম্পদ ও পরিবেশের সুরক্ষা প্রদান বিষয়ে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে (Goals 6, 12, 13, 14, 15)

Prosperity (সমৃদ্ধি)- এ স্তম্ভে প্রকৃতির সাথে সঙ্গতি রেখে সমৃদ্ধ ও পূর্ণাঙ্গ জীবনের নিশ্চয়তা প্রদান বিষয়ে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে (Goals 7, 8, 9, 10, 11)।

Peace (শান্তি) - এ স্তম্ভে শান্তিপূর্ণ, ন্যায্যপরায়ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজ ব্যবস্থার বিকাশ বিষয়ে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে (Goal 16)।
Government's Online Service	62.3	60	75	45	90	15
e-Participation	52.5	82	70	40	85	20
ICT and Business Model Creation	48.9	108	65	50	75	20
ICT and Organizational Model Creation	42.4	104	55	60	65	30
<i>World Economic Forum: Global Competitiveness Report, Ranking Among 127 Countries in 2018</i>						
	Score (1-7)	Rank	Score (1-7)	Rank	Score (1-7)	Rank
Internet Access in Schools	3.3	115	5	60	6	30
Fixed-Broadband Internet Subscriptions/100 Pop ⁺	3.8	92	25	50	40	20
Internet Bandwidth kbps/User ⁺	9.2	111	40	60	55	40
Mobile-Cellular Telephone Subscriptions /100 Pop ⁺	77.9	121	100	70	120	40

* Wireline broadband access plays an important role + not score in scale of 1-7

Table 12.13: Changing Production Priorities to Support Innovation

Focused Areas	Bangladesh's Development Stages Over Three Major Periods					
	Till 2017		2020-2025		2031-2041	
<i>Position in Competitiveness Index, Prepared by the World Economic Forum</i>						
Indicator	Score (1-7)	Rank /137	Score (1-7)	Rank /137	Score (1-7)	Rank /137
Production Process Sophistication	3.7	79	4.5	50	6	30
Capacity for Innovation	3.8	97	4.5	60	5	35
Company Spending on R&D	2.8	113	3.8	65	4.5	30
University-Industry Collaboration in R&D	2.5	130	3.9	70	4.5	35
Contribution by TFP to GDP Growth	0.3 percent		2.5 percent		4.5 percent	

12.1 DEVELOPMENT RESOURCE ALLOCATION IN THE 8FYP

The ICT service expansion funding will mainly come from the private sector. The highly positive response by foreign and foreign private investors over the past decade provides comfort that the ICT sector will not be starved of funds. The Government is mindful of the taxation issue and will take actions to resolve it satisfactorily and ensure that Bangladesh remains an attractive destination for ICT investments. Regarding public investment, the strong foundations laid in the Sixth and Seventh Plans provides a solid platform to build upon in the Eighth Plan. During the Eighth Plan the main investment priorities will be:

- Ensure rapid and satisfactory completion of all ongoing ICT projects.
- Upgrade ICT infrastructure to provide space for projected growth of ICT services in adequate speed and reliability.
- Provide funding for R&D in ICT & Science and Technology
- Provide funding for ICT capacity building in public institutions
- Support ICT initiatives to expand services in the rural areas (cloud- based service, National helpline, BPO, Incubation Centre, ICT Research & Development centre, Broadband connectivity etc.)
- Develop and implement an e-government master plan
- Support product innovation & creation ecosystem
- Provide physical incentives & Institutional reform to create appropriate investment climate
- Establish Virtual University, Multimedia University
- Support in promotion of Bangladesh ICT Industry in the global market to brand Bangladesh as a destination for software, hardware, BPO, freelancing and ICT Innovation.

The ADP for ICT infrastructure development and Science and Technology are shown in Tables 12.14 and 12.15.

Table 12.14: ADP Allocations for Science & Technology and ICT Sectors during 8th Plan (Taka billion current prices)

Ministry	FY2021	FY2022	FY2023	FY2024	FY2025
Ministry of Science and Technology	91.0	92.3	106.4	124.2	149.0
Information and Communication Technology Division	17.0	25.4	39.9	55.9	74.5
Sector Total	108.0	117.7	146.3	180.1	223.5


Source: Chapter 5, Part 1, Annex Table A5.1

Table 12.15: ADP Allocations for Science & Technology and ICT Sectors during 8th Plan

(Taka billion FY2021 constant prices)

Ministry	FY2021	FY2022	FY2023	FY2024	FY2025
Ministry of Science and Technology	91.0	87.6	96.1	106.9	122.4
Information and Communication Technology Division	17.0	24.1	36.0	48.1	61.2
Sector Total	108.0	111.7	132.1	155.0	183.6

Source: Chapter 5, Part 1, Annex Table A5.2



অধ্যায়-৮

কোভিড-১৯ মোকাবেলায় তথ্য ও যোগাযোগ
প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা ও অর্জন

অধ্যায়-৮

কোভিড-১৯ মোকাবেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা ও অর্জন

কোভিড-১৯ মোকাবেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা ও অর্জন

মহামারীর ইতিহাস নতুন নয়; প্রাগৈতিহাসিক কাল থেকে সময়ে সময়ে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। তাতে বহু মানুষের মৃত্যুও ঘটেছে। ম্যালেরিয়া, যক্ষা, কুষ্ঠব্যাদি কিংবা ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাবের জন্য তৎকালীন বিজ্ঞানীগণ পরিবেশের বিপর্যয়কে দায়ী করতেন। স্মরণাতীতকালে হংকং ফ্লু, (২০০৯-২০১০), সার্স (২০০২-২০০৩), সোয়াইন ফ্লু (২০০৯-১০), ইবোলা (২০১৪-২০১৬), মার্স (২০১৫-২০১৭) ও কোভিড-১৯ (২০১৯-চলমান) যেসব ভাইরাসের প্রাদুর্ভাব দেখা গিয়েছে তা প্রাণী থেকে মানবকূলে সংক্রমিত হয়ে মহামারী আকারে রূপ ধারণ করে লাখ লাখ মানুষের প্রাণ কেড়ে নিয়েছে।


করোনা ভাইরাস সমগোত্রীয় ভাইরাসের একটি বড় পরিবার, যেগুলি সাধারণ সর্দিজ্বর থেকে শুরু করে মিডল ইস্ট রেসপিরেটরি সিন্ড্রোম (মার্স) ও সিভিয়ার অ্যাকিউট রেস্পিরেটরি সিন্ড্রোমের (সার্স) মতো মারাত্মক রোগ সৃষ্টি করে। ২০১৯ সালে চীনের উহান প্রদেশে একটি নতুন করোনা ভাইরাস (কোভিড-১৯) সনাক্ত করা হয়েছিল। এটি একটি নতুন করোনা ভাইরাস যা আগে কখনো মানুষের মধ্যে দেখা যায়নি।

The pandemic presents both an enormous challenge and tremendous opportunities for reaching the 2030 Agenda and the Sustainable Development Goals (SDGs). According to socio-economic assessments of UNDP, based on findings from more than 70 countries and five regional reports, show that while most developing countries are in the early stages of the pandemic, they are already dealing with its negative effects.



প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান গ্রহণ করেন (রোববার, ১০ মে ২০২০)। -পিআইডি

Figure: Some of the main impacts of COVID-19 on the Sustainable Development Goals.



(Source: 'COVID-19 and the UN Sustainable Development Goals: Threat to Solidarity or an Opportunity?', July 2020)

Scientists have warned for years that unrestricted deforestation, the illegal wildlife trade, and diseases that cross from animals to humans would unleash an uncontrollable pandemic. That's why investing in green economies is crucial to restore the balance between people and planet and help countries recover. Like a double helix, the SDGs and the COVID-19 pandemic response are intertwined and cannot be tackled by a piecemeal approach.

COVID-19, as a pandemic, is impacting institutions around the world. Its scope and economic dimensions also mean that it poses a major threat towards achieving the UN Sustainable Development Goals (SDGs). Due to its wide scope and areas of influence, COVID-19 may also jeopardize the process of the implementation of the SDGs. It sends a cautious warning about the need to continue to put an emphasis on the implementation of the SDGs, so that the progress achieved to date is not endangered. In order to better understand the unfolding economic and social impacts of COVID-19, including the impacts on the SDGs, and potential strategic responses, a critical, evidence-based assessment was performed in ICT Division.

৮.১ পোস্ট কোভিড-১৯ জাতীয় আইসিটি রোডম্যাপ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ:

৮.১.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বিজনেস কন্টিনিউটি প্ল্যান

দেশে করোনার রোগী সনাক্ত হওয়ার পরই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ অফিসের গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখার জন্য বিজনেস কন্টিনিউটি প্ল্যান প্রণয়ন করা হয়। মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সিনিয়র সচিব, বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা ২৪ ঘণ্টা অনলাইনে যুক্ত থেকেছেন ও আছেন। মন্ত্রণালয়ের প্রতিটি সংস্থা, প্রকল্পের কর্মীরা যে যার বাড়িতে বসে নিরাপদে কাজ করে যাচ্ছেন। মাননীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী মহোদয় করোনাকালে ৫টি গুরুত্বপূর্ণ সার্ভিস চালু রাখার জন্য অতি জরুরি ভিত্তিতে ৫টি বিজনেস কন্টিনিউটি প্ল্যান প্রণয়নের প্রস্তাব দেন। ২১ মার্চ করোনা ভাইরাস মোকাবেলায় সেবা গ্রহীতার কাছে সহজে সেবা নিশ্চিত করার লক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রী ৫টি বিষয়ে বিজনেস কন্টিনিউটি প্ল্যান প্রস্তুত করার জন্য ভিডিও কনফারেন্সের মাধ্যমে কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করেন। গত ২৩ মার্চ প্রযুক্তির ব্যবহার করে গুরুত্বপূর্ণ সেবা চালু রাখার নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনকৃত ৫টি বিষয়ের বিজনেস কন্টিনিউটি প্ল্যান সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবকে ই-নথি ও ই-মেইলের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়।

করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলায় প্রযুক্তি ব্যবহার করে গুরুত্বপূর্ণ সেবা চালু রাখার ০৫টি কর্মপরিকল্পনা (Business Continuity Plan) বাস্তবায়ন:

- ক) নিরবচ্ছিন্ন নিরাপদ নেটওয়ার্ক
- খ) ঘরে বসেই স্বাস্থ্যসেবা
- গ) ঘরে বসেই শিক্ষা
- ঘ) ঘরে বসেই নিরবচ্ছিন্ন সরবরাহ
- ঙ) ঘরে বসেই বিনোদন

৮.১.২ পোস্ট কোভিড-১৯ জাতীয় আইসিটি রোডম্যাপ:

২০১৯ সালের ৩১ ডিসেম্বর সর্বপ্রথম সনাক্ত হওয়ার পর করোনা ভাইরাসে বিশ্বে এখন পর্যন্ত প্রায় ৮ কোটি ৪৫ লক্ষ মানুষ আক্রান্ত হয়েছে এবং মৃতের সংখ্যা আঠারো লক্ষ ৪৮ হাজার। আমাদের দেশেও আক্রান্তের সংখ্যা প্রায় ৩২ লক্ষ ৮৬ হাজার ৮৮৫ এবং মারা গেছে ৭ হাজার ৬৭০ জন (WHO Covid-19 Dashboard, Dated- 06/01/2021)। বৈশ্বিক এই মহামারী মানুষের দৈনন্দিন জীবনসহ পুরো বিশ্বেরই অর্থনীতি, সামাজিক ও স্বাস্থ্য খাতে রেখে যাচ্ছে নেতিবাচক প্রভাব। উদ্ভূত এই পরিস্থিতিতে তথ্যপ্রযুক্তি ব্যবহারে মাধ্যমে দেশের বিভিন্ন কর্মকাণ্ড এবং মানুষের স্বাভাবিক জীবনযাত্রাকে সচল রাখতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে আইসিটি বিভাগ।

কোভিড-১৯ পরবর্তী সময়ে দেশের তথ্যপ্রযুক্তি খাতের রূপরেখা নির্ধারণে তৈরি করা হয়েছে কোভিড-১৯ জাতীয় আইসিটি রোডম্যাপ (কৌশলপত্র)। তথ্যপ্রযুক্তি খাত হতে ২০২৫ সালের মধ্যে ৫ বিলিয়ন ডলার রপ্তানি আয় অর্জনের কৌশলপত্র প্রণয়নের কাজ চলছে। করোনার প্রভাবে এই লক্ষ্যমাত্রা অর্জন যেন ব্যাহত না হয় এবং করোনা পরবর্তী সময়ে তথ্যপ্রযুক্তি খাত এই ক্ষতি কাটিয়ে ব্যবসা, শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে কার্যক্রম কিভাবে পরিচালনা করবে তা নিয়ে দিকনির্দেশনা প্রদানের জন্য তথ্যপ্রযুক্তি খাত সংশ্লিষ্ট এসোসিয়েশনদের সাথে আলোচনা করে কর্মপরিধি নির্ধারণ করা হয়েছে এই কৌশলপত্রে। করোনাকালীন সময়ে আইসিটি বিভাগ কর্তৃক রোডম্যাপ অনুযায়ী গৃহীত কার্যক্রমসমূহ নিম্নে তুলে ধরা হলঃ

◆ কোভিড ১৯ ট্র্যাকার

এই সেবার মাধ্যমে করোনা ভাইরাসের সংক্রমণ বিষয়ক তথ্য সংগ্রহ করা হয় এবং সেই তথ্য ম্যাপ/সারণী আকারে দেখায়। তথ্য ও উপাত্ত নির্দিষ্ট সময় পরপর স্বয়ংক্রিয়ভাবে সংগ্রহ ও হালনাগাদ করা যায়, যাতে কোন ধরনের manual intervention প্রয়োজন হয় না। গত ২০ এপ্রিল ২০২০ তারিখে এটি উদ্বোধন করা হয়। এ পর্যন্ত ট্র্যাকারের ওয়েবসাইটে ৮,২০,০০০+ বার ভিজিট করা হয়েছে এবং সামাজিক মাধ্যমে ১৪,০০০+ বার শেয়ার করা হয়েছে।

◆ Central Aid Management System (CAMS)

মাননীয় প্রধানমন্ত্রী বিশ্বব্যাপী করোনা ভাইরাস প্রাদুর্ভাবের চলমান পরিস্থিতিতে তথ্যপ্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের জনগণের মাঝে মানবিক সহায়তা বিতরণ কার্যক্রম ব্যবস্থাপনায় দ্রুততা, স্বচ্ছতা, জবাবদিহি ও কার্যকর সমন্বয় নিশ্চিতকরণের নির্দেশনা দিয়েছিলেন। এরই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি

মহোদয়ের নির্দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক তৈরিকৃত Central Aid Management System (CAMS) সফটওয়্যারটি খাদ্য মন্ত্রণালয়ের খাদ্যবান্ধব কর্মসূচি ব্যবস্থাপনায় পাইলটিং হিসেবে “টাঙ্গাইল” জেলায় ব্যবহার করে ওএমএস এর চাল বিতরণ করা হয়। পরবর্তীতে উপকারভোগীর তথ্য সংগ্রহ করে মোবাইল ব্যাংকিং পরিষেবার মাধ্যমে ইতোমধ্যে ৩৫ লক্ষ পরিবারের মাঝে নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে এবং এ ক্ষেত্রে নগদ অর্থ প্রেরণে ডিজিটাল ব্যবস্থাপনা ব্যবহার করায় বাংলাদেশ সরকারের ৩৫৬ কোটি টাকা সাশ্রয় হয়েছে। (সূত্র – Daily Star, ১২ অক্টোবর ২০২০ খ্রিঃ)



◆ করোনা বিষয়ক পোর্টাল ও মোবাইল অ্যাপ

কোভিড-১৯ প্রাদুর্ভাবের শুরুতেই নাগরিকদের জন্য করোনা ভাইরাস সংক্রান্ত যে কোনো প্রয়োজনীয় পরামর্শ, করোনা সম্পর্কিত সকল সেবার তথ্য এবং সাম্প্রতিক করার জন্য করোনা পোর্টাল (www.corona.gov.bd) চালু করা হয়েছে। এতে রয়েছে করোনা বিষয়ক অগ্রগতি এবং নির্দেশনা, ম্যাপে জেলাভিত্তিক করোনা হট জোন, এআই ভিত্তিক ‘চ্যাট বট’ এবং হটলাইন, স্বাস্থ্য বাতায়ন, আইইডিসিআর-এর হেল্পলাইনসহ জাতীয় কলসেন্টারের সকল তথ্য ও ১২৯৬ এর অধিক কন্টেন্ট। এখন পর্যন্ত নাগরিকগণ ১ কোটি ১৪ লক্ষের অধিক বার তথ্যের জন্য এই পোর্টালে ভিজিট করেছেন।



বাংলাদেশের করোনা ডাটাবেস আপডেট			
নতুন আক্রান্ত	মৃত্যু	সুস্থ	পরীক্ষা
২৪ ঘণ্টা	২৪ ঘণ্টা	২৪ ঘণ্টা	২৪ ঘণ্টা
মোট	মোট	মোট	মোট
সেখানেই রিপোর্টকৃত হতে ইচ্ছুক	২৫	৬০৯২	
		১৬২৩	৩৩৯৭৬৮
			১৪০৪২
			২৪৫৬৬৪৪

করোনা ভাইরাসের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করতে গত ২০ এপ্রিল বাংলা ভাষায় গ্রাফিক্সসহ মানচিত্রভিত্তিক “কোভিড-১৯ ট্র্যাকার” (covid19tracker.gov.bd) তৈরি করেছে আইসিটি বিভাগ। এর মাধ্যমে ঘাতক এই ভাইরাসটি দেশজুড়ে কিভাবে ছড়াচ্ছে প্রতিমুহূর্তে এর হালনাগাদ তথ্যচিত্র প্রকাশ করা হচ্ছে। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের সহযোগিতায় এটুআই মাঠ প্রশাসনের কোভিড-১৯ রিপোর্টিং সিস্টেমের জন্য একটি ড্যাশবোর্ড তৈরি করেছে। যার মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ মাঠ প্রশাসনে প্রয়োজনীয় স্বাস্থ্য পরিষেবা কার্যক্রমে এবং ত্রাণ বরাদ্দ ও বিতরণ কার্যক্রমের সমন্বয় করছে।

সম্ভাব্য করোনা আক্রান্তের তথ্য প্রদানের ব্যবস্থা এবং ঘরে বসে নিজেই নিজের করোনা ঝুঁকি যাচাইকরণে তৈরি করা হয়েছে ‘করোনা বিডি’ অ্যাপ। উক্ত অ্যাপটি ইতোমধ্যে ১ লক্ষের অধিক নাগরিক ডাউনলোড করেছেন এবং এর মাধ্যমে সেবা গ্রহণ করছেন। এছাড়াও, করোনা আক্রান্ত রোগী এবং তাদের সংস্পর্শে আসা ব্যক্তিদের চিহ্নিতকরণে সহায়ক অ্যাপ হিসেবে কন্টাক্ট ট্র্যাসিং অ্যাপ তৈরি করা হয়েছে।

◆ ডিজিটাল ম্যাপিং ‘বাংলাদেশ চ্যালেঞ্জ’

‘বাংলাদেশ চ্যালেঞ্জ’ তরুণদের অংশগ্রহণে দেশব্যাপী পরিচালিত ডিজিটাল ম্যাপিং কার্যক্রম। এ ক্যাম্পেইনে প্রায় ৩১,০০০ রেজিস্ট্রেশনের মাধ্যমে এক লাখ ১০ হাজার লোকেশন গুগল ম্যাপ ও ওপেন স্ট্রিট ম্যাপে যুক্ত করা হয়েছে। এর মাধ্যমে ইতোমধ্যে ৫,০০০ হাসপাতাল, ১৬,০০০ ফার্মেসি এবং ২০,০০০ মুদি দোকান সন্নিবেশিত করার পাশাপাশি ৮৭০টি রাস্তা ম্যাপে যুক্ত হয়েছে।

◆ করোনা বিষয়ে সচেতনতামূলক প্রচার কার্যক্রম

বিভিন্ন সরকারি-বেসরকারি সহযোগী প্রতিষ্ঠানের মাধ্যমে করোনা সচেতনতায় হাটুটু, ফিকশনাল এবং এনিমেশন জাতীয় মোট ১,৬১৭টি কনটেন্ট প্রস্তুত করা হয়েছে। বাংলাদেশ টেলিভিশনসহ সোশ্যাল মিডিয়া, বিলবোর্ড ও অন্যান্য মাধ্যমে সচেতনতামূলক কনটেন্ট প্রচার কার্যক্রম চলমান রয়েছে। এর মাধ্যমে ইতোমধ্যে ১১.৫ কোটি নাগরিকের কাছে এই প্রচারণা পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। কনটেন্ট প্রচারের ক্ষেত্রে ইউএনডিপি বাংলাদেশ অফিস এবং ইউনিসেফ’সহ ৯০টির অধিক সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান বিভিন্নভাবে সহায়তা করছে। ‘করোনা হেল্পলাইন’ নিয়ে দু’টি বেসরকারি টেলিভিশনে ডাক্তারদের যুক্ত করে এপ্রিল মাস থেকে টেলিভিশন প্রোগ্রাম শুরু হয়েছে, যা এখনো চলমান রয়েছে।

◆ সহযোদ্ধাঃ প্লাজমা প্ল্যাটফর্ম

দেশের করোনা রোগীদের চিকিৎসায় প্লাজমা সংগ্রহ সহজ করার লক্ষ্যে আইসিটি বিভাগ স্বাস্থ্য সেবা অধিদপ্তরকে সাথে নিয়ে গত ০৯ জুন ‘সহযোদ্ধা’ প্লাজমা নেটওয়ার্ক প্ল্যাটফর্ম গড়ে তোলে। আগ্রহী প্লাজমা দাতা করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের সহায়তায় জন্য তৈরি এই ডিজিটাল প্লাজমা ব্যাংকে নিবন্ধন করতে পারবেন। যদি ডাক্তার প্লাজমা থেরাপি দেয়ার পরামর্শ দেন তাহলে আক্রান্ত রোগীর জন্য প্ল্যাটফর্মটিতে প্লাজমা খোঁজা এবং সংগ্রহ করার প্রয়োজনীয় সব সুবিধা থাকবে। আর এসবকিছু জানা যাবে “সহযোদ্ধার” অফিসিয়াল ওয়েবসাইট (www.shohojoddha.com) ভিজিট করে।

◆ ই-হেলথ, টেলিমেডিসিন সেবা এবং ৩৩৩ জাতীয় হেল্পলাইন

বর্তমানে করোনা বিষয়ক তথ্য সেবা, টেলিমেডিসিন সেবা, সুবিধাবঞ্চিতদের জন্য জরুরি খাদ্য সহায়তা, সেলফ করোনা টেস্টিংসহ অনেকগুলো নতুন সেবা যুক্ত হয়েছে ৩৩৩ জাতীয় হেল্পলাইনে। ৩৩৩-০ এ কল করে নাগরিকগণ করোনা ভাইরাসের এই ত্রাণশিকালীন সময়ে বন্যা-সৃষ্ট পরিস্থিতিতে তাঁদের করণীয় সম্পর্কে জানতে এবং বিভিন্ন সহযোগিতা পাচ্ছেন। এ পর্যন্ত ১ লক্ষ ৬৩ হাজারের অধিক নাগরিক বন্যা সংক্রান্ত বিভিন্ন তথ্যসেবা দেয়া হয়েছে। এছাড়াও ৩৩৩-০ নম্বরে ডায়াল করে নাগরিকগণ ত্রাণ সহযোগিতার জন্য আবেদন করতে পারেন এবং নাগরিক কর্তৃক প্রদত্ত ১ লক্ষ ১১ হাজারেরও অধিক ত্রাণ-বিষয়ক কল হতে যাচাই বাছাই করে ২,১০৪টি কল স্থানীয় প্রশাসনের নিকট প্রেরণ করা হয়েছে। ৩৩৩-১ হেল্পলাইন নম্বরে নাগরিকগণ হতে শুধুমাত্র করোনা সম্পর্কিত প্রায় ৩৯ লক্ষ কল গ্রহণ করা হয়েছে। এছাড়াও ৩৩৩-২ নম্বরে ডায়াল করে নাগরিকগণ ত্রাণ সহযোগিতার জন্য আবেদন করতে পারেন এবং নাগরিক কর্তৃক প্রদত্ত ১৮ লক্ষেরও অধিক ত্রাণ-বিষয়ক কল হতে যাচাই বাছাই করে ৪ লক্ষ ৭ হাজারেরও অধিক কল স্থানীয় প্রশাসনের নিকট প্রেরণ করা হয়েছে।

করোনা বিষয়ক তথ্য সেবা, টেলিমেডিসিন সেবা, সুবিধাবঞ্চিতদের জন্য জরুরি খাদ্য সহায়তা, সেলফ করোনা টেস্টিংসহ অনেকগুলো নতুন সেবা যুক্ত হয়েছে হেল্পলাইন ৩৩৩ নম্বরে। এই হেল্পলাইন নম্বরে শুধুমাত্র করোনা সম্পর্কিত এখন পর্যন্ত ৩৮.৯১ লক্ষেরও অধিক কল এসেছে। এছাড়াও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) এর উদ্যোগে এবং এটুআই-এর সহযোগিতায় কোভিড-১৯ মহামারীর প্রেক্ষিতে সৃষ্ট পরিস্থিতিতে সারাদেশের নাগরিকগণকে ভিডিও ও অডিও কলের মাধ্যমে যেকোনো চিকিৎসা বিষয়ক পরামর্শ প্রদানের জন্য বিএসএমএমইউ-এটুআই স্পেশালাইজড টেলি-হেলথ সেন্টার (০৯৬১১৬৭৭৭৭) চালু করা হয়েছে। এছাড়াও বাংলাদেশের কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় এটুআই, আইসিটি বিভাগের সহযোগিতায় স্বাস্থ্য অধিদপ্তর ই-হেলথ সার্ভিস কোঅর্ডিনেশন ইউনিট তৈরি করেছে। উক্ত ইউনিটের মাধ্যমে অদ্যাবধি ২ লক্ষ ১৬ হাজারেরও অধিক সেবা প্রদান করা হয়েছে।

সৌদি আরব এবং বাহরাইনে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের জরুরি স্বাস্থ্য পরামর্শ প্রদানে চালু করা হয়েছে ‘প্রবাস বন্ধু কল সেন্টার’। পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সহযোগিতায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েজ আনার্স কল্যাণ বোর্ড এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর এটুআই এই ‘প্রবাস বন্ধু কলসেন্টার’ পরিচালনা করছে।

◆ করোনা রোগী ও হটস্পট সনাক্তকরণে বিগ ডেটা

হেল্পলাইন ৩৩৩, ১৬২৬৩ এবং *৩৩৩২# এবং ২৫টি ওয়েব এবং মোবাইল অ্যাপের মাধ্যমে নাগরিকগণকে করোনা টেস্টিং সাপোর্ট প্রদান করা হচ্ছে। সন্দেহভাজনদের তালিকা হতে বিগ ডেটা এনালাইসিস-এর মাধ্যমে বাছাইকৃত প্রাথমিকভাবে ঝুঁকিপূর্ণ ১ লক্ষ ৮১ হাজারের অধিক নাগরিককে চিহ্নিত করা হয়েছে। পরবর্তীতে ডাক্তারের মাধ্যমে যাচাই-বাছাই করে উচ্চমাত্রায় ঝুঁকিপূর্ণ প্রায় ৫০ হাজার চিহ্নিত আক্রান্তদের তথ্য স্বাস্থ্য অধিদপ্তর ও আইইডিসিআরের নিকট প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, বর্তমানে এই ডেটাগুলো সিমুলেটিক সার্ভিলেন্স এর মাধ্যমে হটস্পট সনাক্তকরণের কাজে ব্যবহৃত হচ্ছে।

◆ চিকিৎসা সামগ্রী বিতরণে সহায়তা

আন্তর্জাতিক বাজারে সংকটকালীন সময়ে আইল্যাবের মাধ্যমে স্বাস্থ্যকর্মীদের নিকট দেশে তৈরিকৃত জরুরি সুরক্ষা সামগ্রী সরবরাহ করা হয়েছে। সরবরাহকৃত জরুরি সুরক্ষা সামগ্রীর মধ্যে রয়েছে ১৪,৯৩৪টি পিপিই, ৬৩,৯৪৫টি স্যানিটাইজার, ৯২,৮২৪টি মাস্ক, ১২৫,২৪৫টি হ্যান্ডগ্লাভস, ১৭,২৮৮টি হ্যান্ডওয়াশ এবং ১২,০৫০টি গগলস।

◆ করোনা চিকিৎসায় স্থানীয়ভাবে ভেন্টিলেটর উৎপাদন

কোভিড-১৯ চিকিৎসায় স্থানীয়ভাবে ভেন্টিলেটর উৎপাদনের মাধ্যমে বাংলাদেশ মেডিক্যাল যন্ত্রাংশ উৎপাদনকারী দেশের তালিকায় প্রবেশ করলো। ১৫ অক্টোবর ২০২০ তারিখে একটি ভেন্টিলেটর কুর্মিটোলা জেনারেল হাসপাতালে স্থাপন করা হয়েছে। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রভিত্তিক খ্যাতনামা মেডিকেল ইকুইপমেন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান মেডট্রনিকের পেটেন্ট, সোর্স কোড, ডিজাইন, হার্ডওয়্যার দিয়ে বাংলাদেশকে সহায়তা করছে। এছাড়াও, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহায়তায় ওয়ালটন, মাইওয়ান, মিনিস্টার ফ্রিজ, মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি ইত্যাদি প্রতিষ্ঠান দেশীয় ভেন্টিলেটর তৈরিতে কাজ করেছে।

◆ গবেষণা ও উন্নয়ন

একটি ভেন্টিলেটরের মাধ্যমে একই সময়ে কয়েকজন রোগীকে সেবা প্রদানের লক্ষ্যে আইসেফ নামক একটি মাল্টি-চ্যানেল ভেন্টিলেটর তৈরির গবেষণা ও উন্নয়ন কাজ চলমান রয়েছে। ইনোভেশন ল্যাব ও এমআইটি (যুক্তরাষ্ট্র) এর যৌথ উদ্যোগে “আই-সেফ” ভেন্টিলেটর তৈরির কাজ চলমান রয়েছে।

◆ ওয়াশেবল মাস্ক

করোনাকালীন সময়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা মোতাবেক এটুআই ইনোভেশন ল্যাব তিন লেয়ারবিশিষ্ট ওয়াশেবল মাস্ক নিয়ে গবেষণা ও উন্নয়ন কাজ করেছে।

◆ লেভেল-৩ সাপোর্ট পিপিই

করোনাকালীন সময়ে আন্তর্জাতিক মানদণ্ড লেভেল-৩ সাপোর্ট পিপিই (পার্সোনাল প্রটেস্টিভ ইকুইপমেন্ট) নিয়ে গবেষণা ও উন্নয়ন কাজ করছে। ইতোমধ্যে এ বিষয়ে ডিজিডিএ হতে অনুমোদন গ্রহণ করা হয়েছে। করোনা সংক্রমণ বৃদ্ধি পেলে লেভেল-৩ সাপোর্ট পিপিই সেবা প্রদানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সরবরাহ করা হবে।

◆ ‘ভলান্টিয়ার ডক্টরস পুল বিডি’ অ্যাপ

অনলাইনে স্বাস্থ্যসেবা দেওয়ার জন্য ‘ভলান্টিয়ার ডক্টরস পুল বিডি’ অ্যাপ তৈরি করা হয়েছে, যার মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসকগণ ৩৩৩ জাতীয় হেল্পলাইন-এর মাধ্যমে সেবা প্রদান করছেন। মুক্তপাঠে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসকগণ তাঁদের সুবিধামতো সময়ে এই অ্যাপে যুক্ত হয়ে সেবা প্রদান করে আসছেন। এখানে ইতোমধ্যে প্রায় ৪.৫ হাজার চিকিৎসক স্বাস্থ্য পরামর্শ প্রদানের জন্য যুক্ত হয়েছেন।

◆ ই-হেলথ সার্ভিস কোঅর্ডিনেশন ইউনিট

করোনা আক্রান্ত রোগীদের স্বাস্থ্যবিষয়ক পরামর্শ, রোগীর মেডিক্যাল অ্যাসেসমেন্ট, কাউন্সেলিং, ফলোআপ, কেয়ার গিভার কাউন্সেলিং, বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ দেওয়াসহ বিভিন্ন সহযোগিতামূলক সেবা যেমন- জরুরি ভিত্তিতে অ্যাম্বুলেন্স, হাসপাতালে ভর্তি, খাদ্য ও জরুরি ওষুধ সহায়তা, মরদেহ সংস্কার করাসহ বিভিন্ন বিষয়ে মানুষের আস্থা অর্জন করতে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যৌথভাবে কোভিড-১৯ টেলিহেলথ ইউনিট কাজ করে যাচ্ছে। গত ১৩ জুন ২০২০ তারিখ থেকে পরীক্ষামূলকভাবে শুরু হয়েছে এবং অদ্যাবধি ৫ লক্ষেরও অধিক রোগীকে সেবা প্রদান করা হয়েছে।

◆ মা টেলিহেলথ সার্ভিস

করোনাকালে গর্ভবতী ও মাতৃদুর্দমনকারী মা ও শিশুর সেবা পৌঁছে দিচ্ছে প্ল্যাটফর্মটি। মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ যৌথভাবে এ সেবা দিচ্ছে। ইতোমধ্যে মা ও শিশুদের ২ লক্ষ ৪০ হাজারেরও অধিক সেবা প্রদান করা হয়েছে।

◆ স্পেশালাইজড টেলি-হেলথ সেন্টার

করোনা পরিস্থিতিতে সাধারণ মানুষ স্বাভাবিক স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। এ প্রেক্ষিতে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কারিগরি সহযোগিতায় ভিডিও এবং অডিও কলের মাধ্যমে চিকিৎসা পরামর্শ প্রদানের জন্য স্পেশালাইজড টেলি-হেলথ সেন্টার (০৯৬১১৬৭৭৭৭) চালু করা হয়েছে। ইতোমধ্যেই ৮২ হাজারের বেশি নাগরিককে সেবা প্রদান করা হয়েছে।

◆ প্রবাস বন্ধু কলসেন্টার

সৌদি আরব এবং বাহরাইনে বসবাসরত প্রায় ২৪ লক্ষ প্রবাসী বাংলাদেশিকে জরুরি স্বাস্থ্য পরামর্শ প্রদানে চালু করা হয়েছে ‘প্রবাস বন্ধু কল সেন্টার’। ইতোমধ্যে ৭৮জন সৌদি প্রবাসী বাংলাদেশি ডাক্তার এ কল সেন্টারের মাধ্যমে চিকিৎসা পরামর্শ প্রদান করেছেন এবং ৩ হাজারের অধিক প্রবাসী নাগরিক এবং তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে।

◆ ভার্সুয়াল কোর্ট সিস্টেম

MyGov প্ল্যাটফর্মের বিভিন্ন সেবা যেমন: ই-নথি, একসেবা, মুক্তপাঠ প্রভৃতি উদ্যোগের সমন্বয়ে ভার্সুয়াল কোর্ট সিস্টেম (MyCourt) চালু করা হয়। ইতোমধ্যে ৮৭টি নিম্ন আদালতে এ কার্যক্রম শুরু হয়েছে। বাংলাদেশ বিচার বিভাগের জন্য তৈরিকৃত এই প্ল্যাটফর্মে একই সাথে শুনানি কার্যক্রম পরিচালনা করার জন্যেও একটি সুরক্ষিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম সংযুক্ত করা হয়েছে। প্রায় ৯,০০০ আইনজীবী এই প্ল্যাটফর্মে নিবন্ধিত হয়েছেন।

◆ শিক্ষার অগ্রযাত্রায় তথ্যপ্রযুক্তি

করোনা পরিস্থিতিতে শিক্ষা কার্যক্রমকে গতিশীল রাখতে আইসিটি বিভাগের সহযোগিতায় শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর উদ্যোগে প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা এবং ভোকেশনাল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য ডিজিটাল কনটেন্ট তৈরি করা হয়েছে, যা সংসদ টেলিভিশনের মাধ্যমে দেশব্যাপী সম্প্রচার করা শুরু হয়েছে। এখন পর্যন্ত, মোট অনলাইন ক্লাস প্রচারিত হয়েছে ৪,৮০০টি এবং এতে যুক্ত রয়েছেন ৪,২৭৮ জন শিক্ষক। এছাড়াও শিক্ষা সংশ্লিষ্ট প্রায় ২৫টির বেশি সহযোগী প্রতিষ্ঠানকে যুক্ত করে তৈরি করা হয়েছে ডিজিটাল কনটেন্ট শেয়ারিং প্ল্যাটফর্ম ‘এডুহাব’। শিক্ষা ক্ষেত্রের সমস্ত অংশীদার সংশ্লিষ্ট সকল ওয়েবসাইট এবং অ্যাপ এখানে যুক্ত করা হয়েছে।

ই-লার্নিং প্ল্যাটফর্ম ‘মুক্তপাঠে’ করোনা বিষয়ক ১০টি ই-লার্নিং কোর্স যুক্ত করা হয়েছে। এর মাধ্যমে ৪ লক্ষের বেশি প্রশিক্ষণার্থী অনলাইন কোর্সে অংশগ্রহণ করেছেন এবং ২ লক্ষের বেশি প্রশিক্ষণার্থী কোর্স সম্পন্ন করেছেন। ৬৩ হাজারের বেশি চিকিৎসক এখানে

থেকে কোর্স সম্পন্ন করেছেন এবং চিকিৎসা পেশার সাথে যুক্ত ৩৭ হাজারের বেশি শিক্ষার্থী প্রশিক্ষণ শেষে সনদ গ্রহণ করেছেন। কোর্সসমূহ স্বাস্থ্য অধিদপ্তর, ব্র্যাক, জিওন, হোপকিনস-বিএসএমএমইউ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট এবং এটুআই-এর সহায়তায় প্রস্তুতকৃত এবং পরিচালিত হচ্ছে।

◆ ‘ভার্চুয়াল ক্লাস’ প্ল্যাটফর্ম

বিশ্ববিদ্যালয় পর্যায়ের নিয়মিত শ্রেণি কার্যক্রম এবং সরকারি-বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ডিজিটাল মাধ্যমে কার্যকরী ও সহজ উপায়ে চলমান রাখতে ‘ভার্চুয়াল ক্লাস’ প্ল্যাটফর্ম (www.virtualclass.gov.bd) চালু করা হয়েছে। এই প্ল্যাটফর্মের মাধ্যমে লাইভ ক্লাস বা ট্রেনিং পরিচালনা, এডুকেশনাল কনটেন্ট ম্যানেজমেন্ট, মূল্যায়ন বা অ্যাসেসমেন্ট টুলস, মনিটরিং এবং সমন্বয় করার প্রযুক্তি যুক্ত থাকছে।

◆ একদেশ এবং একশপ

যাকাত কিংবা আর্থিক অনুদান নির্বাচিত সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে সহজে যেকোনো ব্যাংকিং চ্যানেলের সহযোগিতায় প্রদানের লক্ষ্যে চালু হয়েছে দেশের প্রথম ক্রাউডফান্ডিং প্ল্যাটফর্ম ‘একদেশ’। করোনা ভাইরাস সংক্রমণের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত দরিদ্র মানুষ ও ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে আর্থিক সহায়তা সহজলভ্য করতে প্রযুক্তিনির্ভর ‘একদেশ’ প্ল্যাটফর্মের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল ও ইসলামিক ফাউন্ডেশনসহ নির্বাচিত সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহে সারাদেশের বিভিন্ন শ্রেণি পেশার মানুষ যাকাত কিংবা ক্ষুদ্র ক্ষুদ্র আর্থিক অনুদান প্রদান করতে পারছেন।

এছাড়াও ৩৩৩-৫ নম্বরে কল করে নাগরিকগণ ফোনে নিত্যপণ্য সেবা পাবেন। এটুআই-এর একশপ-এর উদ্যোগে ৬৮টি ই-কমার্স ও লজিস্টিক কোম্পানি, ই-ক্যাভ, ঢাকা বিভাগীয় প্রশাসন এবং ব্যাংক-এর সমন্বয়ে একটি লজিস্টিক কো-অর্ডিনেশন ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে (অনলাইন)। এখন পর্যন্ত এই হেল্পলাইনে প্রায় ৪.৫৫ লক্ষেরও অধিক নিত্যপণ্যের অর্ডার এসেছে।

◆ ফুড ফর নেশন:

আইসিটি বিভাগের সার্বিক সহযোগিতায় গত ২৩ মে বাংলাদেশের প্রথম উন্মুক্ত কৃষিপণ্য প্ল্যাটফর্ম ফুড ফর নেশন (foodfornation.gov.bd) চালু করে কৃষি মন্ত্রণালয়। কৃষক, বাজারজাতকারী, আড়ৎদার, বিপণনকারী আর প্রাতিষ্ঠানিক ভোক্তা একই প্ল্যাটফর্মে পণ্যের দাম ও মান যাচাই করতে পারবেন। এর পাশাপাশি তারা সরাসরি বাণিজ্যিক যোগাযোগেরও সুযোগ পাবেন। দেশব্যাপী সহজ ও মোবাইলবান্ধব ইন্টারফেসের এ প্ল্যাটফর্মে ক্রেতা-বিক্রেতা রেজিস্ট্রেশন করে কৃষি জাতীয় সকল ভোগ্য ফসল বা সবজির ক্যাটাগরি নির্বাচন করে বিজ্ঞাপন দিতে পারবেন, কিনতে পারবেন। স্টার্টআপ বাংলাদেশের মাধ্যমে এখানে যুক্ত ক্রেতা-বিক্রেতার প্রোফাইলে দেওয়া মোবাইল নাম্বারে যোগাযোগ করে শাকসবজিসহ সকল কৃষিপণ্য কেনা বা এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে পারবেন। পণ্য ক্রয় করে মূল্য পরিশোধের ক্ষেত্রে ক্রেতা এবং বিক্রেতা তাদের সুবিধামতো মাধ্যম নির্বাচন করে লেনদেন করবেন। এই মার্কেটপ্লেসটি ব্যবহার করে ক্রয়-বিক্রয় বা বিজ্ঞাপন দেয়া যাবে বিনামূল্যে।

◆ হেলথ ফর ন্যাশন প্ল্যাটফর্ম

করোনা পরিস্থিতিতে লকডাউন ঘোষণার পরিপ্রেক্ষিতে দেশের স্বাস্থ্যসেবা নতুন এক ঝুঁকির মুখে পড়ে। বেশিরভাগ হাসপাতালে করোনা আতঙ্কে ডাক্তারদের জন্য রোগী দেখা এবং রোগীর জন্য ডাক্তারের নিকট যাওয়া দুটোই প্রায় অসম্ভব হয়ে পড়ে। এমতাবস্থায় অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে স্বাস্থ্য সেবাদানকারী স্টার্টআপ কোম্পানি, হাসপাতাল, বেসরকারি উন্নয়ন সংস্থা এবং অন্যান্য আনুষঙ্গিক প্রতিষ্ঠানের জন্য প্রকল্প হতে সরকারি ব্যবস্থাপনায় ‘হেলথ ফর ন্যাশন’ নামে একটি কেন্দ্রীয় অনলাইন প্ল্যাটফর্ম তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়।

◆ করোনা পরিস্থিতিতে গবেষণা কার্যক্রম

কোভিড পরবর্তী চাকরির বাজার ও দক্ষতা বিষয়ক একটি গবেষণা করা হয়েছে। উক্ত গবেষণার উদ্দেশ্য হলো কোন খাতে কত মানুষ চাকরি হারাতে তা চিহ্নিত করা, কোভিড পরবর্তী চাকরির বিভিন্ন ক্ষেত্র চিহ্নিত করা, কোভিড পরবর্তী পেশার ধরন চিহ্নিত করা এবং দক্ষতা উন্নয়নের মাধ্যমে সম্ভাবনাময় নতুন খাতের বিকাশে নীতি-নির্ধারণী অবদান রাখা। এছাড়াও আরও কিছু গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সেগুলো হলো: ক্ষতিগ্রস্ত জনগণের জীবনে করোনার সামগ্রিক প্রভাব নির্ধারণে ‘র্যাপিড ইমপ্যাক্ট স্টাডি’, বাংলাদেশের কর্মক্ষেত্রে কোভিড-১৯ এর প্রভাব মূল্যায়নের জন্য একটি কুইক ইমপ্যাক্ট এসেসমেন্ট, প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনে কোভিড-১৯ এর প্রভাব নির্ধারণ জন্য একটি ‘র্যাপিড এসেসমেন্ট’, সকল ইউডিসি উদ্যোক্তাদের জীবনে কোভিড-১৯ এর অর্থনৈতিক প্রভাব নির্ধারণে একটি সমীক্ষা এবং কোভিড-১৯ এর সামগ্রিক প্রভাব নির্ধারণের জন্য দীর্ঘমেয়াদি গবেষণা।

◆ কল ফর নেশন

বর্তমান ও ভবিষ্যতের জাতীয় সংকট মোকাবেলায় আইসিটি বিভাগের উদ্যোগে “কল ফর নেশন” নামে গত ৩০ মার্চ একটি প্ল্যাটফর্ম তৈরি করা হয়। প্ল্যাটফর্মের আওতায় ‘কোভিড-১৯’ প্রতিরোধে প্রযুক্তিগত সমাধান খুঁজে বের করতে অনলাইন প্রতিযোগিতা আহ্বান

করা হয়। দেশের তরুণ বিজ্ঞানী, উদ্যোক্তা, উদ্ভাবক, সফটওয়্যার ইঞ্জিনিয়ারদের জমা দেয়া ৬৮১টি প্রকল্প থেকে ন্যাশনাল জুরিদের যাচাইবাছাই শেষে ৮ জুন সিজন-১ এর গ্র্যান্ড ফিনাল অনুষ্ঠানে ৬টি ক্যাটাগরিতে ৬টি প্রকল্পকে বিজয়ী ঘোষণা করা হয় এবং সর্বমোট ৩৬টি পুরস্কার ঘোষণা করা হয়।

◆ ভার্সুয়াল অফিস এবং ই-নথি

করোনাকালীন সময় শারীরিক দূরত্ব বজায় রেখে আইসিটি বিভাগ নিয়মিত দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, সভা, সেমিনার আয়োজন প্রভৃতি কর্মকাণ্ড সম্পন্ন করার লক্ষ্যে ব্যবহার করেছে জুমের মতো বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্ম। আইসিটি বিভাগসহ সকল সরকারি অফিসই এসময় ই-নথির মাধ্যমে তাদের দৈনন্দিন কার্যক্রম চালু রাখে। ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে এই সময়ে ৫৫০০ জন কর্মকর্তা/কর্মচারীকে অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ই-নথি বিষয়ক প্রশিক্ষণও প্রদান করা হয়।

◆ অনলাইন ইভেন্টস আয়োজন

করোনা পরিস্থিতিতে জনসমাগম নিষিদ্ধ হওয়ায় এবারের ডিজিটাল মেলা ২০২০ সারা দেশব্যাপী আয়োজন করা হয় অনলাইন প্ল্যাটফর্মে। এছাড়াও চট্টগ্রামভিত্তিক অনলাইন বিপিও ইভেন্টস ২০২০ আয়োজন করা হয় উদ্ভূত করোনা পরিস্থিতিতে বিবেচনায় রেখে। অনলাইন প্ল্যাটফর্মে ৭টি প্রতিষ্ঠানের অংশগ্রহণে বিপিও শিল্পে ক্যারিয়ার গঠনের লক্ষ্যে সরাসরি ক্যারিয়ার কাউন্সেলিং সেশনও অনুষ্ঠিত হয়। আইসিটি বিষয়ক বিভিন্ন সভা, প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয় অনলাইন প্ল্যাটফর্মেই।

◆ করোনা সচেতনতায় প্রচার



আইসিটি বিভাগ এবং বিভিন্ন সরকারি-বেসরকারি সহযোগী প্রতিষ্ঠানের মাধ্যমে করোনা সচেতনতায় হাউটু, ফিকশনাল এবং এনিমেশন জাতীয় মোট ১,৬১৭টি কনটেন্ট প্রস্তুত করা হয়েছে। বাংলাদেশ টেলিভিশনসহ সোশ্যাল মিডিয়া, বিলবোর্ড ও অন্যান্য মাধ্যমে সচেতনতামূলক কনটেন্ট প্রচার কার্যক্রম চলমান রয়েছে। এর মাধ্যমে ইতোমধ্যে ১০.৫ কোটি নাগরিকের কাছে এই প্রচারণা পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। কনটেন্ট প্রচারের ক্ষেত্রে ইউএনডিপি বাংলাদেশ অফিস এবং ইউনিসেফ'সহ ৯০টির অধিক সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান বিভিন্নভাবে সহায়তা করছে। 'করোনা হেল্পলাইন' নিয়ে দু'টি বেসরকারি টেলিভিশনে ডাক্তারদের যুক্ত করে এপ্রিল মাস থেকে টেলিভিশন প্রোগ্রাম শুরু হয়েছে, যা এখনো চলমান রয়েছে।

◆ ন্যাশনাল কোভিড-১৯ ইন্টেলিজেন্স ড্যাশবোর্ড

সর্বস্তরের নীতি নির্ধারকবর্গের সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে কোভিড-১৯ ডেটাসমূহের তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে ৩টি ড্যাশবোর্ড তৈরি করা হয়েছে-

১. জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে এবং সার্বিক পরিস্থিতি পর্যালোচনার জন্য জাতীয় ড্যাশবোর্ড
২. স্বাস্থ্যসেবায় নিয়োজিত কর্মকর্তাবৃন্দের ব্যবহারের জন্য ন্যাশনাল ড্যাশবোর্ড
৩. অ্যাডমিনিস্ট্রেশন ও কেবিনেট পর্যায়ে ব্যবহারের জন্য ন্যাশনাল ড্যাশবোর্ড

ড্যাশবোর্ডগুলোর প্রাথমিক ব্যবহারকারীরা হলেন ডিজিএইচএস এবং আইইডিসিআর-এর কর্মকর্তা কর্মচারীবৃন্দ। এ ড্যাশবোর্ডগুলো মাঠ পর্যায়ের হেলথ অফিসার এবং জেলা পর্যায়ের সিভিল সার্জনদের স্বাস্থ্য সম্পর্কিত পরিষেবাগুলোর সমন্বয়যোগী পদক্ষেপ নিতে সহায়তা করে। ড্যাশবোর্ডগুলোর মাধ্যমে বিভিন্ন তথ্য-উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে মহামারীটির অবস্থান সম্পর্কে ধারণা দেওয়া হয় এবং সে প্রেক্ষিতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়। ড্যাশবোর্ডে সারাদেশের আলোকে, বিভাগের ভিত্তিতে, জেলার ভিত্তিতে দৈনিক কোভিড-১৯-এ আক্রান্ত ব্যক্তির সংখ্যা, সংক্রমণের হার, উচ্চ ঝুঁকি অঞ্চলসমূহ পর্যবেক্ষণ করা হয়, বয়সভিত্তিক আক্রান্ত ও মৃত্যু সংখ্যার তুলনা, কোভিড হাসপাতালসমূহের ধারণ ক্ষমতা ও ব্যবহার ইত্যাদি তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে নীতি প্রণয়ন নীতি নির্ধারকগণকে সহায়তা করা হয়।



চিত্র ১.১: অ্যাডমিনিস্ট্রেশন ও কেবিনেট পর্যায়ে ব্যবহারের জন্য ন্যাশনাল ড্যাশবোর্ড

◆ **বেসরকারি টেলিভিশনে করোনা হেল্পলাইন সম্প্রচার**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডাক্তারদের যুক্ত করে এপ্রিল মাস থেকে ‘একাত্তর টেলিভিশন’ এবং ‘আরটিভি’-তে করোনা হেল্পলাইন প্রোগ্রাম নিয়মিত প্রচার হচ্ছে। এর মাধ্যমে সরাসরি নাগরিকদের যুক্ত করে ২০০ এর অধিক পর্ব প্রচারিত হয়েছে এবং ৫ কোটির অধিক নাগরিকদের কাছে করোনা সম্পর্কিত তথ্য ও পরামর্শ পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে।


◆ **নারী নির্যাতন হ্রাসে সচেতনতামূলক টেলিভিশন প্রোগ্রাম**


কোভিড পরিস্থিতিতে বিশ্বব্যাপী নারী নির্যাতন ব্যাপক হারে বেড়েছে। এ প্রেক্ষিতে বিশেষ করে নারীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, নির্যাতনরোধে সকল নাগরিকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং করোনা পরিস্থিতিতে নারীদের অবদানকে উৎসাহিত করতে ‘নারী নক্ষত্র’ শীর্ষক একটি ভিন্নধর্মী টেলিভিশন সিরিজ প্রোগ্রাম শুরু হয়েছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বেসরকারি টেলিভিশন চ্যানেল-আরটিভি, একটি বেসরকারি প্রতিষ্ঠান-এসএমসি এর সার্বিক তত্ত্বাবধানে ইতোমধ্যে ১৩টি পর্ব প্রচারিত হয়েছে এবং নাগরিকগণ ৫.৫ কোটিরও অধিকবার দেখেছেন।

করোনা ভাইরাস মোকাবেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা যেমনঃ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি, এটুআই প্রকল্প, আইডিয়া প্রকল্প, মোবাইল গেইম ও অ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রকল্প এবং লিভারেজিং আইসিটি প্রকল্প নিরলসভাবে করে যাচ্ছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সরকারে গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগ যেমন মন্ত্রিপরিষদ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, স্থানীয় সরকার বিভাগ এর সাথে সমন্বয় করে কাজ করে চলেছে।

চিত্র: ১.২: স্বাস্থ্যসেবায় নিয়োজিত কর্মকর্তাবৃন্দের ব্যবহারের জন্য ন্যাশনাল ড্যাশবোর্ড





অধ্যায়-৯

উপসংহার



এসডিজি অর্জন করতে হলে আরও প্রয়োজন এর স্থানীয়করণ। স্থানীয়করণ হলো এমন একটি পদ্ধতি, যার মাধ্যমে সব অংশীজন ক্ষমতায়িত হয়, যাতে টেকসই উন্নয়ন প্রচেষ্টা স্থানীয় প্রয়োজন ও আকাঙ্ক্ষার প্রতি আরও সংবেদনশীল ও প্রাসঙ্গিক হয়। স্থানীয়করণের অর্থ শুধু স্থানীয় স্বার্থ সংশ্লিষ্টদের মাধ্যমে শুধু স্থানীয়ভাবে বাস্তবায়নই নয় বরং এসডিজি অর্জনের লক্ষ্যে অংশগ্রহণ ও পরামর্শ গ্রহণমূলক প্রক্রিয়ায় প্রয়োজনীয় কৌশল প্রণয়ন (www.localizingsdgs.org) এ জন্যই এসডিজি-১৬তে শক্তিশালী প্রতিষ্ঠান ও অন্তর্ভুক্তিমূলক সিদ্ধান্ত গ্রহণের ওপর জোর দেওয়া হয়েছে। বাংলাদেশের অপ্রতিরোধ্য অগ্রযাত্রার পাশাপাশি এসডিজি সূচকের লক্ষ্যমাত্রা অর্জন করতে গেলে কিছু প্রতিবন্ধকতা যেমন আছে তেমনি এসডিজির যুগে বাংলাদেশকে তার উন্নয়ন অগ্রযাত্রা ধরে রাখতে হলে আগামী দিনে বহু পরিবর্তন ও সংস্কার করতে হবে।

৯.১ প্রতিবন্ধকতাসমূহ (Challenges):

এমডিজির সব লক্ষ্য অর্জনে সফলতা দেখানোর মাধ্যমে বাংলাদেশ সারা বিশ্বকে অবাক করে দিয়েছিল। তাই জাতিসংঘের ২০১৩ সালের প্রতিবেদনে এমডিজি অর্জনে সফল ১৮টি দেশের তালিকায় জায়গা করে নিয়েছিল বাংলাদেশ। কিন্তু এমডিজি থেকে এসডিজির পরিসর অনেক বড়। বাংলাদেশ এমডিজি অর্জনে সাফল্য দেখিয়েছে। সবাই পরিকল্পিতভাবে কাজ করলে এসডিজি অর্জনও সম্ভব হবে। তবে এত বিশাল কাজ সম্পন্ন করতে হলে রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায় থেকে শুরু করে স্থানীয় পর্যায় পর্যন্ত সমন্বিত ভাবে কাজ করতে হবে। এসডিজি লক্ষ্যপূরণ একই সঙ্গে বাংলাদেশের জন্য সম্ভাবনার দ্বার যেমন উন্মোচিত করেছে, ঠিক তেমনি কিছু চ্যালেঞ্জও হাজির করেছে। যেমন-

- তথ্য উপাত্তের প্রাপ্যতা ও সমন্বয়যোগ্য তথ্যপ্রাপ্তি অন্যতম। এসডিজি অগ্রগতি বাস্তবায়নে ফলোআপ-এর অংশ হিসেবে, পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য নির্ভরযোগ্য ও সমন্বয়যোগ্য তথ্য-উপাত্তের বিকল্প নেই। তথ্য সংক্রান্ত সমস্যা এবং জাতীয় পরিসংখ্যান সংস্থাগুলির সক্ষমতা ও কার্যকর পদক্ষেপ গ্রহণ এসডিজি অগ্রগতি বাস্তবায়নে একটি বড় চ্যালেঞ্জ (Data-related Issues and Capacity of the National Statistical Agencies)

বাংলাদেশে এসডিজি বাস্তবায়নের জন্য আর একটি বড় চ্যালেঞ্জ হলো প্রয়োজনীয় তথ্য-উপাত্ত না থাকা। দেখা গেছে যে, টেকসই উন্নয়ন অভীষ্ট এর ২৩২টি সূচকের মধ্যে ১১০টি (৪৭.৪%) সূচকের কোনো তথ্য-উপাত্ত নেই। কার্যকর পরিবীক্ষণ ও অগ্রগতি মূল্যায়নের জন্য প্রয়োজনীয় উপাত্ত সরবরাহের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অগ্রণী ভূমিকা রাখতে হবে। একই সাথে মতামতভিত্তিক জরিপের মাধ্যমে যে উপাত্ত তৈরি করতে হবে তা সরবরাহ করার ক্ষেত্রে বেসরকারি প্রতিষ্ঠানের সক্ষমতাকেও কাজে লাগানোর সুযোগ রয়েছে। এক্ষেত্রে সরকারি এবং বেসরকারি উভয় পক্ষের মধ্যকার বিশ্বাসের ভিত্তি দৃঢ় করতে হবে।

- এসডিজি বাস্তবায়নের জন্য ব্যবস্থাপনা, সমন্বয় ও নেতৃত্ব (Management, Co-ordination and Leadership for SDG Implementation)

সরকার তার সর্বোচ্চ পর্যায়ের প্রতিশ্রুতির অংশ হিসেবে নভেম্বর ২০১৫ তে টেকসই উন্নয়ন অভীষ্ট পর্যবেক্ষণ ও বাস্তবায়নের জন্য একটি “আন্তঃমন্ত্রণালয় কমিটি” গঠন করেন। পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) টেকসই উন্নয়ন অভীষ্টের লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগসমূহের একটি ম্যাপিং করা হয়েছে। ম্যাপিং অনুযায়ী টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত প্রধান মন্ত্রণালয় / বিভাগসমূহ হচ্ছে: স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, আইন প্রণয়ন ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, জনপ্রশাসন মন্ত্রণালয়, সাধারণ অর্থনীতি বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং তথ্য মন্ত্রণালয়। এ সকল মন্ত্রণালয় / বিভাগের কাজের মধ্যে সমন্বয় সাধন করাই হবে এখন অন্যতম বড় চ্যালেঞ্জ।

- অর্থায়ন এবং পদ্ধতিগত সমস্যাসহ বাস্তবায়নের অন্যান্য উপায় (Financing and other Means of Implementation Including Systemic Issues)

এসডিজি বাস্তবায়নের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হবে অর্থায়ন। এসডিজি বাস্তবায়নে অনেক অর্থ প্রয়োজন। সামাজিক খাতে ও অবকাঠামো উন্নয়নে ব্যাপক অর্থ ব্যয় করতে হবে। শুধু দাতাদের অর্থের উপর নির্ভর করে লক্ষ্য অর্জিত হবে না। অভ্যন্তরীণ সম্পদের জোগান বাড়তে হবে। বেসরকারি খাতকে এ কাজে যুক্ত করতে হবে। ২০৩০ সালের মধ্যে এসডিজির জন্য বাংলাদেশের অতিরিক্ত প্রয়োজন হবে ৯২ হাজার ৮৪৮ কোটি মার্কিন ডলার বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ প্রায় ৭৪ লাখ ২৭ হাজার ৮৪০ কোটি টাকা। এজেন্ডা ২০৩০- এর মতো একটি সামগ্রিক, জটিল এবং সর্বব্যাপ্ত উন্নয়ন এজেন্ডা বাস্তবায়নের জন্য অতিরিক্ত অর্থের সংস্থান করতে হবে।

- ♦ জাতীয় পরিকল্পনা এবং নীতি প্রক্রিয়ার সাথে এসডিজি বাস্তবায়ন একীভূত করা (Aligning SDG Implementation with National Planning and Policy Processes)
- ♦ অংশীদারিত্ব এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থাসহ স্টেকহোল্ডারদের অংশগ্রহণ (Partnership and Stakeholder Participation Including Institutional Arrangements)

এসডিজি বাস্তবায়নের জন্য সরকারি খাতের পাশাপাশি বেসরকারি খাতকেও এর সাথে সম্পৃক্ত করতে হবে। পাশাপাশি ব্যক্তি খাত, এনজিও ও বিভিন্ন অংশীজনকেও (stakeholder) সম্পৃক্ত হতে হবে। আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা দৃঢ়করণ এবং কার্যকর অংশীদারিত্ব বিনির্মাণের পাশাপাশি সরকার, আন্তর্জাতিক এনজিও এবং দেশীয় এনজিওর মাধ্যমে এসডিজির স্থানীয়করণ ও বাস্তবায়ন জোরদার করতে হবে।

৯.২ উত্তরণের উপায় (Way Forward):

উপরোক্ত চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় SDG লক্ষ্যসমূহ অর্জনে আমাদের করণীয় :

ক) উপাত্তের প্রাপ্যতা ও সময়োপযোগী তথ্যপ্রাপ্তি অন্যতম বড় চ্যালেঞ্জ। এসডিজি অগ্রগতি বাস্তবায়নে ফলোআপ-এর অংশ হিসেবে, পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য নির্ভরযোগ্য ও সময়োপযোগী তথ্য-উপাত্তের বিকল্প নেই। কার্যকর পরিবীক্ষণ ও অগ্রগতি মূল্যায়নের জন্য প্রয়োজনীয় উপাত্ত সরবরাহের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অগ্রণী ভূমিকা রাখতে হবে।

খ) এসডিজি বাস্তবায়নে অর্থায়নের উৎস নির্ধারণ এবং সম্পদের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করা দরকার। রাষ্ট্রের অভ্যন্তরীণ সম্পদের প্রাপ্যতা বৃদ্ধি করতে হবে।

গ) আমাদের দেশে উন্নয়নশীল দেশগুলোর তুলনায় কর-জিডিপির হার খুব কম। সৃজনশীল দৃষ্টিভঙ্গির মাধ্যমে অর্থায়নের দেশজ নতুন উৎস খুঁজে বের করতে হবে। জনগণকে কর প্রদানে প্রয়োজনীয় উৎসাহ দান করার পাশাপাশি কর প্রদান সহজতর ও বামেলামুক্ত করতে হবে। অপ্রয়োজনীয় ভর্তুকি কমানোর কথা ভাবতে হবে। আর্থিক খাতে শৃঙ্খলা নিশ্চিত করতে হবে।

ঘ) ২০৩০ সালের মধ্যে এসডিজির বাস্তবায়ন সফলতা নির্ভর করছে জাতীয় এবং স্থানীয় পর্যায়ের পরিকল্পনাসমূহের কার্যকর বাস্তবায়নের উপর। স্থানীয় কর্তৃপক্ষ এই উন্নয়ন প্রক্রিয়ার মুখ্য ভূমিকা পালনকারী কর্তৃপক্ষ। স্থানীয় সরকারকে এসডিজি বাস্তবায়নে সংযুক্ত করা প্রয়োজন। এজেন্ডা ২০৩০-এর মতো একটি সামগ্রিক, জটিল এবং সর্বব্যাপ্ত উন্নয়ন এজেন্ডা বাস্তবায়নের জন্য অতিরিক্ত অর্থেরও সংস্থান করতে হবে।

ঙ) বাস্তবায়নে উপজেলা পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত সবাইকে একযোগে কাজ করতে হবে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) এসডিজি অ্যাকশন প্ল্যান সম্পর্কিত প্রকল্পের ৩০ শতাংশ পাবলিক প্রাইভেট পার্টনারশিপের (পিপিপি) আওতায় বাস্তবায়ন করতে হবে। মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের বাইরে ২০৩০ সালের মধ্যে এসডিজি এবং ভিশন-২০৪১ বাস্তবায়নে দক্ষ জনশক্তি তৈরি করতে হবে, যাতে তারা এসডিজি বাস্তবায়নে সক্ষম হন।

চ) এসডিজি বাস্তবায়নে আমাদের সরকারি প্রতিষ্ঠানগুলোর সেবা, বিশেষ করে প্রাথমিক স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক সেবা প্রদানে ব্যাপক দক্ষতা বাড়তে হবে।

ছ) মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে কারিগরি শিক্ষায় বিশেষ গুরুত্ব দেয়া প্রয়োজন। এছাড়া উন্নয়ন সহযোগী, এনজিও এবং বেসরকারি পর্যায়ের সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টা থাকতে হবে। নীতিগত সহায়তার পাশাপাশি বাজেট বরাদ্দের ক্ষেত্রে এসডিজির ১৭টি লক্ষ্যকে গুরুত্ব দিতে হবে। মন্ত্রণালয়, বিভাগ এবং সরকারি সংস্থাগুলোর মধ্যে স্বচ্ছতা, জবাবদিহিতা, আইনের সঠিক বাস্তবায়ন ইত্যাদি সঠিকভাবে হতে হবে।

জ) বৈষম্য দূরীকরণে কর্মসংস্থান সৃষ্টি করা, সময়মতো তথ্যপ্রাপ্তি, মানবসম্পদ উন্নয়ন, জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা, পরিবেশের ইকোসিস্টেম রক্ষা ও সরকারি প্রতিষ্ঠানের সঠিক সেবা নিশ্চিত করা এবং মানসম্মত অবকাঠামো নিশ্চিত করা।

বা) টেকসই উন্নয়নের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন, উদ্ভাবন এবং সক্ষমতার বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।

এ৩) জিডিপি প্রবৃদ্ধির ক্ষেত্রে পরিবহন একটি বড় সমস্যা। এক্ষেত্রে সড়ক, নৌ ও রেলপথ নিয়ে সমন্বিত পরিবহন ব্যবস্থা গড়ে তুলতে হবে এবং সড়ক নিরাপদ করতে হবে। সব ধরনের অবকাঠামো নির্মাণে মানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

ট) আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা দৃঢ়করণ এবং কার্যকর অংশীদারিত্ব বিনির্মাণের পাশাপাশি সরকার, আন্তর্জাতিক এনজিও এবং দেশীয় এনজিওর মাধ্যমে এসডিজির স্থানীয়করণ ও বাস্তবায়ন জোরদার করতে হবে।

ঠ) জ্ঞানভিত্তিক সমাজ গঠনে সকলের সম্মিলিত প্রচেষ্টার দরকার, বিশেষ করে উন্নয়ন সহযোগী ও বেসরকারি সংগঠনের শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তির উপর জোর দেওয়া দরকার।

এছাড়াও আরো কিছু বিষয়ে আলোকপাত করা প্রয়োজন, যা নিম্নরূপ:

- ◆ For ensuring effective localization of SDGs, a clear roadmap for localization of the 2030 Agenda through proper consultation with local government institutions should be prepared.
- ◆ SDGs implementation requires a multi-stakeholder approach involving private sector, NGOs, CSOs, Media and Major Group of Other Stakeholders. ICT Division has been working out how to enhance participation of all the stakeholders in its efforts to implement the SDGs.
- ◆ There are enormous challenges in collection, analysis, disaggregation, and dissemination of data. The country needs to build collaboration at bilateral, regional and global levels for capacity building and sharing of best practices.
- ◆ Localization of SDGs targets and indicators for contextualizing the 2030 Agenda appropriately with local development plans and strategies is of utmost importance and emphasized.
- ◆ Investment in human development and investment in research should be increased
- ◆ Capacity building programmes for ICTD personnel to enhance SDG understanding should be taken.
- ◆ IT/ITES is a new business sector in our country. Proper planning and implementation is needed to address the existing challenges to develop IT sector. A good number of projects have been proposed by ICT Division and its different organizations to achieve the targets of SDGs.

SDGs are all encompassing requiring huge resources for implementation. As Bangladesh is now enjoying 'Demographic Dividend', we need a big fund to expedite the proposed projects so that we may cover all with the same, safe and low cost ICT infrastructure as well as quality Human Resource Development initiatives. Traditional sources of funding are not going to be sufficient to implement the SDGs. We need to find innovative ways of financing from both the public and the private sectors, development partners and ensure effective and efficient ways for utilization.

আদ্যাক্ষর শব্দাবলী/Accronyme

ADB	Asian Development Bank
ADP	Annual Development Programme
AI	Artificial Intelligence
APA	Annual Performance Agreement
APAs	Annual Performance Agreements
a2i	Aspire to Innovate (Previous Name: Access to Information)
BASIS	Bangladesh Association of Software and Information Services
BACCO	BANGLADESH ASSOCIATION OF CALL CENTER & OUTSOURCING
BBS	Bangladesh Bureau of Statistics
BCC	Bangladesh Computer Council
BDCCL	Bangladesh Data Center Company Limited
BDF	Bangladesh Development Forum
BDT	Bangladesh Taka
BIDA	Bangladesh Investment Development Authority
BKMEA	Bangladesh Knitwear Manufacturers and Exporters Association
BNDA	Bangladesh National Digital Architecture
BPO	Business Process Outsourcing
BGD e-GoV	CIRT Bangladesh Government's e-Government Computer Incident Response Team
CCOAB	Cyber Cafe Owners Association of Bangladesh
CII	Critical Information Infrastructure
CSID	Center for Services and Information on Disability
DSA	Digital Security Agency
EPZs	Export Processing Zones
ERD	Economic Relations Division
ERP	Enterprise Resource Planning
FBCCI	Federation of Bangladesh Chambers of Commerce & Industries
FY	Financial Year
FYP	Five Year Plan
GED	General Economic Division
GITC	Global IT Challenge
GoB	Government of Bangladesh
GPEDC	Global Partnership for Effective Development Cooperation
HIES	Household Income and Expenditure Survey
ICPC	International Collegiate Programming Competition.
ICT	Information and Communication Technologies
ICTD	Information and Communication Technologies Division
iDEA	Innovation Design and Entrepreneurship Academy
IMF	International Monetary Fund
IoT	Internet of Things
ITEE	IT Engineers Examination.

LEDP	Learning and Earning Development Project
LICT	Leveraging ICT for Growth, Employment and Governance
MDG	Millennium Development Goal
M & E	Monitoring & Evaluation
MoFA	Ministry of Foreign Affairs
MoU	Memorandum of Understanding
NAP	National Action Plan
NCPC	National Collegiate Programming Competition
NDD	Neuro Developmental Disorder
NEET	Not in Education, Employment or Training
NGOs	Non-Government Organisations
NOC	Network Operation Center
NPA	National Plan of Action
NSSS	National Strategy for Social Protection
OCR	Optical Character Reader/Optical Character Recognition
ODA	Official Development Assistance
PMO	Prime Minister's Office
PPP	Public-Private Partnership
PPP	Purchasing Power Parity
PTD	Post and Telecommunication Division
R&D	Research and Development
RN	Regional Network
RTN	Research and Training Network
SASECIG	South Asia Sub-Regional Economic Cooperation Information Highway
SDG	Sustainable Development Goals
